Besides, DCCI as a commitment to continuous private sector friendly economic environment, has assessed the overall macroeconomic state and their implications on private sector biannually accordingly identified the current and likely challenges for economy and formulated the recommendations and policy suggestions. National Policy analysts, economists and researchers and policy makers of the government endorsed our economy friendly assessments, recommendations and considered our initiatives to some extent. Some of the key policy recommendations and issues placed to the highest policy makers of the country are noted below:

Policy Recommendations on Industrial Policy 2021

- Reconstitute the definition of SME and bring the medium category out of Cottage, Micro and Small and add to large category of Industries. It will ease the cottage, micro and small enterprises to get financial and policy benefits.
- To establish a National SME Cluster Development Authority that will foster the sector specific cluster to ensure more productivity and diversification.
- After the graduation, Bangladesh may lose duty and quota free access in different international markets. In order to sustain in the export market, government needs to initiate signing FTA or PTA with potential trading partners.

- চতুর্থ শিল্প বিপ্লবের কারণে আনুমানিক ৩৯ লক্ষ নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। এই সুযোগ গ্রহণের জন্য আমাদের কর্মক্ষম জনশক্তির দক্ষতা বৃদ্ধি ও পুণঃদক্ষ করে তুলতে হবে।
- একটি সুষম কর কাঠামো দেশে স্থানীয় ও বিদেশি বিনিয়োগ আকর্ষনে সহায়তা করবে। পণ্যের বহুমুখীকরণে ও গুণগত মানোন্নয়নে সরকারকে আধুনিক প্রযুক্তির ব্যবহার বাড়াতে হবে।
- দেশের ই-কমার্স বাণিজ্যের প্রসারে লজিস্টিক খাতকে শক্তিশালীকরণে সুনির্দিষ্ট নির্দেশিকা থাকা প্রয়োজন।
- বিশেষায়িত অর্থনৈতিক অঞ্চলে স্থাপিত আমদানি বিকল্প এসএমই খাতের জন্য আলাদা প্রণোদনা প্যাকেজ ঘোষণা করা যেতে পারে।
- কেন্দ্রীয় ব্যাংকের অধীনে একটি সংকট মোকাবেলা তহবিল গঠন করা যেতে পারে।
- শিল্পনীতি ২০২১ অবশ্যই বেজা, বিডা, এনবিআর, বেপজা ও বিসিক ও বাংলাদেশ ব্যাংক-এর নীতিমালার সাথে সংগতিপূর্ণ হতে হবে।
- শিল্পনীতি প্রণয়নের সময় কমপারেটিভ এডভানটেজ ফলোইং (সিএএফ) এবং কমপারেটিভ এডভানটেজ ডিফাইং (সিএডি) কৌশল যাতে করে অনুসরণ করা হয়।
- বিনিয়োগ সহায়ক পরিবেশ নিশ্চিতকল্পে জমি প্রাপ্তি, গ্যাস, পানি ও বিদ্যুৎ সংযোগের ব্যবস্থা দ্রুত বাস্তবায়ন করা প্রয়োজন।
- এলডিসি থেকে উত্তোরণ, অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনা, চতুর্থ শিল্প বিপ্লব, প্রযুক্তির সুবিধা গ্রহণ, টেকসই অর্থনৈতিক উন্নয়ন, গবেষণা ও উদ্ভাবনী কার্যক্রমের উন্নয়ন এবং ই-কমার্স খাতের মত গুরুত্বপূর্ণ বিষয়গুলো যাতে করে আসন্ন শিল্প নীতিতে জায়গা পায় সে বিষয়ে খেয়াল রাখতে হবে।
- এলডিসি উত্তোরণের চ্যালেঞ্জ মোকাবেলায় পণ্যের বহুমুখীকরণের উপর সর্বাধিক গুরুত্ব দিতে হবে।
- উদ্ভাবনী উদ্যোক্তাদের কথা বিবেচনা করে মেধাসম্পদ অধিকার আইন নিশ্চিত করতে হবে এবং এর উপর বিশেষ গুরুত্ব দিতে হবে।
- স্পেশাল পারপাস ভেহিক্যাল-এর আওতায় এসএমই খাতে দীর্ঘমেয়াদী অর্থায়নের জন্য বন্ড মার্কেট উন্নয়ন এবং মিউচুয়াল ফান্ড গঠনে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে।

হালাল সনদায়ন ২০২০-এর উপর সুপারিশমালা

- ইসলামিক ফাউন্ডেশন অধীনে বিএসটিআই-এর মত একটি হালাল সনদায়ন প্রতিষ্ঠান স্থাপন করা যেতে পারে যাতে করে আগ্রহী কোন ব্যক্তি সনদ গ্রহণ সংক্রান্ত বিষয়ে সহজে ও দ্রুত পরামর্শ নিতে পারে।
- ইসলামিক ফাউন্ডেশনের বোর্ড অব গভর্ণরের অনুমোদনক্রমে হালাল সনদ প্রদান সংক্রান্ত কমিটিতে ব্যবসায়ী খাতের পক্ষ থেকে ডিসিসিআই-এর প্রতিনিধিকে অন্তর্ভূক্ত করা যেতে পারে।
- নতুন সনদ গ্রহণের জন্য আবেদন ফি কমিয়ে ১০০০ টাকা করা এবং নবায়নের জন্য ৫০০ টাকা নির্ধারণ করা যেতে পারে।
- পণ্য পরীক্ষা ও গুণগত মান নিরীক্ষার জন্য হালাল সনদ কর্তৃপক্ষকে বিসিএসআইআর, বিএসটিআই, ঔষধ প্রশাসন অধিদপ্তর, প্রাণি সম্পদ বিভাগ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নিরাপদ খাদ্য অধিদপ্তরের সাথে খুবই নিবিড়ভাবে কাজ করতে হবে।
- আন্তর্জাতিক হালাল এক্রিডিটেশন কাউন্সিল/ফোরাম এর সদস্য হিসেবে কাজ করতে হবে এবং অন্যান্য আন্তর্জাতিক হালাল সনদায়ন কর্তৃপক্ষের সাথে একযোগে কাজ করতে হবে। এভাবেই হালাল নীতিমালা বাস্তবায়ন সহজতর হবে।

প্লাস্টিক শিল্প উন্নয়ন নীতিমালা ২০২১-এর উপর প্রেরিত সুপারিশমালা

- দক্ষ মানবসম্পদ তৈরির পাশাপাশি এমনভাবে নীতিমালা গ্রহণ করতে হবে যাতে করে বাংলাদেশ উৎপাদন খাতে একটি শক্ত অবস্থান তৈরি করে নিতে পারে। নতুন করে ব্যবসায়িক সম্পর্ক স্থাপনে স্থানীয় ও আন্তর্জাতিক উদ্যোক্তাদের মাঝে যাতে করে বহুল পরিমানে জ্ঞানের আদান প্রদান হতে পারে সে বিষয়টি নীতিমালায় অন্তর্ভূক্ত থাকতে হবে।

- Due to Fourth Industrial Revolution (4IR), 3.9 million new jobs will be created in the country. To grab this opportunity, we need to take re-skilling and up-skilling initiatives.
- A balanced taxation structure will expedite local and foreign investment in the country. The government needs to establish technology adoption and dissemination centre to increase product diversification and quality.
- Need Specific guidelines to strengthen logistic support in order to make the E-commerce sector effective.
- Separate incentive packages can be allocated for import substitute SMEs in the SEZs.
- To allocate a crisis mitigation fund under the Central Bank.
- Industrial Policy should be in consistent with the policies of BEZA, NBR, BEPZA, BIDA, BSCIC and Bangladesh Bank.
- The comparative advantage following (CAF) and Comparative Advantage Defying (CAD) strategies should be followed in formulating industrial policies.
- Land, facility of gas, water, electricity power etc. have to be ensured to create investment-friendly environment.
- LDC graduation, 8th Five Year Plan, 4IR, adoption of technology, sustainable economic development, development of R&D, Innovation and the e-commerce industry should be included as vital issues in the upcoming National Industrial Policy.
- Product diversification should be given the highest priority to combat upcoming LDC graduation challenges.
- The Intellectual Property Rights (IPR) of creative entrepreneurs should be ensured and get more emphasis.
- Need to develop an effective bond market and encourage the use of mutual fund for long-term financing in the SME sector under Special Purpose Vehicle (SPV).

Policy Recommendations on Halal Certificate 2020

- To establish a strong Halal lab under the Islamic Foundation like BSTI along with this system and set up an easy and quick process to get feedback from related organizations according to the rules.
- Representative from DCCI and a business representative among the members of the committee need to be approved by the Islamic Foundation Board of Governors. This will ensure the representation from the business community.
- To reduce the application fee for new certificate by Tk. 1000 and renewal application fee by Tk. 500.
- Need to work closely with organizations providing technical assistance such as BCSIR, BSTI, Department of Drug Administration, Department of Animal Resources, Department of Agricultural Extension, Department of Safe Food for product testing and quality verification. This will make it possible to implement halal policies quickly.
- Need to work as a member of the International Halal Accreditation Council/Forum and other international halal certification bodies.

Policy Recommendations on Plastic Industry Development 2021

- Policies need to be adopted to establish Bangladesh as a best manufacturing hub by creating skilled workers. The policy may include ensuring greater exchange of knowledge and establishment of business networks between local plastic industries owned by local entrepreneurs or foreign investors.

- আন্তর্জাতিক মান ধরে রাখতে দেশীয় কোম্পানিগুলো যাতে বিদেশি কোম্পানিগুলোর সাথে একসাথে যৌথ উদ্যোগে কাজ করতে পারে তার জন্য নীতিমালা গ্রহণ করতে হবে। এই পদ্ধতিতে প্লাস্টিক খাতের রপ্তানি ইউরোপ, মধ্যপ্রাচ্যে এবং উত্তর আমেরিকার বাজারে বৃদ্ধি পেতে পারে।
- শুধুমাত্র একক-ব্যবহৃত প্লাস্টিকের উপর নির্ভর না করে আমাদের নিজস্ব সম্পদের উপর ভিত্তি করে পরিবেশ বান্ধব ও অর্গানিক পণ্যের ব্যবহার বাড়াতে হবে। পাটের পলিমার, কাগজের মোড়ক এবং পাতা/বাঁশের তৈরি পণ্য বিকল্প হিসেবে ব্যবহৃত হতে পারে।
- বায়ু দূষণ রোধে পরিবেশগত দিক থেকে টেকসই প্লাস্টিক খাতের স্বার্থে প্রয়োজনীয় নীতিমালা গ্রহণ করতে হবে। এ ব্যাপারে প্লাস্টিক শিল্প খাতে জিরো-ওয়েস্ট নেশন হিসেবে স্বীকৃতি লাভের জন্য একটি সময়সীমা নির্ধারণ করা যেতে পারে।
- বঙ্গোপসাগরে এমনকি সেন্ট-মার্টিন দ্বীপে নির্বিচারে প্লাস্টিক পণ্য ফেলার কারণে পরিবেশের ভারসাম্য ক্ষতির মুখে পড়তে পারে। প্লাস্টিকের উপযুক্ত রিসাইক্লিং বা পুণঃব্যবহারযোগ্য করে তোলার মাধ্যমে বঙ্গপসাগরের জীববৈচিত্র ধরে রাখা সম্ভব হবে তবে সেজন্য প্রয়োজনীয় নীতিমালা প্রণয়ন করতে হবে।
- নীতিমালায় স্পষ্ট করে প্লাস্টিক পণ্য ব্যবহারের মানসম্মত নির্দেশনা থাকতে হবে।
- প্লাস্টিক পণ্যের নিরাপদ ব্যবহারের জন্য নীতিমালায় বলা থাকতে হবে যে কি ধরণের কাঁচামাল দিয়ে প্লাস্টিক পণ্য তৈরি করা যাবে।

জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা ২০২১-২০২৫-এর উপর ডিসিসিআই'র সুপারিশমালা

- দুর্যোগ মোকাবেলায় শিল্প মালিকরা যাতে করে দুর্যোগ ব্যবস্থাপনা বান্ধব কারখানা চালাতে পারে সেজন্য একটি শিল্প বান্ধব কর কাঠামো প্রণয়ন করা প্রয়োজন।
- সিএমএসএমইদের দুর্যোগ ঝুঁকি ব্যবস্থা গ্রহণের সুবিধার্থে একটি স্বল্প খরচের জলবায়ু তহবিল গঠন করা যেতে পারে।
- দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনার প্রস্তুতি হিসেবে প্যারিস চুক্তি বা সিওপি ২১-এর যে উদ্দেশ্য রয়েছে বৈশ্বিক উষ্ণতা ২ ডিগ্রি সেলসিয়াসের নিচে রাখা সেটা বাস্তবায়ন করতে পারলে জলবায়ু পরিবর্তনের সম্ভাবনা ও প্রাকৃতিক বিপর্যয় কমে আসবে।
- গ্রীন হাউজ গ্যাস নির্গমন ৫ শতাংশ কমাতে সরকারের উচিত বিশেষ নীতিমালা করা এবং প্রণোদনা দেয়া বিশেষ করে সেই সকল শিল্প-কলকারখানার পুণর্বাসনের জন্য যারা গ্রীন হাউজ গ্যাস নির্গমন করে থাকে।
- সকল শিল্পকে টেকসই ব্যবসায় রূপান্তরের জন্য স্বল্প সুদে ও স্বল্প মেয়াদি সবুজ তহবিল গঠন করা যেতে পারে।
- এসডিজি লক্ষ্যমাত্রার ৭, ৮, ৯ এবং ১২ উদ্দেশ্যসমূহ সরাসরি দুর্যোগ ব্যবস্থাপনার সাথে জড়িত তবে বাস্তবায়নের উপর বেশি জোরারোপ করতে হবে। সেক্ষেত্রে সরকার, বেসরকারি খাত এবং আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানসমূহের সমন্বয়ে একটি যৌথ কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে।
- এসডিজি লক্ষ্যমাত্রার ১৩ নং উদ্দেশ্য-এর সাথে সমন্বয় রেখে জলবায়ু পরিবর্তনের ঝুঁকি কমাতে আমাদের জাতীয় নীতিমালা (অর্থনৈতিক, শিল্প ও পরিবেশগত) পরিবর্তনে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে। জলবায়ু পরিবর্তনের উপর জাতিসংঘ ফ্রেমওয়ার্ক কনভেনশন বাস্তবায়নে ও উন্নত দেশগুলোর দ্বারা ১০০ বিলিয়ন মার্কিন ডলারের তহবিল গঠন এবং তা থেকে উন্নয়নশীল দেশগুলোকে তহবিল প্রদানের জন্য বাংলাদেশের অর্থনৈতিক কূটনীতি আরও বৃদ্ধি করতে হবে।
- দি সেনডাই ফ্রেমওয়ার্ক ২০১৫-২০৩০ এর জন্য প্রয়োজন সরকারি বেসরকারি যৌথ উদ্যোগে ৭টি লক্ষ্যমাত্রা ও ৪টি অগ্রাধিকারের বাস্তবায়ন যে বিষয়ে জাতীয় বাজেটে সুনির্দিষ্ট গাইডলাইন থাকা উচিত।
- বন্যা, খরা, সাইক্লোন, তাপদাহ কিংবা যেকোন প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় দুর্যোগপ্রবণ এলাকাগুলোতে প্রকৃতি-বান্ধব সবুজ অবকাঠামো নির্মান করতে হবে।
- বাংলাদেশ ও ভারতের মধ্যে প্রায় ৫০টি নদী রয়েছে যেগুলো দুটি দেশই সমানভাবে ভাগাভাগি করে থাকে। পানির সমব্যবহার নিশ্চিতকল্পে দুই দেশের সম্মতিতে তিস্তা ও গংগা সহ একটি যৌথ নদী কমিশন অগ্রাধিকার ভিত্তিতে গঠন করা যেতে পারে।
- নদীর স্বাভাবিক গতিপথ পরিস্কার রাখতে আধুনিক প্রযুক্তি নির্ভর নিয়মিত ড্রেজিং এর মাধ্যমে পলি অপসারণ করে নদীর নাব্যতা বৃদ্ধি করা ও পানির ধারণ ক্ষমতা বৃদ্ধি করা আবশ্যক।

- Policies need to be adopted so that local industries can produce affordable brands jointly with foreign companies maintaining international standard. In this way, export of plastic products to the European Union, Middle East, North America and Asia can be increased.
- We need to adopt policy to produce and promote environment friendly and organic products as an alternative to only plastic using our own resources. Jute polymers, paper packaging, and leaf/bamboo products can be used as alternatives as well as awareness among the mass people can also be a part of the policy.
- It is very important to adopt policies to ensure sustainable environment in the plastic sector for reducing air pollution. In this connection, a suitable time frame should be set for the plastics industry to become a zero-waste nation.
- Due to the dumping of excess plastics in the Bay of Bengal, Saint Martin Island is in danger of sinking. Appropriate policies need to be adopted to save the Bay of Bengal by protecting ecology and biodiversity by properly recycling these resources.
- This policy requires a standard guidelines with rules and regulations for using of plastics in those areas.
- Considering safe usage of plastic, it is necessary to specify in the policy what kind of material can be used in the production process of plastics.

Policy Recommendations on National Disaster Management Plans 2021-2025

- In order to prevent disasters, it is necessary to introduce industry-friendly tax structure to run disaster management-friendly industrial factories.
- A low-cost refundable climate fund can be provided, especially for CMSMEs, in preparation for disaster risk management.
- In preparation for disaster risk management, the goal of the Paris Agreement (COP-21) is to keep global warming within 2 degrees Celsius, which will reduce the impact of climate change and the magnitude of natural disasters.
- The government needs special policy and incentive assistance to reduce greenhouse gas (GHG) emissions by 5%, especially for the rehabilitation of industries that emit more greenhouse gas.
- To transform all industries into sustainable businesses, it is necessary to create green funds at low cost and on low terms.
- SDG targets 7, 8, 9 and 12 are related to disaster management, the implementation should be given special importance. In this regard, a joint time bound course of action should be formulated by government, private sector and donor agencies.
- In line with the SDG goal 13, we need effective initiative to change our national policies (economic, industrial and environmental) to reduce risk of climate change. In addition, Bangladesh needs strong economic diplomacy to implement UN Framework Convention on Climate Change including USD100 Billion fund-raising program by developed countries each year and provision to disburse the fund to developing economies.
- The Sendai Framework 2015-2030 requires the implementation of 7 targets and 4 priorities in a joint venture between the private sector and the government and the national budget needs to have appropriate guidelines for its implementation.
- Creating nature-based, green infrastructure, to deal with natural disasters, such as floods, droughts, cyclones, and heat-waves, in disaster-hit areas.
- There are over 50 common rivers between Bangladesh and India. It is essential to take measures through the Joint River Commission on the issue of water distribution of the jointly used rivers including Teesta Ganges on a priority basis.
- In order to clean the flow of the river, it is necessary to increase the navigability and water holding capacity of the river by removing the silt accumulated in the course of river by dredging through advanced technology.

- গবেষণা ও প্রযুক্তির সমন্বয়ে সমাধানের পথ বের করতে হবে আর সেজন্য বাজেটে গবেষণা খাতের জন্য কর অব্যাহতির সুযোগসহ বিশেষ বরাদ্দ রাখার প্রয়োজন রয়েছে।
- মানব-সৃষ্ট দুর্যোগ মোকাবেলায় ঘনবসতিপূর্ণ এলাকাগুলোতে ওয়ার্ড ভিত্তিক দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন করতে হবে।
- টেকসই অবকাঠামো নির্মাণ, ফসলে ক্ষতিকারক কীটনাশক ব্যবহার না করা, শিল্প বর্জ্য ব্যবস্থাপনা এবং অত্যাধুনিক প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে পরিবেশের দূষণ হ্রাসে ব্যবসায়ী সমাজের পক্ষ থেকে আমরা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারি।
- পরিবেশের ঝুঁকি হ্রাসে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনার পাশাপাশি মধ্যম ও স্বল্প-মেয়াদি পরিকল্পনা গ্রহণ করাও প্রয়োজন।
- ডিসিসিআই সরকারের সাথে একসাথে পরিবেশ রক্ষার্থে সচেতনাতা বৃদ্ধিকল্পে বিভিন্ন সেমিনার, কর্মশালা, ওয়েবিনার আয়োজন করতে পারে।

অটোমোবাইল শিল্প উন্নয়নে প্রেরিত সুপারিশমালা

- নীতিমালাটি কমপক্ষে ২০ বছর মেয়াদী হওয়া উচিত এবং এসেম্বলিং ও উৎপাদন পর্যায়ে মূল্য সংযোজন এই দুইটি আলাদা ভাগে করা উচিত।
- স্থানীয় শিল্পের উন্নয়নে ও স্থানীয় উৎপাদনকারীদের দক্ষতা উন্নয়নে যৌথ উদ্যোগে যন্ত্রাংশ উৎপাদনকে সরকার অনুমতি দিতে পারে।
- গাড়ি এসেম্বলিং ও উৎপাদনের স্বার্থে ট্যারিফ নীতিমালা কমপক্ষে ৫-১০ বছর মেয়াদী হওয়া উচিত।
- আমাদের বিশেষায়িত অর্থনৈতিক অঞ্চলে স্থাপিত অটোমোবাইল এসেম্বলিং/উৎপাদন শিল্পের জন্য অগ্রাধিকার মূলক স্বল্প কর্পোরেট কর ১০ বছরের ট্যাক্স হলিডে সহ প্রদান করা যেতে পারে।
- অটোমোবাইল শিল্পে যাতে করে বিদেশে অবস্থানরত বাংলাদেশিরা বিনিয়োগে আগ্রহী হয়, তার জন্য ৫ বছর মেয়াদী অব্যাহতি প্রদান করা যেতে পারে।
- অটোমোবাইল খাতে গবেষণা বৃদ্ধিকল্পে 'জাতীয় অটোমোবাইল স্কিলস ডেভেলপমেন্ট কাউন্সিল' থেকে আলাদা করে একটি 'জাতীয় অটোমোটিভ কাউন্সিল' গঠন করা যেতে পারে।

পর্যটন ও হসপিটালিটি ম্যানেজমেন্ট খাতের উপর প্রেরিত সুপারিশমালা

- পর্যটন খাতকে আরও বেশি আকর্ষনীয় করে তোলার জন্য অধিক পরিমানে পর্যটন নির্ভর অবকাঠামো নির্মাণ করতে হবে কারণ অবকাঠামোর অভাবে প্রাকৃতিক পর্যটন কেন্দ্রগুলো জনপ্রিয়তা হারাচ্ছে।
- জাতীয় পর্যটন নীতিমালা দ্রুত বাস্তবায়ন করা জরুরী কারণ এই নীতিমালাটি বাস্তবায়িত হলে ঋণ সুবিধা, ট্যারিফ ছাড়, কর অবকাশসহ অন্যান্য সুবিধাদি পাওয়া যাবে ও স্থানীয় ও বিদেশি পর্যটকরা এ সুযোগ পাবে।
- পর্যটন খাতের জটিলতা দূরীকরণে আলাদা মন্ত্রণালয় করা যেতে পারে। উপরন্তু, পর্যটন খাতের সাথে সম্পৃক্ত ব্র্যান্ডিং বিশেষ করে ডিজিটাল ব্র্যান্ডিং অনেক বেশি কার্যকরী।
- পর্যটন খাতে সরকারি বেসরকারি অংশীদারিত্ব এবং স্থানীয় ও আন্তর্জাতিক পর্যটন এজেন্সিসমূহের মাঝে সমন্বয় এ খাতের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।
- পর্যটন খাতে প্রয়োজনীয় নীতি সুপারিশ প্রদানের নিমিত্ত ডিসিসিআইকে বাংলাদেশ ট্যুরিজম বোর্ডে সদস্য হিসেবে অন্তর্ভূক্ত করা যেতে পারে।
- এই শিল্পের আরও অগ্রগতির জন্য বিদ্যমান পর্যটন আইনকে যুগোপযুগী করা প্রয়োজন, কেননা পুরাতন আইন এ খাতের সমৃদ্ধিকে বাধাগ্রস্ত করবে।

"এলডিসি থেকে উত্তরণঃ স্থানীয় বাজার উন্নয়ন" এর উপর সুপারিশমালা

- স্থানীয়ভাবে উৎপাদিত পণ্য দ্বারা অভ্যন্তরীন ভোক্তাশ্রেণিকে সেবা প্রদান করা এতে করে আমদানি বিকল্প পণ্য আমদানি নিরুৎসাহিত হবে।
- অন্যান্য মুদ্রার বিপরীতে টাকার মূল্যমান প্রতিযোগী রাখা অত্যন্ত জরুরী।

- The solution needs to be worked-out through coordination between thematic research and technology, moreover tax exemptions and special allocations need to be made in the national budget for research.
- Ward-based disaster management plan needs to be formulated in densely populated areas to deal with man-made disasters like fires caused by chemicals or use of hazardous gas cylinders etc.
- On behalf of the business community, we can play role in reducing environmental pollution through sustainable construction, non-use of pesticides in food, industrial waste management and use of advanced technology to protect the environment.
- In addition to disaster management plan, medium and long-term disaster management plans need to be adopted to fully reduce environmental risks.
- DCCI will always strive and can organize seminars, webinars, workshop etc. to create awareness in the private sector in collaboration with the government.

Recommendations on Automobile Industry Development:

- The policy should be for minimum 20 years and segmented into two phases, assembling and the value addition through manufacturing.
- Government can allow setting up joint ventures for parts manufacturing to create local skills and spare parts business to develop localisation of industry.
- Minimum 5-10 year tariff policy to support assembling and manufacturing of vehicles.
- Preferential corporate tax at a reduced rate to be offered with 10 years 'tax holiday' of the automobile assembling/manufacturing ventures in our Special Economic zones.
- Allow 5-year tax exemption to encourage Non-Resident Bangladeshi (NRB) experts to work in our Automobile industry.
- Need to constitute the 'National Automotive Council' to support the relevant research in the automobile sector and separate 'National Automobile Skills Development Council' to develop diverse automotive skills.

Recommendations on Tourism and Hospitality Management:

- More investment is needed in the tourism infrastructure sector as natural tourism centers are losing popularity due to the infrastructure crisis.
- National Tourism Policy needs to be implemented soon as it ensures issues like credit facilities, tariff concessions, tariff and tax exemption in the tourism sector which encourages the economic participation of local and foreign tourists.
- Separate ministries are needed to reduce the complexity of the tourism sector. Moreover tourism-related branding needs to be done especially digital branding.
- Involvement of public-private partnerships in the tourism sector and coordination with domestic and foreign tourism agencies will play an important role in the development of the tourism industry.
- DCCI should be included in the Bangladesh Tourism Board for policy support in the tourism sector.
- It is necessary to update the tourism law as the old law hinders the decision making process of the industry.

Recommendations on LDC Graduation: Local Market Development

- Discourage importing and serving the local consumers with locally manufactured products at a competitive price.
- Ensuring competitive valuation of Taka against its peers is a vital matter.

- নমনীয় মুদ্রানীতি, আর্থিক নীতিমালা বাস্তবায়ন করা
- বিটিটিসি'র মাধ্যমে স্থানীয় শিল্পের সুরক্ষা নিশ্চিত করা।
- শিক্ষা ব্যবস্থায় গতানুগতিক শিক্ষা পদ্ধতির পরিবর্তে কারিগরি শিক্ষার প্রতি এবং দক্ষ মানবসম্পদ তৈরির প্রতি বিশেষ গুরুত্ব প্রদান করা।
- এমএসএমই খাতের ব্যবসায়ীদের ও তাদের ক্রেতাদের কথা বিবেচনা করে পণ্যের বিক্রয়মূল্যের উপর ভ্যাট আরোপ না করে পণ্যের লভ্যাংশের উপর ভ্যাট আরোপ করা।
- ভিয়েতনামের মত ২ শতাংশ সুদে ঋণের ব্যবস্থা করা প্রয়োজন।
- আসিয়ানভুক্ত বাজারে প্রবেশাধিকার অত্যন্ত ফলপ্রসু হতে পারে।

সম্ভাবনাময় খাতসমূহে রপ্তানি বহুমুখীকরণে নীতি সংস্কারের প্রয়োজনীয়তার উপর সুপারিশমালা

- ডব্লিউটিও গাইডলাইনের আলোকে আইনি সংস্কার প্রয়োজন।
- এলডিসি থেকে উত্তোরণের পরও যাতে বেশ কিছুদিন রপ্তানি বাজারে শূন্য শুল্ক ও কর সুবিধা পাওয়া যায়, তার জন্য যথাযথ নেগোসিয়েশন করা প্রয়োজন। বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন একটি নেগোসিয়েশন সেল গঠন করা যেতে পারে।
- শিল্পনীতির সাথে আমদানি রপ্তানি নীতিমালার সমন্বয় থাকা অত্যন্ত জরুরী। সর্বোপরি এই নীতিমালাসমূহের সাথে সমন্বয় থাকা দরকার।
- বিভিন্ন নীতিমালায় তৈরি পোষাকমুখী পক্ষপাত এবং রপ্তানি-বিরুদ্ধ পক্ষপাত ইত্যাদি বিষয়গুলোকে চিহ্নিত করা প্রয়োজন।
- অগ্রাধিকারমূলক বাজারের সুবিধা পেতে হলে এফটিএ বা পিটিএ স্বাক্ষর করা প্রয়োজন। সর্বাঙ্গীন দ্বি-পাক্ষিক অর্থনৈতিক অংশীদারিত্ব চুক্তি করা যেতে পারে। এফটিএ বা পিটিএ করলে যে যে ধরণের সুযোগ সুবিধা পাওয়ার সম্ভাবনা রয়েছে তা মূল্যায়ন করা দরকার।
- অর্থায়নের বহুমুখী উৎসের সন্ধান করতে হবে।
- এনএসডিএ কর্তৃক প্রতিষ্ঠিত বাংলাদেশ ন্যাশনাল কোয়ালিফিকেশন ফ্রেমওয়ার্ক (বিএনকিউএফ) বাস্তবায়ন প্রয়োজন।
- প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের মানোন্নয়ন করা দরকার। দক্ষতা বৈসাদৃশ্য দূরীকরণে এনএসডিএ উপযোগিতা উন্নয়নে পাঠ্যক্রম এবং কর্মদক্ষতা সহায়ক শিক্ষা উপকরণ (সিবিএলএম) তৈরি করেছে।
- নতুন নতুন রপ্তানি বাজার খুজে বের করতে বিভিন্ন বাণিজ্য মেলায় অংশগ্রহণ ও অধিক হারে বাণিজ্য প্রতিনিধিদল প্রেরণ করা।
- বিশ্বের বিভিন্ন রপ্তানি বাজারে যাতে করে নন-ট্যারিফ বাধা তুলে দেয়া হয় সেজন্য সরকারকে আপোস আলোচনার বিষয়ে উদ্যোগ নিতে হবে।
- বিদেশে অবস্থিত বাংলাদেশি মিশনগুলোকে আপোস-আলোচনার দক্ষতা উন্নয়ন ঘটাতে হবে।
- অন্যান্য দেশের সব থেকে ভাল ভাল নীতি চর্চা, আর্থিক বা অর্থ-বহির্ভূত প্রণোদনা চর্চাকে বাংলাদেশে অনুকরণ করা যেতে পারে।
- বিদেশি সরাসরি বিনিয়োগ আকর্ষনে কর্পোরেট কর হার হ্রাসকরণ এবং সহজে ব্যবসা সূচকে উন্নতি করা প্রয়োজন।

শিল্প জ্বালানী উৎসের উপর সুপারিশমালা

- শহরায়ন ও শিল্পের চাহিদা অনুযায়ী ভবিষ্যতে এলপিজি, বোতলজাত এলপিজি পিপিপি মডেলের আওতায় সংরক্ষণাগার স্থাপন করা হবে।
- প্রধান প্রধান রপ্তানিমুখী শিল্পে কো-জেনারেশন বা ট্রাই-জেনারেশনে ব্যবহৃত ক্যাপটিভ ভিত্তিতে বিদ্যুৎ উৎপাদন ব্যতিত অন্যান্য ক্যাপটিভে সরকার গ্যাস সরবরাহ বন্ধ করে দিতে পারে।
- গ্যাস দ্বারা বিদ্যুৎ উপাদনের পরিমান ৪২.৯৯ শতাংশ এবং ক্যাপটিভে ১৫.৬৪ শতাংশ। অতএব যারা শিল্প গ্যাস ব্যবহারে দক্ষ নয় তারা এটা ব্যবহার না করা।
- শিল্প-কারখানার ছাদে নবায়নযোগ্য জ্বালানীর ব্যবহার এবং বৃষ্টির পানি ধরে রেখে ব্যবহার অর্থনৈতিকভাবে প্রতিযোগী সক্ষমতা বৃদ্ধিতে সাহায্য করবে।
- দেশের অর্থনীতি ধীরে ধীরে এগিয়ে যাচ্ছে, তাই নিজস্ব এলপিজি উৎপাদন সক্ষমতা বৃদ্ধিকল্পে দ্বিতীয় শোধনাগার তৈরি করা উচিত।

- Implementing flexible Monetary and Fiscal policy.
- Ensuring protection of local industries through Bangladesh Trade and Tariff Commission.
- Restructuring education system to shift focus from traditional education to technical education and to build skilled human resources.
- Assigning VAT on profit instead of product's price will be better in view of the capacity of the MSME businesses and their clients.
- Availability of loan at around 2% interest rate like Vietnam is essential.
- Accessing into the ASEAN market is crucial.

Recommendations on Regulatory reform requirements for export diversification of potential sectors:

- Rules and regulations require rigorous reforms in line with the WTO guidelines.
- Negotiation for a separate package after LDC graduation through a separate "Negotiation Cell" in the Ministry of Commerce.
- Industrial Policy should have proper coordination with the export and import policy. Hence, a proper coordination and synchronization among these policies are needed.
- Pro-RMG bias and anti-export bias in different policies need to be addressed.
- FTA/PTAs are needed for preferential market access. Bilateral comprehensive economic partnership agreement can be addressed. Likely benefits and costs of PTAs and FTAs need assessment.
- Multiple sources of fund are also needed.
- Bangladesh National Qualifications Framework (BNQF)" developed by NSDA needs implementation.
- Standard of training institutions needs to be improved. NSDA prepares skills-based curriculum and Competence based Learning Material (CBLM) to address skills gap.
- More participation in trade fairs and frequent exchange of trade delegation are important to explore new market.
- Government needs to negotiate to remove non-tariff barriers imposed by various trade partners.
- Negotiation skills of the foreign missions need to be improved.
- Cross-country best policy initiatives or incentive practices may be replicated in Bangladesh.
- Corporate tax should be reduced and improving in the ease of doing business index is necessary to attract FDI.

Recommendations on Industrial Fuel Source:

- Considering the demand for LPG, LPG bottling, storage facility needs to be enhanced through the PPP model fitting urban and industrial context in the long run.
- Government may suspend gas supply for captive power except the cases where it is used for co-generation and tri-generation in export-oriented major industries.
- Power generation from gas is 42.99% and in captive it is 15.64%. Therefore, those who are not proficient in using industrial gas are requested not to use it.
- Industrial rooftop solar, rainwater harvesting would be economically beneficial for retaining competitiveness.
- As economic growth is developing, second refinery should be built for increasing capacity of own LPG production.

দক্ষতা উন্নয়নঃ শিল্প-শিক্ষা সমন্বয় এর উপর সুপারিশমালা

- শিল্পের চাহিদা মোতাবেক শ্রেণীকক্ষ ও পরীক্ষাগার ভিত্তিক ব্লেন্ডেড আউটকাম নির্ভর শিক্ষা ব্যবস্থা চালু করা প্রয়োজন।
- গুণগতমান সম্পন্ন গ্র্যাজুয়েট ও নলেজ পার্ক তৈরি করতে বিজ্ঞান, প্রযুক্তি, প্রকৌশল এবং গণিত ও গবেষণা নির্ভর বিশ্ববিদ্যালয় স্থাপন করতে হবে।
- ছাত্র/ছাত্রীদের উদ্ভাবনী সক্ষমতাকে বৃদ্ধি করতে পশ্চিমা বিশ্বে এমনকি আঞ্চলিক দেশগুলোর বিশ্ববিদ্যালয়গুলোতে অনুসরণকৃত উৎকৃষ্ট চর্চাসমূহকে অনুকরণ করে আমাদের এখানকার বিশ্ববিদ্যালয়গুলোতে পাঠ্যক্রম পরিবর্তন করা যেতে পারে।
- দক্ষ মানবসম্পদ উন্নয়নে সরকারি-বেসরকারি খাতের পক্ষ থেকে বিশ্ববিদ্যালয় গবেষণা কার্যক্রমে আর্থিক সহায়তা প্রদান করা যেতে পারে।
- শিক্ষা পাঠ্যক্রম প্রযুক্তিগত উৎকর্ষ, শিল্প রূপান্তর এবং পেশাগত স্বয়ংক্রিয়তার সাথে সমন্বিত হতে হবে যাতে করে আন্তর্জাতিক বাজারে টিকে থাকা যায়।
- বিশ্ববিদ্যালয়গুলোর একাডেমিক কাউন্সিল এবং উপদেষ্টা পরিষদে বেসরকারি খাত থেকে প্রতিনিধিত্ব শিল্প-শিক্ষার মধ্যকার দূরত্ব কমাতে সাহায্য করবে।
- উদ্ভাবনী গবেষণা কার্যক্রমকে বাণিজ্যিকীকরণ করার জন্য সুযোগ তৈরি করতে হবে। এই সুযোগটিই গবেষণা প্রতিষ্ঠানসমূহকে, বিশ্ববিদ্যালয়গুলোকে এবং শিল্পখাতকে একটি ভ্রাতৃত্বমূলক সম্পর্কের আওতায় নিয়ে আসতে সহায়তা করবে।
- শিক্ষা মন্ত্রণালয় ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন বিশ্ববিদ্যালয়গুলোর সেরা চর্চাগুলোকে স্বীকৃতি দিতে পারে এতে করে শিক্ষা ব্যবস্থায় একটি প্রতিযোগিতামূলক সংস্কৃতির সৃষ্টি করবে এবং এই ব্যবস্থাই আমাদের শিক্ষা ব্যবস্থার প্রসারে কার্যকরী হবে।
- ডিসিসিআই, শিল্প মন্ত্রণালয় ও বাণিজ্য মন্ত্রণালয়ের সাথে শিল্পে ব্যবহৃত উৎকৃষ্ট চর্চাসমূহকে স্বীকৃতি প্রদান করতে পারে যেগুলো শিক্ষাখাতের খুব কাছাকাছি কাজ করে উৎকৃষ্ট মানবসম্পদ তৈরি করে।
- স্বল্প ও দীর্ঘমেয়াদি লক্ষ্যমাত্রা ঠিক করতে হবেঃ স্বল্প মেয়াদী লক্ষ্যমাত্রার আওতায় প্রশিক্ষণ, শ্রম দক্ষতা উন্নয়ন এবং চ্যালেঞ্জ ও তার প্রতিকার বের করা, দীর্ঘমেয়াদি লক্ষ্যমাত্রার আওতায় প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করা।

সহজে ব্যবসা সূচকে উন্নয়নে সুপারিশমালা

- দেশে সরাসরি বিদেশি বিনিয়োগ (এফডিআই) আকর্ষণে সরকারি ও বেসরকারি খাতের সমন্বয় আরও জোরদার করতে হবে।
- বাণিজ্য সহযোগিতা চুক্তি (টিএফএ) বাস্তবায়নের জন্য আমাদের কারেকটিভ এ্যাকশন প্ল্যান (সিএপি) ত্বরান্বিত করতে হবে কারণ আমাদের টিএফএ বাস্তবায়ন প্রতিশ্রুতির হার মাত্র ৩৫ শতাংশ।
- সিঙ্গাপুর কনভেনশন স্বাক্ষরের মধ্য দিয়ে বিকল্প বাণিজ্য বিরোধ নিষ্পত্তিতে মধ্যস্থতা বা মেডিয়েশন একটি কার্যকরী পদ্ধতি হিসেবে কাজ করবে তবে একই সাথে ইনসলভেন্সি আইনের সংস্কার প্রয়োজন।
- ব্যবসা বাণিজ্য সংক্রান্ত সরকারি সকল সার্কুলার ও বিজ্ঞপ্তিসমূহ যেন ব্যবসায়ী মহল সময়মত অবহিত থাকতে পারে সে বিষয়ে নজর দিতে হবে।
- প্রাথমিক বিনিয়োগ আকর্ষণে বেসরকারি খাতকে বিডা'র সাথে একযোগে কাজ করে যেতে হবে।
- বেসরকারি খাতে যে সকল সংস্কার কর্মকাণ্ড হয়েছে সে সম্পর্কে অবহিত থাকতে হবে এবং সরকারের পক্ষ থেকে যদি কোন জরিপ হয়ে থাকে তাতে সংস্কার সংক্রান্ত ইতিবাচক প্রতিক্রিয়া প্রদান করা।
- দেশের প্রতিযোগী সক্ষমতা বৃদ্ধিকল্পে সংশ্লিষ্ট নীতিনির্ধারকদের বেসরকারি খাতের সাথে একযোগে কাজ করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। এ বিষয়ে চেম্বারগুলোকে সম্পৃক্ত করে একটি জাতীয় স্টিয়ারিং কমিটি গঠন করা যেতে পারে যার মাধ্যমে যথাসময়ে প্রয়োজনীয় সংস্কার উদ্যোগ হাতে নেয়া যায় ও অতিমারি থেকে পুণঃরুদ্ধার প্রক্রিয়ার জন্য দীর্ঘমেয়াদী পরিকল্পনা গ্রহণ করা যায়।
- বিকল্প বাণিজ্য বিরোধ নিরসনকল্পে বাংলাদেশ মধ্যস্থতা ব্যবস্থার আন্তর্জাতিক স্বীকৃতি লাভের লক্ষ্যে জাতিসংঘের চুক্তি স্বাক্ষর করতে পারে যা সিঙ্গাপুর কনভেনশন নামেও পরিচিত।
- করজালের আওতাবহির্ভূত জনগণকে করজালের অন্তর্ভূক্ত করতে বাণিজ্য সংগঠনসমূহ বা চেম্বারগুলোর ভূমিকা রয়েছে। সকলকে করজালের আওতায় নিয়ে আসতে পারলে সবার উপর করের বোঝা কিছুটা কমে আসবে কারণ রাজস্ব আদায় বজায় রাখতে কিছু কিছু জায়গায় এখনও সমস্যা রয়ে গেছে।
- কর নীতিমালা এবং নিরীক্ষা পদ্ধতি পরিবর্তিত হওয়া প্রয়োজন কেননা কিছু কিছু বিধান অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য বাঁধাস্বরূপ।

Recommendations on Skill Development: Industry-Academia Linkage

- Introducing a blended Outcome-based-Education (OBE) system encompassing classroom and laboratory-based learning with an industrial orientation at both engineering and non- engineering education across the board.
- Establishing science technology engineering and math (STEM) based Research Universities to create quality graduates and Knowledge Parks.
- Updating the University curriculum incorporating the best practices followed in best Western and regional universities to foster innovation and students' betterment.
- The public and private sectors need to provide financial support to research activities of the universities for the development of skilled human resources.
- The educational curricula should be accustomed to technological advancement, industrial transformation, and occupational automation to survive in the global job market.
- Industry representation in the academic council and advisory board of universities could help minimise the gap between the industry and the academia.
- Need to create opportunities to commercialize research and innovations. This will incentivize research bodies, universities and industries to build the fraternity.
- Ministry of Education and University Grants Commission should recognize the best practices of the universities which will create a competitive culture and will support our education system exposure.
- DCCI in collaboration with the Ministry of Industries and Ministry of Commerce should recognize the best practices of the industries which work closely with academia to produce the best human resources for the country.
- Need to focus on Short-term and Long-term Goal: short-term goal is training People, developing skilled labor and challenges and finding solutions at the moment and long-term goal is to develop cutting edge disruptive technology in collaboration between industry academia.

Recommendations on Ease of Doing Business

- Better coordination between the government agencies and the private sector is required to attract more foreign direct investment (FDIs) in the country.
- Need to fasten the Corrective Action Plan (CAP) for implementing TFA as our TFA implementation commitment is around 35%.
- Mediation is needed as an effective tool for resolving commercial disputes by signing Singapore Convention as well as reforms of insolvency act.
- Businesses should be well aware of all government circulars or notifications related to trade and commerce.
- Private sector needs to work closely with Bangladesh Investment Development Authority
- Private sector businessmen to know about the reforms that have taken place and also response the survey considering the reforms which have already been done.
- Concerned policymakers are required to take necessary initiatives in association with the private sector for improving country competitiveness. In this regard, a high-powered national steering committee is needed including Chamber bodies for time-bound improvement for relevant reforms as well roadmap of pandemic recovery.
- Bangladesh can sign the UN treaty on mediation, namely the Singapore Convention on Mediation to achieve universal recognition of mediation as a powerful commercial dispute resolution tool.
- Trade bodies and chambers have responsibilities to fetch the people within the tax net who are not under the tax net right now. It will ease the tax burden on all, as currently; some anomalies consciously are there to meet the revenue target.
- Taxation policy and auditing process need to be changed as some provisions of these can be seen as detrimental to the economic growth of Bangladesh.

আমি আনন্দের সাথে জানাতে চাই যে প্রধানমন্ত্রীর কার্যালয়সহ অন্যান্য সরকারি দপ্তরগুলোতে ডিসিসিআই থেকে প্রস্তাবিত বেশ কিছু সুপারিশমালা সরকার কর্তৃক গৃহীত হয়েছে পরবর্তীতে কোভিডের নেতিবাচক প্রভাব হ্রাস করতে সংশ্লিষ্ট দপ্তর দ্বারা এর কিছু কিছু বাস্তবায়িতও হয়েছে।

সম্মানিত সদস্যবৃন্দ,

বাংলাদেশে বেসরকারি খাত নির্ভর শিল্প উন্নয়নে আর্থিক কিংবা মুদ্রানীতি উভয়েরই সমান গুরুত্ব রয়েছে, আর এ জন্যই একটি সম্প্রসারণমূলক বেসরকারি খাতে ঋণ প্রবাহকে ত্বরান্বিত করতে ২০২১-২২ সালের জন্য একটি উপযোগী মুদ্রানীতি ঘোষণা করা হয়েছে। দেশের অর্থনীতির জন্য ২০২১-২২ সালের বাজেটটিও অত্যন্ত গুরুত্বপূর্ণ। ডিসিসিআই ইতোমধ্যে এনবিআর এবং অর্থ মন্ত্রণালয়ের সাথে দ্রুত অর্থনেতিক পুণঃরুদ্ধারের কথা বিবেচনায় নিয়ে বিভিন্ন তথ্য-উপাত্ত নির্ভর ব্যবসা বান্ধব মতামত/সুপারিশ প্রদানের মাধ্যমে এর অংশীদারিত্ব এবং নীতি সহায়তার ভূমিকা আরও জোরদার করতে পেরেছে।

বাংলাদেশের অর্থনীতির ইতিহাসে একটি গণমুখী ও ব্যবসা-বান্ধব সর্ববৃহৎ ৬,০৩,৬৮১ কোটি টাকার বিশাল বাজেট ঘোষণা করা হয়েছে। সিএমএসএমই খাতের সুরক্ষায় ডিসিসিআই সর্বদা সরব ছিল। ডিসিসিআই বাজেটের উপর অন্যান্য প্রস্তাবনার সাথে ভ্যাট এবং সাপ্লিমেন্টারি ডিউটি আইনে সিএমএসএমই বান্ধব বিধান রাখা, পণ্যের মুনাফার পরিবর্তে মূল্য সংযোজনের উপর ভ্যাট আরোপ, টার্ণওভার করের সীমা রেখা বৃদ্ধি করা, ত্রৈ-মাসিক ভিত্তিতে ভ্যাট রিটার্ন, অনলাইন ভ্যাট রিটার্ন পদ্ধতি, তালিকাভূক্ত ও অতালিকাভূক্ত কোম্পানির কর্পোরেট করের হার হ্রাসকরণ, ডিভিডেন্ট-এর উপর কর রহিতকরণ, বিদ্যমান করদাতাদের উপর চাপ বৃদ্ধি না করে নতুন করদাতা সনাক্তকরণ, রপ্তানি বহুমুখীকরণের উপর জোর দেয়া, আর্থিক খাতের উন্নয়ন, নতুন উদ্যোক্তাদের জন্য ভ্যাট ও ট্যাক্স ছাড়ের প্রস্তাব করে। ডিসিসিআই উন্নয়ন বাজেটে যৌক্তিক হারে বরাদ্দ রাখা, সামাজিক নিরাপত্তা বলয়ের জন্য অধিক বরাদ্দ, কোভিড থেকে পুণরুদ্ধারের লক্ষ্যে স্বাস্থ্য খাতে বেশি বরাদ্দ রাখার প্রস্তাব রেখেছে। আমরা ডিসিসিআই'র পক্ষ থেকে নীতি সুপারিশ তৈরিতে ভূমিকা রাখতে পেরেছি। এনবিআর তালিকাভূক্ত ও অতালিকাভূক্ত উভয় ব্যবসা প্রতিষ্ঠানের জন্য কর্পোরেট করের হার ২.৫ শতাংশ হারে কমিয়ে, তিন কোটি টাকার উপর গ্রস রিসিট ট্যাক্স ০.৫ শতাংশ থেকে কমিয়ে ০.২৫ শতাংশ নির্ধারণ করে, পাইকারি ব্যবসায়ীদের সুরক্ষা, শিল্পের কাঁচামালের উপর অগ্রিম কর ৪ শতাংশ থেকে কমিয়ে ৩ শতাংশে নির্ধারণ, আমদানি বিকল্প এসএমই উৎপাদনকারীদের সুরক্ষা এবং বিলাসবহুল পণ্যের আমদানি পর্যায়ে শুল্ক বৃদ্ধি করে ব্যবসায়ীদের কিছুটা সুবিধা করে দিয়েছে।

২০২১-২২ সালের বাজেট পর্যালোচনায় আমরা দেখেছি যে, এনবিআর এর রাজস্ব খাতে ভ্যাট থেকে আহরিত হয় ৩৮ শতাংশ, ট্যাক্স থেকে আসে ৩১.৫ শতাংশ, সাপ্লিমেন্টারি ডিউটি থেকে আসে ১৭ শতাংশ এবং অবশিষ্ট ১৩.৫ শতাংশ আসে আমদানি শুল্ক থেকে। ২০২১-২২ অর্থবছরে বেসরকারি খাতের স্বার্থে অগ্রাধিকারমূলক ভিত্তিতে তালিকাভুক্ত ও অতালিকাভুক্ত কোম্পানিসমূহের জন্য কর্পোরেট করের হার প্রতিযোগী দেশগুলোর সাথে মিল রেখে হ্রাস করার জন্য ডিসিসিআই সর্বদাই এনবিআরকে বলে আসছে। বর্তমানে বিশ্বে গড় কর্পোরেট করের হার ২৩.৬ শতাংশ, এশিয়াতে ২১.১৩ শতাংশ, ওইসিডি দেশগুলোতে ২৩ শতাংশ। অন্যদিকে বাংলাদেশে সাধারণ কর্পোরেট করের গড়হার ৩০ শতাংশ, সর্বাধিক ৪৫ শতাংশ এবং সর্বনিম্ন ১০ শতাংশ। এটা অত্যন্ত আশাব্যঞ্জক যে, এনবিআর ডিসিসিআই'র সুপারিশগুলোকে আমলে নিয়ে কর্পোরেট করের হার কমিয়েছে, এমএসএমই বান্ধব ভ্যাট ব্যবস্থা প্রবর্তন করেছে এবং শিল্প বান্ধব পদক্ষেপ গ্রহণ করেছে। প্রতিযোগী দেশগুলোর সাথে সংগতি রেখে কর্পোরেট করের ক্রমহ্রাসমান পদ্ধতি বাংলাদেশের বিনিয়োগ প্রতিযোগী সক্ষমতা এবং দেশে বহুমুখী উৎপাদনশীল খাতে এবং বিশাল সেবা খাতে স্থানীয় ও বিদেশি বিনিয়োগ আকর্ষণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। ডিসিসিআই প্রদত্ত ব্যবসা বান্ধব বাজেট সুপারিশমালার কিছু কিছু সরকার অনুমোদন করেছে। ডিসিসিআই মনে করে, ঘোষিত বাজেটটি ব্যবসা বান্ধব ও অর্থনৈতিক পুণঃরুদ্ধার কেন্দ্রিক। জীবন-জীবিকার সমন্বয় সাধনের একটা চেষ্টা এই বাজেটে পরিলক্ষিত হয়।

সম্মানিত সদস্যবৃন্দ

কোভিড-১৯ সৃষ্ট মহামারি আন্তর্জাতিক অর্থনীতিকে মারাত্মক চ্যালেঞ্জের মুখে ফেলে দিয়েছে বিশেষ করে সাপ্লাই চেইন ব্যবস্থা খুব মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। অর্থনৈতিক পুণরুদ্ধারে ও কর্মসংস্থান সৃষ্টিতে উন্নয়নশীল ও উন্নত দেশগুলোর সাথে বাণিজ্য ও বিনিয়োগ একীভূতকরণ এ মূহুর্তে অনেক গুরুত্বপূর্ণ। নতুন অর্থনৈতিক সহযোগিতা এবং সমষ্টিগত উদ্যোগ নিউ নরমাল পরিস্থিতিতে বিদ্যমান স্থবিরতা দূরীকরণে ভূমিকা রাখবে। বাংলাদেশকে বিশ্বের দরবারে অন্যতম আকর্ষনীয় বিনিয়োগের স্থান হিসেবে তুলে ধরতে ও অতিমারি থাকা সত্ত্বেও বাণিজ্য ও বিনিয়োগ সম্ভাবনাকে নিশ্চিত করতে ২০২১ সালে ডিসিসিআই বেশ কিছু সুনির্দিষ্ট উদ্যোগ হাতে নিয়েছে।

It is my pleasure to share with you that many of the policy recommendations and measures proposed by the DCCI to the Prime Minister's Office and different Government agencies were endorsed by the Government and, in turn, these were implemented by the concerned agencies of the government to reduce the COVID-19 induced impacts.

Respected Members of DCCI,

Both Fiscal and Monetary Policy have significance in determining the private sector-led industrial development of Bangladesh and thus an expansionary and private sector credit stimulating Monetary Policy for FY2021-22 has been declared. National Budget for FY 2021-22 was also very critical for the economy. I am delighted to mention that DCCI strengthened partnership and policy advocacy roles with the NBR and Ministry of Finance by giving fact-based inputs for a business-friendly national budget, especially focusing on quick recovery of the business.

A pro-people and business friendly national budget of Tk. 6,03,681 crore, the largest by size in the economic history of Bangladesh, has been declared. To safeguard the CMSME sector, DCCI was vocal to introduce CMSME friendly provisions in VAT & SD Act along-with other budget proposals such as imposing VAT based on the value addition of a product, enhancing the threshold level for turnover tax, quarterly VAT return, online VAT return system while putting emphasis on reducing corporate tax for both listed and non-listed companies, withdrawal of tax on dividend, increase the tax net without creating pressure on existing tax payers, promote export diversification, financial sector development, waiver of vat and taxes for new but small ventures along with other business and industry related recommendations to incorporate in the National Budget of FY 2021-22. DCCI also proposed rational allocation in the development budget, higher allocation in social safety net and health sector to keep the pandemic effects at minimum in the economy with a view to ensuring quick COVID recovery.

I am pleased to refer that the policy advocacy role of DCCI acted positively and NBR brought relief for both businesses and individuals through reducing corporate tax rate by 2.5% from existing rate for listed and non-listed companies, reducing Gross Receipt (more than Tk. 3 crore) tax from 0.5% to 0.25%, providing protection measures of wholesalers because they sell more traded products on lower margin profit rate and the same product changes the hands of traders frequently, reducing advance tax for industrial raw material from 4% to 3%, providing protectionist measures for import-substitute SMEs and increasing duty for importing the luxury product on import stage.

Recapping the national budget FY2021-22, we found that 38% of NBR revenue comes from VAT, 31.5% comes from Tax, 17% comes from supplementary duty and the rest 13.5% comes from Import duty. During 2021-22, DCCI played strong advocacy role pursuing NBR to prioritize private sector interests for rationalization of corporate tax for publicly listed and non-listed companies in line with competing countries. At present, the average corporate tax rate in the world is 23.6%, 21.13% in Asia and 23% in the OECD countries. On the other hand, in Bangladesh, general corporate tax threshold is 30%, maximum is 45% and minimum is 10%. It is encouraging that NBR has accepted DCCI's proposals by reducing corporate tax, MSME friendly VAT measures and pro-industry measures. Gradual reeducation of the corporate tax in line with competing countries will help improve investment competitiveness of Bangladesh encouraging local and foreign investment in diversified manufacturing and emerging service sector. Government has approved fully and partially in some cases of pro-business budget proposals shared by DCCI. DCCI found the budget business friendly and private sector recovery centric in a broader point of view. This national budget had more focus on revival of economy and tried to focus on balancing live and livelihood.

Respected Members of DCCI,

The COVID-19 pandemic has brought unprecedented challenges to the global economy severely impacting global supply chain system. Trade and investment integration with developing and developed countries is crucial for economic recovery and creating employment opportunities. The new economic collaboration and collective efforts in the new normal situation can rebound this current economic stagnation. During 2021, DCCI also undertook many focused initiatives to brand Bangladesh as a promising investment destination and secure new trade and investment opportunities unlocked due to the pandemic.

ব্যাপক অর্থনৈতিক রূপান্তরের সাথে সাথে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উদ্‌যাপন, বাংলাদেশের স্বাধীনতার সূবর্ণ জয়ন্তী এবং ক্রমবর্ধমান ডিজিটালাইজেশন এর মাঝে ডিসিসিআই বাণিজ্য মন্ত্রণালয়ের সাথে যৌথভাবে বাংলাদেশে বৈশ্বিক বাণিজ্য ও বিনিয়োগ আকর্ষনের নিমিত্ত একটি বিশাল উদ্যোগ গ্রহণ করে। বাংলাদেশের সাথে ৫টি আলাদা আলাদা অঞ্চল যেমন আমেরিকা, ইউরোপ, মধ্যপ্রাচ্য, এশিয়া ও প্যাসিফিক এবং আফ্রিকা অঞ্চলের সাথে বাণিজ্য সম্পর্কিত অংশীদারিত্ব জোরদার করার জন্য বাণিজ্য মন্ত্রণালয় ও ডিসিসিআই যৌথভাবে ভার্চুয়ালি সপ্তাহ ব্যপি 'বাংলাদেশ ট্রেড অ্যান্ড ইনভেস্টমেন্ট সামিট-২০২১' এর আয়োজন করে। সম্মেলনের অন্যতম উদ্দেশ্য ছিল বাংলাদেশকে একটি আকর্ষনীয় বাণিজ্যিক স্থান ও বিদেশি বিনিয়োগের জন্য একটি উত্তম গন্তব্য হিসেবে তুলে ধরা। নতুন বৈশ্বিক প্রেক্ষাপটে আন্তর্জাতিক সম্পর্কের উন্নয়ন, অগ্রাধিকার ভিত্তিক শিল্পখাতসমূহে বিনিয়োগ আকৃষ্ট করাও এই সামিটের অন্যতম লক্ষ্য ছিল। এটাই ছিল বাংলাদেশে এযাবৎকালে হওয়া সবচেয়ে বড় বাণিজ্য ও বিনিয়োগ সম্মেলন, যা সম্পূর্ণ ভার্চুয়ালি অনুষ্ঠিত হয়।

এই সামিটে ৯টি খাতকে অর্থনীতির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ হিসেবে চিহ্নিত করা হয় এবং এই খাতসমূহতে অধিকহারে বিনিয়োগের আহ্বান জানানো হয়। খাতগুলো হলো: অবকাঠামো (ফিজিক্যাল, লজিস্টিক এবং এনার্জি), তথ্যপ্রযুক্তি ও ফিনটেক, চামড়াজাত পণ্য, ঔষধ, অটোমোবাইল এবং হালকা শিল্প, প্লাস্টিক পণ্য, কৃষি ও খাদ্য প্রক্রিয়াজাতকরণ, পাট ও টেক্সটাইল, ভোগ্য পণ্য ও রিটেইল। এছাড়াও ৭দিন ব্যাপি সামিটে ৬টি ওয়েবিনার আয়োজন করা হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এই সামিটের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে গণভবন থেকে ভার্চুয়ালি অংশগ্রহণ করেন। এছাড়াও দেশ বিদেশের বিশিষ্ট ব্যাক্তিবর্গ ভার্চুয়ালি যোগদান করেন।

বিভিন্ন অঞ্চলের সাথে বাংলাদেশের বাণিজ্য ও বিনিয়োগ সম্ভাবনা নিয়ে ৬টি আলাদা আলোচনা অনুষ্ঠান বা ওয়েবিনারের আয়োজন করা হয়। আলোচনাগুলো থেকে বেশ কিছু ফলাফল কেন্দ্রিক আউটকাম উঠে এসেছে যা আমাদের বাণিজ্য ও বিনিয়োগ ইকোসিস্টেমকে আঞ্চলিক ও বৈশ্বিক পর্যায়ে উন্নীত করতে সহায়ক হবে।

সপ্তাহব্যাপী সম্মেলনে দেশি-বিদেশি প্রায় ৫৫২টি কোম্পানি ৩৮টি দেশ থেকে ৪৫০টি পরিকল্পিত বিটুবি থেকে ৩৬৯টি বিটুবিতে ভার্চুয়ালি অংশগ্রহণ করেন। বিটুবি সেশন শেষে ১.১৬ বিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ সম্ভাবনার সৃষ্টি হয়েছে। ১৩টি দেশ থেকে ২০টি কোম্পানি যৌথ বিনিয়োগে আগ্রহ প্রকাশ করেছে এবং ১৪টি দেশ থেকে বিদেশি কোম্পানিসমূহ বাংলাদেশ থেকে ২৬টি পণ্য আমদানি করার আগ্রহ প্রকাশ করেছে পক্ষান্তরে বাংলাদেশি কোম্পানি ১৩টি দেশে রপ্তানি করার আগ্রহ দেখিয়েছে। শ্রীলংকা থেকে একটি কোম্পানি বাংলাদেশ থেকে চুক্তি ভিত্তিতে লোক নিয়োগ করার আগ্রহ দেখিয়েছে।

বাংলাদেশে বিনিয়োগের আগ্রহ যে সকল দেশ দেখিয়েছে তারা হলো- ভিয়েতনাম, চীন, থাইল্যান্ড, যুক্তরাজ্য, জাপান, শ্রীলংকা, ফিলিপাইন, হংকং, নাইজেরিয়া, ভারত, পাকিস্তান ও ইরান। দেশগুলো দুগ্ধ পণ্য, ডিজিটাল ভূমি ব্যবস্থাপনা, ইআরপি, বন্দর উন্নয়ন, অবকাঠামো, নবায়নযোগ্য জ্বালানী, ফিনটেক, টেক্সটাইল, তৈরি পোষাক, সোলার এনার্জি, ভোগ্য পণ্য, বিদ্যুৎ, টেলি-যোগাযোগ এবং পাট খাতে আগ্রহ দেখিয়েছে। এই সম্মেলনের মাধ্যমে বাংলাদেশ বিশ্বকে তার বিনিয়োগ আকর্ষনের প্রস্তুতি ও অর্থনৈতিক দক্ষতা দেখাতে সক্ষম হয়েছে।

এর আগে একই ভাবে বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধিতে ও বৈশ্বিক ব্যবসা-বাণিজ্য পরিস্থিতি পুণরুদ্ধারের স্বার্থে অর্থনৈতিক কূটনৈতিক কার্যক্রমের অংশ হিসেবে গত জানুয়ারি মাসের ৫-৭ তারিখ পর্যন্ত ডিসিসিআই বিজনেস কনক্লেভ ২০২১ আয়োজন করা হয় যার মূল প্রতিপাদ্য বিষয় ছিল 'মেকিং বিজনেস স্ট্রংগার দেন এভার' অথবা ব্যবসা-বাণিজ্যকে যেকোন সময়ের চাইতে শক্তিশালী করা। কনক্লেভটি আয়োজনের প্রধান উদ্দেশ্য ছিল উন্নয়নশীল এমনকি উন্নত দেশগুলোর সাথে বাণিজ্যক, বিনিয়োগ ও ম্যাচ-মেকিং-এর মাধ্যমে গভীর সম্পৃক্ততা নিশ্চিত করা।

এই উদ্যোগের মাধ্যমে বিনিয়োগকারীগণ এবং সর্বস্তরের উদ্যোক্তাবৃন্দ ব্যবসা সম্প্রসারণে একটি নির্দিষ্ট প্ল্যাটফর্মে যুক্ত হন এবং তাদের অভিজ্ঞতা ও জ্ঞান একে অপরের সাথে শেয়ার করার সুযোগ পান। এই কনক্লেভে ৯টি দেশের ২৩৪টি স্থানীয় ও বিদেশি ব্যবসায়ীদের অংশগ্রহণে প্রায় ১৩২টি বিটুবি অনুষ্ঠিত হয়েছে। তন্মধ্যে সরকারি বিশিষ্ট ব্যাক্তিবর্গ, দেশ বিদেশের ৩৪ জন কূটনৈতিক ব্যক্তিবর্গ, ব্যবসায়ী নের্তৃবৃন্দ এবং শিল্পোদ্যোক্তারা এই কনক্লেভে অংশগ্রহণ করেন।

ডিসিসিআই'র সম্মানিত সদস্যবৃন্দ

ডিসিসিআই'র ট্রেড ফ্যাসিলিটেশন বিভাগ বাংলাদেশের আন্তর্জাতিক বাণিজ্য, বিদেশি বিনিয়োগ, এমএসএমই খাতের নতুন নতুন বাজারে প্রবেশাধিকাররের উন্নয়ন, অর্থনৈতিক কূটনৈতিক কর্মকাণ্ডের প্রসার, ব্যবসায় প্রতিষ্ঠানসমূহের সাথে যোগাযোগ এবং বিশ্ব দরবারে ডিসিসিআই'র ভাবমূর্তি উজ্জ্বল করতে নিরলস ভূমিকা পালন করে আসছে। বিদেশি মিশনগুলো, বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশন, আন্তর্জাতিক চেম্বার এবং আন্তর্জাতিক বাণিজ্য সহযোগী প্রতিষ্ঠানসমূহের সাথে ডিসিসিআই আরো গভীর সম্পৃক্ততা বৃদ্ধি করতে ডিসিসিআই ২০২১ সালে বিভিন্ন বহুমুখী কার্যক্রম সম্পন্ন করেছে।

Coinciding massive economic transformation with the celebration of Birth Centenary of the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman and 50 years of the independence of Bangladesh and growing digitalization spree, DCCI, undertook an opportune move to rejuvenate the global trade and investment fraternity partnering Ministry of Commerce, Government of Bangladesh. Ministry of Commerce and DCCI organized a virtual week-long International Investment Summit titled **Bangladesh Trade & Investment Summit 2021** to deepen collaboration of Bangladesh with the investors from the five regions; Americas, Europe, Middle East, Asia & Pacific and Africa**.** The objectives of the Summit were to promote Bangladesh as an attractive trading and FDI destination, extend global integration on trade and investment into a new global reality as well as to secure investment in diverse priority industries. This event is the largest ever virtual trade and investment summit of the country including B2B fully arranged through a virtual mode.

This summit included nine sectors underscoring critical enablers and avenues of the economy, demanding investment especially in Infrastructure (Physical, logistics & Energy), ITES & FINTECH, Leather goods, Pharmaceuticals, Automotive & Light Engineering, Plastic products, Agro & Food Processing, Jute & Textiles, FMCG & Retail having 6 critical discussion sessions. Her Excellency Sheikh Hasina, Honourable Prime Minister of Government of the People's Republic of Bangladesh joined virtually as the Chief Guest in the inaugural ceremony of the Summit above all other dignitaries from home and abroad joined the event.

There were six separate discussion sessions held to ease the trade and investment prospects and potentials across the regions. The critical discussion sessions have created some result-oriented outcomes that were expected to shape up our trade and investment ecosystem and improve the regional and global business synergy in the near future.

In the week-long Summit, representatives from around 552 companies from 38 countries took part in 369 Business-to-Business (B2B) match-making sessions through online platform out of 450 planned B2Bs. Expression of Interests for investment of USD 1.16 billion came up from the B2Bs. 20 companies from 13 countries have expressed interest in joint ventures and foreign companies from 14 countries intended to import 26 products from Bangladesh whereas Bangladesh expressed to export to 13 countries and 1 contract farming interest was received from a Sri Lankan company.

Countries showed interest in Bangladesh were Vietnam, China, Thailand, United Kingdom, Japan, Sri Lanka, Philippines, Hong Kong, Nigeria, India, Pakistan and Iran in dairy products, digital land management, ERP, port development, infrastructure, renewable energy, fintech textile & RMG, solar energy, FMCG, energy, telecommunication and jute sectors. Through this summit, Bangladesh showed her investment readiness and economic competence to the world. The key findings of the summit are enclosed into another chapter of this Annual Report.

Prior to that, in the same direction of economic diplomacy for trade and investment expansion, DCCI, came up with an exceptional and innovative approach of global business recovery event organizing "DCCI Business Conclave-2021" held between from 5 to 7 January, 2021 with the theme of "Making Business Stronger than Ever". The objective of the conclave was to foster partnership and collaboration with both the developing and developed countries through trade, investment and business match-makings. It also connected investors and entrepreneurs for sharing knowledge, experience and forging collaboration for business expansion. Around, 132 B2B match-making sessions were held with the presence of 234 local and foreign businesses from 9 countries. Among others, Government dignitaries and 34 diplomatic mission chiefs from home and abroad around the world and business personalities, leaders and industry leaders joined and grace the Conclave.

Respected Members of DCCI,

Trade Facilitation Department of DCCI plays a pivotal role to facilitate cross-border trade, foreign investment, improves market access for MSMEs, promote economic diplomacy, enhance business to business connectivity and uphold the image of DCCI on the global stage. During the year 2021, diverse activities have been executed to increase collaboration with Foreign Missions of different countries in Bangladesh, Bangladesh Missions abroad, International Chambers and International Trade Promotion Agencies.

এরই অংশ হিসেবে ডিসিসিআই পরিচালনা পর্ষদ বাংলাদেশে অবস্থিত প্রায় ১৬ জন রাষ্ট্রদূতের সাথে এবং ২ জন মিশন প্রধানের সাথে সাক্ষাৎ করেছে। এই সভাগুলোর উদ্দেশ্য ছিল দ্বি-পাক্ষিক বাণিজ্য বিরোধ, প্রতিবন্ধকতা, বাণিজ্য ও বিনিয়োগ সম্ভাবনা খুঁজে বের করা, বাংলাদেশের ব্র্যান্ড ইমেজ বৃদ্ধি করা, এলডিসি থেকে উত্তোরণকালীন সময়ে অর্থনৈতিক সহযোগিতা শক্তিশালীকরণ, এলডিসি উত্তোরণ পরবর্তী চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় নির্ধারণ, যৌথ গবেষণা কার্যক্রমকে ত্বরান্বিত করা, ব্যবসায়ীদের মধ্যে আন্তঃযোগাযোগ বৃদ্ধি করা এবং আন্তর্জাতিক সম্পৃক্ততার সুফল ভোগ করা। কিছু গুরুত্বপূর্ণ সভাসমূহের সংক্ষিপ্তসার নিম্নে উল্লেখ করা হলোঃ

পাকিস্তানের রাষ্ট্রদূত মান্যবর ইমরান আহমেদ সিদ্দিকী এর সাথে বৈঠক

ডিসিসিআই ও পাকিস্তান হাই কমিশনের বৈঠক ১৩ জানুয়ারি ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় সার্কের সহযোগিতায় কিভাবে আঞ্চলিক বাণিজ্য ও বিনিয়োগকে আরও বেগবান করা যায় তা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। দু'দেশের ব্যবসা বাণিজ্যকে সম্প্রসারিত করতে হলে পিটিএ/এফটিএ করা প্রয়োজন বলে মনে করা হয়। পাকিস্তানের যে চেম্বারগুলোর সাথে ডিসিসিআই'র সমঝোতা স্মারক স্বাক্ষরিত আছে সেগুলোকে পুনরায় কার্যকর করা, সরাসরি বিমান যোগাযোগ, সরাসরি সমুদ্র পথে যোগাযোগ এবং সাংস্কৃতিক অংশগ্রহণ বৃদ্ধি করার উপর গুরত্বারোপ করা হয়।

মিশরের রাষ্ট্রদূত মান্যবর হেইথাম গোব্যাশির সাথে বৈঠক

বাংলাদেশে অবস্থিত মিশরের রাষ্ট্রদূতের সাথে ডিসিসিআই পরিচালনা পর্ষদের বৈঠক বিগত ২৬ জানুয়ারি ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় মিশরে বাংলাদেশের বেসরকারি খাতের বিনিয়োগ সম্ভাবনা নিয়ে আলোচনা হয়। মিশর থেকে আমেরিকা, ইউরোপীয় ইউনিয়ন, লাতিন আমেরিকা এবং মধ্যপ্রাচ্যে পণ্য রপ্তানিতে শুল্ক ও কোটামুক্ত সুবিধা পাওয়া যায়। নির্মাণ ও অবকাঠামো খাতে দু'দেশের ব্যবসায়ীদের মাঝে যৌথ বিনিয়োগের সম্ভাবনা রয়েছে। এছাড়াও, বাংলাদেশ থেকে আরও বেশি হারে তৈরি পোষাক, পাদুকা, ঔষধ এবং সিরামিক পণ্য নেয়ার আহ্বান জানানো হয়।

তুরস্কের রাষ্ট্রদূত মান্যবর মুস্তাফা ওসমান তুরানের সাথে বৈঠক

বাংলাদেশে অবস্থিত তুরস্কের রাষ্ট্রদূতের সাথে ডিসিসিআই পরিচালনা পর্ষদের বৈঠক বিগত ২ ফেব্রুয়ারি ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় তুরস্কের রাষ্ট্রদূত বাংলাদেশের কৃষি শিল্প, হালকা প্রকৌশল, ঔষধ, তথ্য-প্রযুক্তি, জাহাজ নির্মাণ, জ্বালানী, গৃহস্থালি পণ্যের উপর আগ্রহ দেখান। সভায় বাংলাদেশ থেকে তুরস্কে সুতা রপ্তানিতে এন্টি-ডাম্পিং শুল্ক প্রত্যাহারের আহ্বান করা হয়।

বৃটিশ হাইকমিশনার মান্যবর রবার্ট চ্যাটারটন ডিকসন-এর সাথে বৈঠক

বাংলাদেশে অবস্থিত যুক্তরাজ্যের হাইকমিশনারের সাথে ডিসিসিআই পরিচালনা পর্ষদের বৈঠক গত ৯ ফেব্রুয়ারি ২০২১ তারিখে ডিসিসিআইতে অনুষ্ঠিত হয়। সভায় বাংলাদেশে যুক্তরাজ্যের বিনিয়োগকারীদের জন্য আলাদা একটি অর্থনৈতিক এলাকা, স্বাস্থ্য, শিক্ষা, আর্থিক এবং ফিনটেক খাতে যুক্তরাজ্যের বিনিয়োগ আকর্ষন ইত্যাদি বিষয় আলাপ হয়। এছাড়াও বাংলাদেশ থেকে সফটওয়্যার রপ্তানি, বাংলাদেশের ব্যবসা বাণিজ্য পরিবেশের উন্নয়ন, দক্ষতা উন্নয়ন এবং মানসম্মত শিক্ষাব্যবস্থা ও বাংলাদেশে যুক্তরাজ্যের বিশ্ববিদ্যালয়গুলোর দূরশিক্ষণ ক্যাম্পাস চালু করার উপর আরো আলোচনা করা হয়।

সিঙ্গাপুরের কনস্যুল, শিলা পিল্লাই-এর সাথে ডিসিসিআই পরিচালনা পর্ষদের বৈঠক

বাংলাদেশে অবস্থিত সিঙ্গাপুরের কনসূলেট এর সাথে ডিসিসিআই'র বৈঠকটি বিগত ১৭ ফেব্রুয়ারি ২০২১ তারিখ অনুষ্ঠিত হয়। দ্বি-পাক্ষিক বাণিজ্য ও বিনিয়োগ উন্নয়নই ছিল আলোচনার মূল বিষয়। দু'দেশের বাণিজ্য ঘাটতি কমাতে পণ্যের বহুমুখীকরণের উপর জোরারোপ করা হয়। অবকাঠামো, ডিজিটাল অবকাঠামো, জাহাজ নির্মাণ, তথ্যপ্রযুক্তি, বন্দর, লজিস্টিক খাতে সিঙ্গাপুরের বিনিয়োগ আশা করা হয়। এছাড়াও অবকাঠামো খাতে, আর্থিক সেবাখাতে ও বৈদ্যুতিক মেশিনারি খাতে প্রযুক্তিগত দক্ষতার আদান প্রদানের উপর জোর দেয়া হয়।

ভারতের হাইকমিশনার মান্যবর বিক্রম কে. দোরাইশামী-এর সাথে ডিসিসিআই পরিচালনা পর্ষদের সাক্ষাৎ

ভারতীয় হাই কমিশনারের সাথে ডিসিসিআই এর পরিচালনা পর্ষদের মধ্যকার আলোচনা সভা ২৩ ফেব্রুয়ারি ২০২১ তারিখে ডিসিসিআইতে অনুষ্ঠিত হয়। নন-ট্যারিফ প্রতিবন্ধতা এবং বিভিন্ন বাণিজ্য বিরোধ নিষ্পত্তির জন্য দু'দেশের মধ্যকার যৌথ অর্থনৈতিক কমিশনে দু'দেশের বেসরকারি খাতের অংশগ্রহণের উপর জোরারোপ করা হয়। যে কোন পণ্য রপ্তানিতে বাধার ক্ষেত্রে আপোস আলোচনা, খাতভিত্তিক সহযোগিতা, দ্বি-পাক্ষিক বাণিজ্য উন্নয়ন, ভারতের কাস্টমস আইন ২০২০ পর্যালোচনা, মিউচুয়াল রেকগনিশন এগ্রিমেন্ট, বাংলাদেশের স্থল বন্দর অবকাঠামো উন্নয়ন, উত্তর পূর্ব ভারতের সাথে যোগাযোগ বৃদ্ধি, বাংলাদেশ থেকে ভোজ্যতেল রপ্তানি এবং অন্যান্য নন-ট্যারিফ বিষয়সমূহ সহ দ্বি-পাক্ষিক বিভিন্ন অর্থনৈতিক কর্মকাণ্ড নিয়ে আলোচনা করা হয়।

In this regard, President of DCCI conducted meeting with Ambassadors/High Commissioners of 16 Foreign Diplomatic Missions in Bangladesh as well as two Head of Bangladesh Missions abroad. The objectives of the meetings were to address trade barriers, prioritize the areas of action to explore bilateral trade and investment opportunities, improve the brand image of Bangladesh, strengthen economic cooperation in the wake of smoother transition to LDC graduation of Bangladesh, address the post LDC challenges, promote joint research, strengthen business to business connectivity and reap the grater benefit of global integration. Some of the key meetings are noted below:

Meeting with H. E. Imran Ahmed Siddqui, High Commissioner of Pakistan to Bangladesh

The meeting between the High Commission of Pakistan in Bangladesh and DCCI was held on 13 January, 2021 at DCCI. The meeting discussed scope of boosting regional trade and investment with an active intervention of SAARC. Signing of PTA or FTA between these two countries, increasing trade volume, reactivating of MoUs with Pakistani Chambers, enhancing connectivity, restart direct flight and establishing direct maritime connectivity and strengthening cultural engagements were discussed.

Meeting With H. E. Haytham Ghobhashy, Ambassador, Embassy of Egypt in Bangladesh

The meeting between Embassy of Egypt in Bangladesh and DCCI was held on 26 January, 2021 at DCCI. The meeting discussed various issues including potentials of Bangladesh's private sector investment in Egypt to avail duty free and quota free access to the USA, EU, Latin America and Middle Eastern counties, joint collaboration in construction and infrastructure sector, create opportunities for more export of Bangladeshi products- cotton, garments, footwear, pharmaceuticals, ceramic and recruiting IT professionals from Bangladesh.

Meeting with H.E. Mustafa Osman Turan, Ambassador of Turkey in Bangladesh

The meeting between Embassy of Turkey in Bangladesh and DCCI was held on 2 February 2021 at DCCI. Turkey showed interest to invest in agro-industry, light engineering, pharmaceuticals, ICT, ship building, energy, household appliances sectors in Bangladesh. During the discussion, DCCI requested to withdraw anti-dumping duty on export of yarn from Bangladesh to Turkey.

Meeting with H.E. Robert Chatterton Dickson, British High Commissioner in Bangladesh

The meeting between the British High Commission and DCCI was held on 9 February 2021 at DCCI. The meeting discussed to establish economic zone in Bangladesh for UK investors, attract UK investment in health, financial sector, higher education and Fintech, promote Bangladesh as software export destination, ways to be competitive and improving business environment of Bangladesh, action for skill development and quality education and interest of UK Universities to invest in Bangladesh's higher education sector under cross-border higher education model.

Meeting with Sheela Pillai, Consul of Singapore in Bangladesh

The meeting between Consulate of Singapore in Dhaka and DCCI was held on 17 February, 2021 at DCCI. The meeting discussed boosting bilateral trade and investments through collaboration and different engagements and activities. Product diversification is mandatory to reduce trade gap between the two countries. Infrastructure, digital infrastructure, shipbuilding, ICT and port, logistics sectors are preferable sectors for Singaporean investment in Bangladesh. Transferring technical know-how in infrastructure development, financial services and electronics machinery sectors for local and regional market was stressed.

Meeting with H.E. Vikram K Doraiswami, Indian High Commissioner in Bangladesh

The meeting between the High Commission of India in Bangladesh and DCCI was held on 23 February, 2021 at DCCI. The meeting discussed inclusion of private sector of both countries in the Joint Economic Commission to address the non-tariff barriers and trade-related disputes. The meeting also highlighted negotiation on export restriction for any product, sector specific collaboration to promote bilateral trade and investment, review of Custom Rules 2020 of India pertaining to RoO, Mutual Recognition Agreement (MRA) of certification, land port infrastructure, expanding connectivity with north eastern India, export of edible oil from Bangladesh to India with high value addition, infrastructure development and other non-tariff barrier issues to improve bilateral economic relation.

নেদারল্যান্ডের রাষ্ট্রদূত মান্যবর হ্যারি ভারওয়েজ-এর সাথে ডিসিসিআই পরিচালনা পর্ষদের সাক্ষাৎ

বাংলাদেশে অবস্থিত নেদারল্যান্ড এর রাষ্ট্রদূতের সাথে ডিসিসিআই পরিচালনা পর্ষদের দ্বি-পাক্ষিক আলোচনা বিগত ১৪ মার্চ ২০২১ তারিখে ডিসিসিআইতে অনুষ্ঠিত হয়। ইউরোপীয় ইউনিয়নভূক্ত বাজারে জিএসপি প্লাস সুবিধা প্রাপ্তি, কৃষি ও কৃষিভিত্তিক খাতের উচ্চমান সম্পন্ন পণ্য এবং বাংলাদেশের ডেল্টা প্ল্যান-এর বিষয়ে একসাথে কাজ করার নানামুখী সম্ভাবনা নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। তথ্যের আদান প্রদান, সমুদ্র অর্থনীতির সম্ভাবনাকে কাজে লাগাতে একসাথে কাজ করা, ডেল্টা মহাপরিকল্পনা, ডাচ দূতাবাসের সাথে ডিসিসিআই'র একসাথে কাজ করা, সিবিআই প্রোগ্রামের সাথে ডিসিসিআইকে সম্পৃক্ত করা এবং যৌথভাবে প্রকল্প পরিচালনার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

মার্কিন রাষ্ট্রদূত মান্যবর আর্ল আর মিলার-এর সাথে ডিসিসিআই পরিচালনা পর্ষদের সাক্ষাৎ

বাংলাদেশে অবস্থিত মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূতের সাথে ডিসিসিআই পরিচালনা পর্ষদের দ্বি-পাক্ষিক বাণিজ্য আলোচনা বিগত ২১ মার্চ ২০২১ তারিখে ডিসিসিআইতে আয়োজিত হয়। দ্বি-পাক্ষিক ব্যবসা ও বিনিয়োগ বৃদ্ধি করা, খাত-ভিত্তিক সহযোগিতা, জেলা পর্যায়ে সমহারে উন্নয়ন, কোভিড পরবর্তী অর্থনৈতিক পুণরুদ্ধারের স্বার্থে সম্ভাবনাময় খাতগুলোতে বাংলাদেশ ও মার্কিন যুক্তরাষ্ট্রের সহযোগিতামূলক কার্যক্রম, এলডিসি উত্তোরণ পরবর্তী চ্যালেঞ্জ মোকাবেলা, ডিসিসিআই, মার্কিন দূতাবাস ও ইউএসএআইডি তৃপাক্ষিক সহযোগিতা, জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলা, বাংলাদেশ-ইউএস বিজনেস কাউন্সিলের যাত্রা, আমেরিকার বাজারে জিএসপি সুবিধা পাওয়া, মার্কিন বাজারে তৈরি পোষাক, পাদুকা, দুগ্ধজাত পণ্যের শুল্ক মুক্ত ও কোটা ফ্রি অন্তর্ভূক্তিসহ কৃষি, অটোমোবাইল, সমুদ্র অর্থনীতি, উচ্চমান সম্পন্ন তৈরি পোষাক ও পর্যটন খাতে সহযোগিতার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

পাকিস্তানের হাইকমিশনের সাথে ডিসিসিআই পরিচালনা পর্ষদের বৈঠক

পাকিস্তান হাইকমিশনের সাথে ডিসিসিআই এর পরিচালনা পর্ষদের মধ্যকার বাণিজ্য আলোচনা গত ২০ জুন ২০২১ তারিখে ডিসিসিআইতে অনুষ্ঠিত হয়। বৈঠকে এফটিএ/পিটিএ স্বাক্ষরের জন্য দু'দেশের সরকারি পর্যায়ে বাণিজ্য আলোচনা, দ্বি-পাক্ষিক বাণিজ্য সম্পর্ক এগিয়ে নিতে ধর্মীয় হেরিটেজ, সংস্কৃতি, খাদ্য ও সাংস্কৃতিক সাদৃশ্যের মেলবন্ধন উন্নয়ন, জনগনের সাথে সরাসরি যোগাযোগ স্থাপন, যৌথ অর্থনীতি কমিশনের পুণঃজাগরণ, ডি-৮ ভুক্ত দেশগুলোর চেম্বারসমূহের সাথে অংশীদারিত্বমূলক কার্যক্রম এবং চীন-পাকিস্তান অর্থনৈতিক করিডোর অনলাইন রোড-শোতে অংশগ্রহণ নিয়ে আলোচনা করা হয়।

মালয়শিয়ার হাইকমিশনার মান্যবর মিস হাযনাহ্ মোঃ হাশিম-এর সাথে ডিসিসিআই সভাপতির ভার্চুয়াল সভা

বাংলাদেশে নিযুক্ত মালয়শিয়ার হাই কমিশনারের সাথে ডিসিসিআই সভাপতির ভার্চুয়াল বাণিজ্য আলোচনা ২৩ জুন ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় দ্বি-পাক্ষিক পিটিএ/এফটিএ স্বাক্ষরের সম্ভাবনা, আসিয়ান অঞ্চলে বাংলাদেশের পর্যবেক্ষক মর্যাদা, কার্যকরী কর্পোরেট করের হার, বাংলাদেশি কৃষি পণ্য রপ্তানিকারকদের দক্ষতা উন্নয়নে যৌথ উদ্যোগ, এসএমইদের দক্ষতা শেয়ার করার জন্য একটি নির্দিষ্ট প্ল্যাটফর্ম তৈরি, বাণিজ্য সহজীকরণে এবং এলডিসি থেকে স্বচ্ছন্দভাবে উত্তোরণের জন্য সেবা খাতে বিশেষ করে তথ্যপ্রযুক্তি, স্বাস্থ্য, শিক্ষা খাতে মালয়শিয়ার সহযোগিতা প্রাপ্তি ইত্যাদি বিষয়ে সবিস্তরে আলোচনা করা হয়।

নেদারল্যান্ডের নবনিযুক্ত রাষ্ট্রদূত মান্যবর এ্যানে ভ্যান লুবেন-এর সাথে পরিচালনা পর্ষদের সাক্ষাৎ

বাংলাদেশে নিযুক্ত নেদারল্যান্ডের মান্যবর রাষ্ট্রদূতের সাথে ডিসিসিআই পরিচালনা পর্ষদের বৈঠকটি বিগত ৮ সেপ্টেম্বর ২০২১ তারিখে ডিসিসিআইতে অনুষ্ঠিত হয়। সভায় বাংলাদেশে সহজে ব্যবসা করার পরিবেশের উন্নতির অগ্রগতি, কান্ট্রি ব্র্যান্ডিং এর স্বার্থে বেসরকারি খাতের সেরা সফলতাসমূহের উদাহরণ তুলে ধরা, মৎস, তথ্যপ্রযুক্তি এবং কৃষি খাতে ডাচ বিনিয়োগ আকর্ষণ, কৃষি প্রক্রিয়াজতকরণ পণ্য রপ্তানিতে বাংলাদেশি ব্যবসায়ীদের দক্ষতা উন্নয়ন এবং দু'দেশের ব্যবসায়ীদের মাঝে আরও বেশি যোগাযোগের জন্য বাণিজ্য প্রতিনিধিদল বিনিময়সহ অন্যন্য অনেক গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হয়।

বাংলাদেশে নিযুক্ত কসোভোর রাষ্ট্রদূতের সাথে ডিসিসিআই পরিচালনা পর্ষদের সাক্ষাৎ

বাংলাদেশে নিযুক্ত কসোভোর রাষ্ট্রদূত মান্যবর গানার উরেয়া-এর সাথে ডিসিসিআই পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দের এক বাণিজ্য আলোচনা বিগত ৮ সেপ্টেম্বর ২০২১ তারিখে ডিসিসিআইতে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্য বিষয়ের সাথে যেসকল খাতে যৌথভাবে বিনিয়োগ করার সুযোগ রয়েছে সে বিষয়ে আলোচনা হয়। আলোচনায় দু'দেশের মধ্যে ডাবল ট্যাক্সেশন এভয়ডেন্স ট্রিটি নিয়ে একটি সমঝোতা স্বাক্ষরের বিষয়টি উঠে আসে। ডিসিসিআই'র পক্ষ থেকে কসোভোর ব্যবসায়ীদের বাংলাদেশের হাইটেক পার্কে বিনিয়োগের আহ্বান জানানো হয়। কসোভো চাইলে বাংলাদেশ থেকে প্রচুর তথ্যপ্রযুক্তি খাতের পেশাদার কর্মী নিতে পারে একই সাথে এ দেশ থেকে বেশি করে প্রকৌশলি এবং দক্ষ মানবসম্পদ নেয়ারও আহ্বান জানানো হয়।

Meeting with H. E. Harry Verweij, Ambassador, Embassy of the Kingdom of Netherlands in Bangladesh

The meeting between Embassy of the Kingdom of the Netherlands in Bangladesh and DCCI was held on 14 March 2021 at DCCI. The meeting discussed ways to avail GSP plus in the EU market, virtual business summit focusing on Agro and allied sector and high-end products, working together to segregate the delta plan into different and segmented documents. The meeting also highlighted on exchanging of information and collaboration on blue economy, Delta plan activation, creating a working ground between DCCI and the Netherlands Embassy, inclusion of DCCI in the CBI program and funding for developing joint projects.

Meeting with H.E. Earl R. Miller, Ambassador, U.S. Embassy in Bangladesh

The meeting between the U.S Embassy in Bangladesh and DCCI was held on 21 March 2021 at DCCI. The meeting discussed to boost bilateral trade and investment, sectoral cooperation, balanced development of all districts of Bangladesh, potential areas of cooperation between Bangladesh and USA for next stage of revival of Bangladesh economy from COVID-19 disruption and LDC graduation challenges, potential areas of tripartite cooperation engaging DCCI, U.S. Embassy and USAID, cooperation for climate change risk management, launching Bangladesh-USA Business Council, restoration of GSP facility, inclusion of RMG, footwear and dairy products of Bangladesh under DFQF facility of USA as well as cooperation between Bangladesh and the USA in agriculture, automobile, blue economy, high-end RMG and tourism sectors.

Meeting with the Pakistan High Commission in Bangladesh

The meeting between High Commission of Pakistan in Bangladesh and DCCI was held on 20 June 2021 at DCCI. The discussion included importance of G2G cooperation for bilateral FTA/ PTA, promotion of Islamic heritage, culture, food and music to boost bilateral cooperation, building people to people contact, revival of the Joint Economic Commission (JEC), collaboration of D-8 countries engaging leading chambers and participation in China–Pakistan Economic Corridor (CPEC) online Roadshow.

Meeting with H.E Haznah Md. Hashim, High Commissioner, High Commission of Malaysia in Bangladesh

The virtual meeting between High Commission of Malaysia in Bangladesh and DCCI was held on 23 June 2021. The meeting discussed on importance of framing bilateral PTA or FTA, Eastern political dynamics regarding ASEAN observer status of Bangladesh, effective corporate tax rate of Bangladesh, Joint initiative to build the capacity and knowledge of Bangladeshi agro-products exporters on SPS, launch a platform to share the expertise of SMEs from both countries, expand service sector cooperation particularly in the areas of IT, healthcare, education and support from Malaysia in the trade facilitation and smooth transition to LDC.

Meeting with H.E. Anne Van Leeuwen, Ambassador of the Netherlands in Bangladesh

The meeting between Embassy of Netherlands in Bangladesh and DCCI was held on 8 September, 2021 at DCCI. The meeting discussed about the improved doing business environment of Bangladesh, showcasing success stories of private sector to improve country branding, attracting Dutch investment in fisheries, ICT and agriculture sector, improving capacity of Bangladeshi businesses for agro-processed products export and exchange delegation to enhance business connectivity.

Meeting with H.E. Guner Ureya, Ambassador, Embassy of Republic of Kosovo in Bangladesh

The meeting between Embassy of Kosovo in Bangladesh and DCCI was held on 8 September, 2021 at DCCI. The meeting discussed on forging joint exercise to identify specific areas of bilateral cooperation and framing agreements on the "Double Taxation Avoidance Treaty" to expand economic cooperation. DCCI invited investment from Kosovo in Economic Zones and Hi-Tech Parks of Bangladesh. For economic reconstruction, Kosovo can outsource IT professionals, engineers and skilled workforce from Bangladesh.

বাংলাদেশে নিযুক্ত দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রদূত লি জ্যাং কিউন-এর সাথে ডিসিসিআই পরিচালনা পর্ষদের সাক্ষাৎ

বাংলাদেশে নিযুক্ত দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রদূত মান্যবর লি জ্যাং কিউনের সাথে ডিসিসিআই পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দের সাক্ষাৎ ৯ সেপ্টেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। বাংলাদেশে ব্যবসার পরিবেশ উন্নয়নে দু'দেশের একসাথে কাজ করার বিষয়ে আলোচনা হয়। দ্বি-পাক্ষিক এফটিএ স্বাক্ষরের বিষয়টিও আলোচনায় উঠে আসে। বাংলাদেশে আমদানি বিকল্প শিল্পে কোরিয়ার ব্যবসায়ীদের বিনিয়োগের আহ্বান জানানো হয়।

থাইল্যান্ডের মিনিস্টার কাউন্সিলর (কমার্শিয়াল) খেমাথাট আর্কাওয়াথাম্রং-এর সাথে বৈঠক

থাইল্যান্ডের দূতাবাসের মিনিস্টার কাউন্সিলর (কমার্শিয়াল) খেমাথাট আর্কাওয়াথাম্রং এর সাথে বৈঠকটি গত ৩ অক্টোবর ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। বৈঠকে দ্বি-পাক্ষিক এফটিএ, যৌথভাবে বিনিয়োগের সম্ভাবনা, তৈরি পোষাক খাতে বিনিয়োগ, সরাসরি জাহাজিকরণের জন্য বন্দর কর্তৃপক্ষের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর এবং প্রাযুক্তিক দক্ষতা বিনিময়ের উপর গুরত্বারোপ করে আলোচনা করা হয়।

আলজেরিয়ার রাষ্ট্রদূত মান্যবর রাবাহ্ লারবি-এর সাথে ডিসিসিআই পরিচালনা পর্ষদের বৈঠক

বাংলাদেশে নিযুক্ত আলজেরিয়ার রাষ্ট্রদূত মান্যবর রাবাহ্ লারবি এর সাথে ডিসিসিআই পরিচালনা পর্ষদের বৈঠক গত ৪ অক্টোবর ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। সম্ভাবনাময় বিনিয়োগ ও বাণিজ্যের খাতসমূহ খুজে বের করতে একটি যৌথ ওয়ার্কিং গ্রুপ তৈরি, আলজেরিয়াতে তৈরি পোষাক, ঔষধ, জ্বালানী ও খনিজ সম্পদ, সার ও ফল ইত্যাদি খাতে রপ্তানি সম্ভাবনা খুজে বের করার উপর আলোচনা অনুষ্ঠিত হয়।

বাংলাদেশে নিযুক্ত জাপানের রাষ্ট্রদূতের সাথে ডিসিসিআই পরিচালনা পর্ষদের বৈঠক

বাংলাদেশে নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত মান্যবর ইতো নায়োকি-এর সাথে ডিসিসিআই পরিচালনা পর্ষদের বৈঠক গত ১০ অক্টোবর ২০২১ তারিখে ডিসিসিআইতে অনুষ্ঠিত হয়। সভায় দু'দেশের দ্বি-পাক্ষিক বাণিজ্য সম্প্রসারণ, বাংলাদেশে জাপানি বিনিয়োগকে উৎসাহিত করা, নতুন নতুন অর্থনৈতিক সহযোগিতার সুযোগ খুজে বের করা, অটোমোটিভ, তথ্য প্রযুক্তি, উদ্ভাবন, দক্ষ পেশাদার তৈরি, জাপানি কোম্পানিগুলোর সাথে বাংলাদেশি কোম্পানিসমূহের যোগাযোগ সৃষ্টি, ডিসিসিআই গবেষণা কার্যক্রমে জেট্রো'র সহায়তা এবং বাণিজ্য সহজীকরণ ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

বাংলাদেশে নিযুক্ত স্পেনের রাষ্ট্রদূতের সাথে ডিসিসিআই পরিচালনা পর্ষদের বৈঠক

বাংলাদেশে নিযুক্ত স্পেনের রাষ্ট্রদূত মান্যবর ফ্রান্সিসকো ডি এসিস বেনিটেজ সালাস এর সাথে ডিসিসিআই পরিচালনা পর্ষদের বৈঠক গত ১৮ অক্টোবর ২০২১ তারিখে ডিসিসিআইতে অনুষ্ঠিত হয়। সভায় দু'দেশের দ্বি-পাক্ষিক বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণ, বাংলাদেশে স্পেনের বিনিয়োগ আরও বৃদ্ধি করার উদ্যোগ, স্পেনের উদ্যোক্তাদের বাংলাদেশি বাজার সম্পর্কে পরিচিত করা, বাংলাদেশের সাংস্কৃতিক হেরিটেজ সুরক্ষায় স্পেনের কোম্পানিগুলোকে পিপিপি মডেলের আওতায় কাজে লাগানো, স্পেন থেকে নলেজ ফান্ড আহরণ, প্রযুক্তিগত জ্ঞান বিনিময়, কৃষি খাতে যৌথ বিনিয়োগ এবং শহর ব্যবস্থাপনায় ও বর্জ্য ব্যবস্থাপনায় সহায়তার বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়।

বাংলাদেশে নিযুক্ত থাইল্যান্ডের রাষ্ট্রদূতের সাথে ডিসিসিআই পরিচালনা পর্ষদের বৈঠক

বাংলাদেশে নিযুক্ত থাইল্যান্ডের রাষ্ট্রদূত মান্যবর মিস মাকাওয়াদে সুমিতমোর এর সাথে ডিসিসিআই পরিচালনা পর্ষদের বৈঠক গত ০২ নভেম্বর, ২০২১ তারিখে ডিসিসিআইতে অনুষ্ঠিত হয়। সভায় বিদ্যমান বাণিজ্য পরিস্থিতি নিয়ে আলোচনা হয়। কিভাবে দু'দেশের বাণিজ্য ঘাটতি কমানো যায় সে ব্যাপারেও বিষদ আলোচনা করা হয়। এফটিএ স্বাক্ষরের পূর্বে নেগোসিয়েশনের জন্য একটি সম্ভাব্যতা যাচাই এর প্রস্তাব করা হয়। চট্টগ্রাম বন্দরের সাথে র‍্যানং বন্দরের সরাসরি যোগাযোগ দুই দেশের ব্যবসা বাণিজ্যকে আরও বৃদ্ধি করবে বলে উল্লেখ করা হয়। এছাড়াও বিমসটেক এর মধ্যকার নিবিড় সহযোগিতা ও কার্যকরী করা, ভারত, মায়ানমার ও থাইল্যান্ডের উপর দিয়ে যাওয়া ত্রিপাক্ষিক মহাসড়কটি বাংলাদেশের উপর দিয়ে নিয়ে যাওয়া এবং বাংলাদেশের সুবর্ণ জয়ন্তী যৌথভাবে উদযাপন করা নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

ইউএন টেকনোলজি ব্যাংক ফর এলডিসি-এর ব্যবস্থাপনা পরিচালকের সাথে সাক্ষাৎ

ইউএন টেকনোলজি ব্যাংক ফর এলডিসি এর ব্যবস্থাপনা পরিচালক জশুয়া সেতিপা-এর সাথে ১৯ অক্টোবর ২০২১ তারিখে এক আলোচনা অনুষ্ঠিত হয়। সভায় বাংলাদেশের উৎপাদন খাতকে আরো সমৃদ্ধশালী করার জন্য প্রযুক্তি বিনিময়, এসএমই'র দক্ষতা উন্নয়নে খাতভিত্তিক প্রযুক্তির প্রয়োজনীয়তা নির্ণয় এবং ইউএন টেকনোলজি ব্যাংকের নেয়া আসন্ন এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট প্রকল্পে ডিসিসিআইকে অন্তর্ভূক্ত করার বিষয়ে আলোচনা করা হয়।

Meeting with H.E. Mr. Lee Jang-Keun, Ambassador, South Korean Embassy in Bangladesh

The meeting between South Korean Embassy in Bangladesh and DCCI was held on 9 September, 2021 at DCCI. The meeting discussed to work together for improving business climate of Bangladesh, creating environment for bilateral FTA, setting up import substitute industries by the Korean investors in Bangladesh as well as Korean investment promotion in Bangladesh.

Meeting with Mr. Khemathat Archawathamrong, Minister Counsellor (Commercial), the Royal Thai Embassy in Dhaka

The meeting between the Royal Thai Embassy in Dhaka and DCCI was held on 3 October, 2021 at DCCI. The meeting discussed bilateral FTA, investment under joint venture mode, investment in High-end garments, MoU with CPA to facilitate Direct Shipping connectivity, encourage investment and transfer of technical know-how from Thailand.

Meeting with H.E. Mr. Rabah LARBI, Ambassador, Embassy of Algeria, Dhaka

The meeting between Embassy of Algeria in Dhaka and DCCI was held on 4 October, 2021 at DCCI. The meeting discussed about the formation of working group to find best trade and investment solution and potential avenues, potential export basket from Bangladesh to Algeria like RMG, Pharmaceuticals, jute and agriculture products and potential import basket of Bangladesh from Algeria for instance energy and mineral resources, fertilizer and fruits.

Meeting with H.E. Mr. ITO Naoki, Ambassador of Japan in Bangladesh

The meeting between the Embassy of Japan in Bangladesh and DCCI was held on 10 October 2021 at DCCI. The meeting discussed to expand bilateral trade and investment, promote Bangladesh to Japanese investors, explore new avenues of economic cooperation focusing on automotive, ICT, innovation, skilled professionals; ways to connect members of DCCI and Japanese companies, support of JETRO to build the capacity of DCCI in research and trade facilitation.

Meeting with H.E. Mr. Francisco de Asís Benítez Salas, Ambassador, Embassy of Spain in Bangladesh

The meeting between the Embassy of Spain in Bangladesh and DCCI was held on 18 October 2021 at DCCI. The meeting discussed to expand bilateral trade and investment and encouraging investment from Spain to Bangladesh. The meeting also discussed to expand bilateral trade and investment, ways to make aware Spanish investment in Bangladesh, support of the Spanish company under PPP model to promote and protect cultural heritage sites of Bangladesh, attract knowledge fund from Spain, promote tech transfer, joint venture and PPP in agriculture sector of Bangladesh and cooperation to improve city management and waste management.

Meeting with H.E. Ms. Makawadee Sumitmor, Ambassador, Royal Thai Embassy in Bangladesh

The meeting between the Royal Thai Embassy in Bangladesh and DCCI was held on 2 November 2021 at DCCI. The meeting discussed current state of bilateral trade and investment, ways to reduce trade gap, feasibility study on FTA to launch negotiation, importance of setting-up direct sea port connectivity between Chittagong port and Ranong Port, closer cooperation to make BIMSTEC more effective and result-oriented, expansion of India-Myanmar-Thailand Trilateral Highway Project to Bangladesh to boost regional trade and joint programs to celebrate diplomatic relation of 50 years of Bangladesh and Thailand.

Meeting with Mr. Joshua Setipa, Managing Director, UN Technology Bank for LDC

The meeting between UN Technology Bank for LDC and DCCI was held on 19th October 2021 at DCCI. The meeting discussed the role of UN Technology Bank to promote technology transfer to make our manufacturing sector more productive, support of UN Technology Bank to identify sector wise technology requirements for SMEs for capacity development and inclusion of DCCI as the lead implementing partner of an upcoming enterprise development project of UN Technology Bank for LDC.

ফিড দি ফিউচার এর সাথে বৈঠক

ফিড দি ফিউচার-এর সাথে ডিসিসিআই-এর একটি আলোচনা ২২ জুন ২০২১ তারিখে ভার্চুয়ালি অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় পণ্যের মানোন্নয়ন, খাদ্য পণ্যের সনদায়ন, সংশ্লিষ্ট সরকারি দপ্তরসমূহ ও বেসরকারি খাতকে ডুয়িং বিজনেস ইনডেক্স এ বাংলাদেশের প্রতিযোগী সক্ষমতা বৃদ্ধি করা, বিভিন্ন সভা সেমিনার করা, বেসরকারি খাতের সাথে আলোচনার আয়োজন করা, কোম্পানি নিবন্ধন, স্টেকহোল্ডারদের নিয়ে আলোচনা এবং যৌথ প্রকল্প বাস্তবায়ন ইত্যাদি বিষয়ে আলোচনা করা হয়।

এ ছাড়াও রাশিয়াতে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মান্যবর কামরুল আহসান এবং লিবিয়াতে বাংলাদেশের চার্জ ডি এফেয়ার্স গাজী মোঃ আসাদুজ্জামান কবির-এর সাথে ডিসিসিআই সভাপতির বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে বাংলাদেশের সাথে রাশিয়া ও লিবিয়ার ব্যবসা-বাণিজ্য উন্নয়নে করণীয় নির্ধারণে কর্মপরিকল্পনা প্রণয়নে আলোচনা করা হয়।

বিশ্ব দরবারে ডিসিসিআই'র ভাবমূর্তিকে আরও উজ্জ্বল করতে এবং আন্তর্জাতিক বাণিজ্যে ডিসিসিআই সদস্যদের অংশীদারিত্ব বৃদ্ধিতে চেম্বারসমূহের সাথে সম্পর্ক জোরদার করতে বেশ কিছু আঞ্চলিক ডায়ালগের আয়োজন করা হয়। ডিসিসিআই বিভিন্ন দেশের সম্মুখ সারির প্রায় ৭১টি বাণিজ্য বা বাণিজ্য সহায়ক প্রতিষ্ঠানের সমঝোতা স্মারক স্বাক্ষর করে। সমঝোতা স্মারকগুলো তেমন একটা কার্যকরী ছিল না, ফলে এমওইউ অংশীদারদের সাথে প্রকৃত সম্ভাবনা খুঁজে বের করা যায়নি।

২০২১ সালে ট্রেড ফেসিলিটেশন বিভাগ থেকে ভার্চুয়াল ডায়ালগ আয়োজনের মাধ্যমে এই সকল সমঝোতা স্মারকগুলোকে কার্যকরী করতে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ডায়ালগগুলোর উদ্দেশ্য ছিল (১) সমঝোতা স্মারকসমূহ কার্যকরী করা, (২) যৌথভাবে বাস্তবায়নের উদ্যোগ (৩) তথ্য বিনিময়ের পদ্ধতি কার্যকর করা (৪) বাংলাদেশ ট্রেড অ্যান্ড ইনভেস্টমেন্ট সামিটে অংশগ্রহণের জন্য আন্তর্জাতিক চেম্বারগুলোকে উৎসাহিত করার জন্য সহযোগিতা কামনা। এজন্য ১৬টি দেশের ২৭টি আন্তর্জাতিক চেম্বারসমূহের সাথে ভার্চুয়াল বৈঠক আয়োজন করা হয়। উপরন্তু, ডিসিসিআইর কমপক্ষে ৫০টির ও বেশি সদস্য কোম্পানি বিশ্বের বিভিন্ন দেশে অনুষ্ঠিত ভার্চুয়াল মেলা ও বিটুবি ম্যাচ মেকিং এ অংশগ্রহণ করেন।

বাংলাদেশ ট্রেড অ্যান্ড ইনভেস্টমেন্ট সামিট ২০২১ শীর্ষক আন্তর্জাতিক সম্মেলনটি ডিসিসিআই'র ইতিবাচক ভাবমূর্তি বিশ্বদরবারে অনেক উজ্জ্বল করেছে এবং এই সম্মেলনের মাধ্যমে ডিসিসিআই প্রায় ৩৭৫টিরও অধিক আন্তর্জাতিক চেম্বার ও বাণিজ্য সহায়ক সংগঠন, ৮১টি বিদেশি দূতাবাস, ৬৮টি বাংলাদেশি দূতাবাস এবং এক হাজারেরও বেশি বিদেশি কোম্পানির কাছে পৌছতে পেরেছে। সম্মেলনটি যেন সফলতার সাথে আয়োজন করা যায় তার জন্য সহযোগিতা গ্রহণের নিমিত্ত বিদেশি দূতাবাসসহ অন্যান্য বাণিজ্য সংগঠন, শিল্প উদ্যোক্তাদের সাথে বেশ কিছু ভার্চুয়াল সভার আয়োজন করা হয়। ট্রেড ফেসিলিটেশন বিভাগের উদ্যোগে ডিসিসিআই প্রায় ৫০টি বিদেশি দূতাবাসের সাথে সংযোগ স্থাপনে সমর্থ হয়। সম্মেলনটি ডিসিসিআই'র জন্য একটি মাইলফলক ইভেন্ট ছিল যার মাধ্যমে ডিসিসিআই বিদেশি দূতাবাসগুলোর সাথে একটা ভাল সুসম্পর্ক স্থাপন করতে পেরেছে একইসাথে আন্তর্জাতিক পরিমণ্ডলে চেম্বারের ভাবমূর্তিও অনেক উজ্জ্বল হয়েছে। দেশের ব্যবসা-বাণিজ্যের উন্নয়নে এই ইতিবাচক ভাবমূর্তি কার্যকর ভূমিকা পালন করবে। আর এই উদ্যোগের ফলেই উল্লেখিত সামিটে ৩৮টি দেশ থেকে ২৭১টি বিদেশি উদ্যোক্তা বিটুবি ম্যাচ-মেকিং-এ যোগদান করেন।

আইসিসি ওয়ার্ল্ড চেম্বার্স ফেডারেশন কর্তৃক আয়োজিত দি ওয়ার্ল্ড চেম্বারস কংগ্রেস একমাত্র আন্তর্জাতিক ফোরাম যেখানে চেম্বার নের্তৃবৃন্দ তাদের সর্বোত্তম কার্যক্রমসমূহ, চিন্তা চেতনা, পরিকল্পনা, সর্বশেষ ব্যবসায়ীক পরিস্থিতি সম্পর্কে একে অপরের সাথে আলাপ আলোচনা করতে পারে। এ বছরের নভেম্বরে অনুষ্ঠিত ওয়ার্ল্ড চেম্বার্স কংগ্রেস এর ১২তম আসরে ডিসিসিআইকে এবং এমএমই খাতকে প্রতিনিধিত্ব করার সুযোগ পাওয়ায় আমি গর্বিত বোধ করছি। আমাদের আন্তঃসীমান্ত বাণিজ্যের জন্য বৈশ্বিক বাজার এককীকরণের ব্যবস্থা সহজতর করার নিমিত্তে, জাতীয় নীতিমালায় প্রয়োজনীয় নীতি সহায়তার প্রস্তাবনা প্রদানের মাধ্যমে ট্রেড ফ্যাসিলিটেশন বিভাগ অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

বাংলাদেশ ও ভারতের মধ্যে ব্যাপক অর্থনৈতিক অংশীদারিত্ব চুক্তি (সিইপিএ)-এর সম্ভাব্যতা যাচাই এর লক্ষ্যে একটি সমীক্ষা পরিচালনার জন্য মতামত প্রদান করা হয়েছে যার মাঝে ৪টি হলো: আন্তঃসীমান্ত বাণিজ্য, বৈদেশিক পণ্যের ব্যবহার, বাণিজ্যের এবং নিরপেক্ষ মানুষের উপস্থিতি। সিইপিএ-এর এ সম্ভাব্যতা যাচাই সমীক্ষাটি বিএফটিআই-এর পরিচালনায় হয়েছে।

ভারতে রপ্তানির ক্ষেত্রে অ-শুল্ক বাধা (এনটিবি) ও এর সম্ভাব্য সমাধান চিহ্নিত করে নীতি সুপারিশ বাংলাদেশ ট্রেড অ্যান্ড ট্যারিফ কমিশন (বিটিটিসি)-এ ইতিমধ্যে জমা দেয়া হয়েছে। বাণিজ্য মন্ত্রণালয়ে প্রেরিত সুপারিশ সমূহের মাঝে রয়েছে ফুড সেফটি অ্যান্ড স্ট্যান্ডার্ড অথোরিটি অব ইন্ডিয়া (এফএসএসএআই) এর ল্যাব টেস্টিং, এমআরএ-এর অধীনে স্ট্যান্ডার্ড টেস্টিং, কিছু স্থল বন্দরে সীমিত সময়ের জন্য কাস্টমস কার্যক্রম, স্থল বন্দরে লজিস্টিক খরচ বৃদ্ধি, শর্ট শীপমেন্ট, স্থল বন্দরে অবকাঠামো সুবিধা এবং ভারত কর্তৃক রুলস অব অরিজিন (আরওও) এর নতুনত্ব এর পাশাপাশি বাংলাদেশ-কেনিয়া ব্যবসায়িক সংলাপ এর আলোচনা। বাংলাদেশ-রুয়ান্ডা এবং বাংলাদেশ-কেনিয়ার মাঝে দ্বিপাক্ষিক বাণিজ্য ও বিনিয়োগ সহায়তার সম্ভাব্য উপায়গুলো তুলে ধরে বাণিজ্য মন্ত্রণালয়ের কাছে সুপারিশ উপস্থাপন করা হয়েছে।

দ্বিপাক্ষিক বাণিজ্য ও বিনিয়োগ সুযোগ বৃদ্ধির লক্ষ্যে ৫ম বাংলাদেশ-ইউএই যৌথ কমিশন মিটিং-এ আলোচনার জন্য বাণিজ্য মন্ত্রণালয়ের কাছে সুপারিশ করা হয়েছে।

Meeting with Feed the Future Bangladesh

The virtual meeting between Feed the Future Bangladesh and DCCI was held on 22 June 2021.The meeting discussed on standardization and certification of food products, sensitize the concerned government agencies and private sector on World Bank's Doing Business Indicators for national competitiveness through seminars, consultation with private sector on new platform of the company registration and Stakeholder consultation on off-dock study and create joint project opportunities.

Virtual meeting was held with Mr. Kamrul Ahsan, Ambassador, Embassy of Bangladesh in Russian Federation and Mr. Gazi Md Asaduzzaman Kabir, Charge d'Affaires, Embassy of Bangladesh in Libya to find ways and chart action plan to improve business connectivity and encourage investment from Russia and Libya respectively in the promising sectors of Bangladesh.

In order to uphold the image of DCCI at the global stage and strengthen Chamber to Chamber cooperation to facilitate international business connectivity of DCCI members, several regional dialogues were conducted engaging international chambers. Over the years, DCCI has executed total 71 Memorandum of Understandings (MoUs) with leading international chambers of different countries. However, MoUs were inactive as no activity was executed under framework of the MoU. As a result, cooperation of DCCI among the MoU partner organizations did not meaningfully flourish to its potential.

Trade Facilitation Department of DCCI has undertaken initiatives to reactivate the MoUs through a virtual regional dialogue with MoU partners in 2021. The purposes of the regional dialogue with MoU partners were: ***(a) to re-activate the MoU, (b) undertake various activities for joint implementation (c) activate information exchange mechanism and (d) seek cooperation of international chambers to encourage their member companies to participate in the B2B matchmaking of the Bangladesh Trade and Investment Summit 2021.*** In this connection, virtual meetings were held with 27 international Chambers of 16 countries. In addition, around 50 plus member companies of DCCI were connected with different international companies linking through different virtual fairs and B2B meets organized by different countries.

The international virtual summit "Bangladesh Trade and Investment Summit 2021" offered opportunities to elevate the image of DCCI on the global stage reaching out 375 plus international Chambers and trade promotion organizations, 81 Foreign Missions in Bangladesh, 68 plus Bangladesh Missions abroad and 1000 plus foreign companies. A series of virtual meetings with foreign missions and trade bodies, industry stakeholders in Bangladesh were held seeking support to organize the Bangladesh Trade & Investment Summit 2021 successfully. With the effort of Trade Facilitation Department, DCCI connected foreign diplomats/officials from more than 50 foreign missions in Bangladesh to Bangladesh. It was a milestone achievement for DCCI, which in turn, facilitated to build good rapport between DCCI and foreign missions immensely contributing to improve the image of DCCI globally as well as trade and business expansion of the country. It is a matter of delight to mention that these effective endeavors helped congregation of 271 international companies from 38 countries in virtual B2B matchmaking of the Summit.

The World Chambers Congress, organized by the ICC World Chambers Federation, is the only international forum for chamber leaders and professionals to share best-practices, exchange insights, develop networks, address the latest business issues affecting private sector and learn about new areas of innovation from chambers around the world. It was my great pride to represent DCCI and SMEs of Bangladesh in the 12th World Chambers Congress in November 2021. To facilitate measures for global market integration for our cross- border trade, Trade Facilitation department played instrumental role in providing technical inputs to the national policy domains.

Technical inputs on service trade for conducting the feasibility study on a Comprehensive Economic Partnership Agreement (CEPA) between Bangladesh and India include four modes of service trade: cross-border trade, consumption abroad, commercial presence and presence of natural persons. The feasibility study of CEPA is being conducted by the BFTI.

Policy recommendation was submitted to Bangladesh Trade and Tariff Commission (BTTC) identifying Non-tariff Barriers (NTB) and proposing potential solutions while exporting to India. Technical inputs include avenues such as Lab Testing of Food Safety and Standards Authority of India (FSSAI), Standard Testing under the MRA, Customs activities for limited time in few land ports, increasing logistic cost at land ports, short Shipment, infrastructure facility in the land ports and new measures on Rules of Origin (RoO) by India and important issues to the Ministry of Commerce for discussing at the next Bangladesh-Kenya Business Dialogue. Technical inputs were placed to the Ministry of Commerce highlighting the potential avenues for bilateral trade and investment collaboration between Bangladesh-Rwanda and Bangladesh-Kenya.

Recommendations made to the Ministry of Commerce to discuss at the 5th Bangladesh-UAE Joint Commission Meeting in order to increase bilateral trade and investment opportunities.

সম্মানিত সহকর্মী ও চেম্বারের সদস্যবৃন্দ

২০২১ সালে কোভিড-১৯ চলমান সময়েও আমরা আমাদের সদস্যদের সেবা আরো কার্যকর ভাবে প্রদানের জন্য সদা সচেষ্ট থেকেছি। সরকার ঘোষিত নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় স্বাস্থ্য সুরক্ষা বজায় রেখে আমাদের সদস্যদের সেবা প্রদান অব্যাহত রেখেছি। কোভিড ১৯ সৃষ্ট মহামারি আমাদের ডিজিটাল সদস্যপদ সেবার প্রয়োজনীয়তাকে স্মরণ করিয়ে দিয়েছে। আর সেই তাড়না থেকেই আমরা ২০২১ সালে চেম্বার সচিবালয়কে একটি ডিজিটাল চেম্বারে রূপান্তর করতে পেরেছি।

সদস্যপদ সেবাকে ডিজিটালাইজ করার প্রয়াস হাতে নেয়া হয়েছে যাতে করে সদস্যপদ সনদ, সদস্যপদ নবায়ন এবং সার্টিফিকেট অব অরিজিন (সিও) অনলাইনের মাধ্যমে সম্পন্ন করা যায়। উল্লেখিত উদ্যোগসমূহ প্রক্রিয়াধীন রয়েছে। আমি ইতোমধ্যেই উল্লেখ করেছি যে, বিডা'র ওয়ান স্টপ সার্ভিসের সাথে ডিসিসিআই এর সেবাসমূহের একীভূতকরণ ডিসিসিআই'র সদস্যগণের অন্যান্য সরকারি দপ্তর থেকে প্রয়োজনীয় অনুমোদন কিংবা লাইসেন্স পেতে সময় এবং ব্যয় উভয়ই হ্রাস করবে।

সম্মানিত সহকর্মী ও চেম্বারের সদস্যবৃন্দ

এ পর্যায়ে আমি ২০২১ সালে ডিসিসিআই'র কিছু প্রাতিষ্ঠানিক কার্যক্রম এবং সাফল্যের উপর আলোকপাত করবো।

ডিসিসিআই বিজনেস ইনস্টিটিউট (ডিবিআই)

ডিসিসিআই বিজনেস ইনস্টিটিউট (ডিবিআই) ১৯৯৯ সালে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) কর্তৃক প্রতিষ্ঠিত। ডিবিআই'র প্রধান লক্ষ্য উদ্যোক্তা, ব্যবস্থাপক, বিভিন্ন কর্পোরেটে কর্মরত এক্সিকিউটিভ, চাকুরি প্রত্যাশীদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি করা যাতে করে তারা আরো বেশি পেশাদারিত্বের সাথে, সফলতার সাথে বিশ্বায়নের চ্যালেঞ্জ মোকাবেলায় ও আন্তর্জাতিক বাজারের অপরিসীম সুযোগ কাজে লাগিয়ে বাণিজ্যিক পরিবেশের সাথে নিজেকে খাপ খাইয়ে নিতে পারে।

২০২১ সালে ডিবিআই অত্যন্ত সফলতার সাথে জেনেভাস্থ আন্তর্জাতিক বাণিজ্য সংস্থার সহযোগিতায় সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট কোর্সে পরিচালনা এবং পরীক্ষা গ্রহণ করেছে। কোর্সটি স্থানীয় ও আন্তর্জাতিক বাজারে সাপ্লাই চেইন ব্যবস্থাপনায় ব্যবসায়িক প্রতিষ্ঠানসমূহের দক্ষতা অর্জনে কার্যকর ভূমিকা পালন করেছে।

ডিবিআই পরিচালিত সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট কোর্সে ১০১ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। ২০২১ সালের জানুয়ারি, এপ্রিল, মে এবং জুন মাসে এ কোর্সের পরীক্ষা সমূহ অনুষ্ঠিত হয়। জানুয়ারি মাসে ৯৪ জন ১৭৯টি মডিউলে, এপ্রিল মাসে ৫৫ জন ১১৩টি মডিউলে, মে মাসে ৩৬ জন ৭৮টি মডিউলে এবং জুন মাসে ২২ জন পরীক্ষার্থী ৩২টি মডিউলের পরীক্ষায় অংশগ্রহণ করেন। উল্লেখ্য, ২০২১ সালে অনুষ্ঠিত ৪০২ মডিউলের পরীক্ষায় ২০৭ জন অংশগ্রহণ করেন। আইটিসি'র নির্দেশিত নীতিমালা ও গাইডলাইন অনুসরণের মাধ্যমেই উল্লেখিত পরীক্ষাসমূহ অনুষ্ঠিত হয়েছে এবং এক্ষেত্রে আইটিসি নিজেদের সন্তুষ্টি প্রকাশ করেছে।

২০২১ সালের ডিসেম্বর পর্যন্ত ডিবিআই পরিচালতি সার্টিফিকেট কোর্সে ১০৪৮ জন, এ্যাডভান্স সার্টিফিকেট কোর্সে ৫৩৮জন, ডিপ্লোমা কোর্সে ৩৯০জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন যার মধ্যে ৩২৪, ১৬০ এবং ১৩২ জন যথাক্রমে ইন্টারন্যাশনাল সার্টিফিকেট, ইন্টারন্যাশনাল এ্যাডভান্স সার্টিফিকেট এবং ইন্টারন্যাশনাল ডিপ্লোমা অন সাপ্লাইচেইন ম্যানেজমেন্ট-এ সনদ লাভ করেছেন।

এছাড়াও ডিসিসিআই বিজনেস ইন্সটিটিউট (ডিবিআই) অক্টোবর ২০২০ থেকে মার্চ ২০২১ এবং এপ্রিল থেকে সেপ্টেম্বর ২০২১ সেশনে 'ইন্টারন্যাশনল ট্রেড (ইমপোর্ট অ্যান্ড এক্সপোর্ট) ম্যানেজমেন্ট' পিজিডি কোর্সের ৩য় এবং ৪র্থ ব্যাচের অনলাইভিত্তিক কার্যক্রম সম্পন্ন করেছে, যেখানে যথাক্রমে ১৯ জন এবং ২৯ জন অংশগ্রহণ করেন। একই সাথে ডিবিআই 'কাস্টমস্, ভ্যাট অ্যান্ড ইনকামট্যাক্স ম্যানেজমেন্ট' কোর্সের অক্টোবর ২০২০-মার্চ ২০২১ সেশন এবং এপ্রিল-সেপ্টেম্বর ২০২১ সেশনে ২য় ও ৩য় ব্যাচের অনলাইন ভিত্তিক কার্যক্রম সফলভাবে সম্পন্ন করেছে, যেখানে যথাক্রমে ৩০ এবং ৪২জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনির্ভাসিটি-বাংলাদেশ (এআইইউবি) এবং ডিবিআই যৌথভাবে কোর্স দুটো পরিচালনা করেছে।

২০২১ সালের জানুয়ারি মাসে ডিবিআই এবং বাংলাদেশ ইউনির্ভাসিটি অফ প্রফেশনালস্ (বিইউপি) যৌথভাবে 'বিজনেস কমিউনিকেশন' শীর্ষক ৬ মাস মেয়াদী পোষ্ট গ্রাজুয়েট কোর্স পরিচালনা করেছে। এ কোর্সের প্রথম ব্যাচের প্রশিক্ষণ চলতি বছরের জানুয়ারি-জুন মাসে অনুষ্ঠিত হয়, যেখানে ১৭ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন এবং ২০২১ সালের জুলাই-ডিসেম্বর মেয়াদে অনুষ্ঠিত কোর্সের প্রশিক্ষণ কোর্সের ২য় ব্যাচে ৪৮জন অংশগ্রহণ করেন।

এবছর ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনির্ভাসিটি-এর সহায়তায় ডিবিআই ৩ মাস মেয়াদী অনলাইন ভিত্তিক "ফিন্যান্সিয়াল টেকনোলোজি (ফিনটেক)" শীর্ষক প্রশিক্ষণ কোর্স পরিচালনা করে। জুন-আগস্ট ২০২১ সেশনে কোর্সের ১ম ব্যাচে ১১জন এবং সেপ্টেম্বর-নভেম্বর ২০২১ মেয়াদে পরিচালিত কোর্সটির ২য় ব্যাচে ৩৩জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

চলতি বছর ডিবিআই আনলাইনের মাধ্যমে গুরুত্বপূর্ণ বিভিন্ন ইস্যুতে ৪২টি স্বল্পমেয়াদী প্রশিক্ষণ কোর্স এবং ৩৬টি ওয়ার্কশপ পরিচালনা করে, যেখানে সর্বমোট ১৩১৬জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

অনুষ্ঠিত কোর্স সমূহে অংশগ্রহণকারীবৃন্দ তাদের সন্তুষ্টি প্রকাশ করেছে এবং এ ধরনের প্রশিক্ষণ কোর্স কর্মক্ষেত্রে তাদের আচরণ, মানসিক সক্ষমতা ও দক্ষতা, জ্ঞান এবং স্থানীয় ও আন্তর্জাতিক প্রতিযোগিতার বাজারে নিজেদের টিকিয়ে রাখার পাশাপাশি ব্যবসায়িক কার্যক্রম সম্প্রসারণে কার্যকর ভূমিকা রাখবে বলে অভিমত ব্যক্ত করেন।

Respected Members of DCCI,

During the COVID-19 challenging time in 2021, we devoted our best endeavors to improve and strengthen our membership services. We continued our membership services following the health and safety protocol enforced by the Government. The COVID-19 has underlined the needs for digital membership services. As part of this, we continued improvement of DCCI as a digitally transformed chamber in 2021 to fulfill our commitment.

We have also undertaken initiative to digitize membership services including issuing online membership certificate, membership renewal and Certificate of Origin (CO). Digitalization of aforementioned membership services is under process. I have already mentioned that integration of DCCI with BIDA's One Stop Services (OSS) will immensely facilitate DCCI members to reduce their time and cost in getting business and investment permit, registration and licenses from other government agencies.

Respected Members of DCCI,

I would like to share some of the institutional activities and achievements of the DCCI executed in 2021.

Activities of DCCI Business Institute (DBI)

DCCI Business Institute (DBI) is one of the pioneer institutes of Bangladesh, established in 1999 by the Dhaka Chamber of Commerce & Industry (DCCI). The main objectives of DBI are to train and upgrade the attitude, knowledge and skills of entrepreneurs, managers, executives, organizations and job seekers to develop their capacity and make them look forward to deal more successfully with the business world to face the challenges of globalization and exploit emerging opportunities in a competitive global market.

In 2021, DBI successfully conducted the Supply Chain Management (SCM) courses and examinations of the International Trade Centre (ITC), Geneva. These courses improve the capacity of business organizations to become competitive in the globalized market at home and abroad, by effectively managing the supply chain.

Total 101 participants completed the Supply Chain Management Course in DBI. Examinations on SCM Courses were also held in January, April, May and June 2021 successfully. In January 2021, 94 candidates participated in 179 modules, in April 2021, 55 examinees participated in 113, in May 2021, 36 candidates participated in 78 modules and in June 2021, 22 examinees participated in 32 modules. Total 207 candidates participated in 402 modules in 2021. The examinations were held as per the standard guidelines of ITC up to their satisfaction.

Up to December 2021, 1048 participants participated in Certificate, 538 in Advanced Certificate and 390 in Diploma courses of DBI. Out of them, 324 have already received International Certificates, 160 received International Advanced Certificates and 132 received International Diplomas on Supply Chain Management.

DBI has completed 3rd Batch and 4th Batch of the Online Postgraduate Diploma (PGD) in 'International Trade (Import & Export) Management' for October 2020-March 2021 session and April 2021-September 2021 session with 19 & 29 participants respectively. DBI has also successfully completed 2nd batch and 3rd batch of the online PGD in 'Customs, VAT and Income Tax Management' for October 2020 - March 2021 session and April 2021- September 2021 session with 30 & 42 participants respectively. These PGD courses are organized jointly with **American International University-Bangladesh (AIUB).**

DBI has launched a 6-month long online Postgraduate Diploma (PGD) titled "Business Communication" from January 2021 jointly with **Bangladesh University of Professionals (BUP).** First batch of this PGD for the session January - June 2021 has been completed successfully with 17 participants and second batch of the said PGD for the session July - December 2021 is going on with 48 participants.

In 2021, DBI opened up a new Certificate Course (3 months long) namely 'Financial Technology (Fin-Tech)', jointly with Daffodil International University (DIU) through Zoom online. First batch of this Certificate course for the June-August 2021 session has been completed successfully with 11 participants. Second batch of the said Certificate course for the September-November 2021 session has started with 33 participants.

DBI has been conducting 42 short training courses and 36 workshops on various topics during the year through Zoom online. Total 1,316 participants participated in these short training courses and workshops during the year.

The participants of the above courses expressed great satisfaction with the outcome of the courses which enhanced their forward-looking attitude, practical and theoretical knowledge and skill which widened their mental horizon to make them confident in doing their job professionally.

ডিবিআই কলেজের কার্যক্রম

শিক্ষা কার্যক্রম চালু করার পর হতে আর্থিকভাবে স্বচ্ছল না হওয়ার কারণে, ডিবিআই কলেজের গভর্নিং বোর্ড বর্তমানে অধ্যয়নরত শিক্ষার্থীদের শিক্ষাকার্যক্রম সমাপ্তির পর কলেজের কার্যক্রম চালু না রাখার সিদ্ধান্ত গ্রহণ করেছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরামর্শ ও নির্দেশনা অনুযায়ী কলেজটির বিলুপ্তির লক্ষ্যে ইতোমধ্যে প্রয়োজনীয় কার্যক্রম শুরু করা হয়েছে।

বিজনেস ইনিশিয়েটিভ লিডিং ডেভেলপমেন্ট (বিল্ড)-এর কার্যক্রম

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), মেট্রোপলিটন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এমসিসিআই) এবং চিটাগাং চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (সিসিসিআই) এর যৌথ উদ্যোগের প্রয়াস হলো বিজনেস ইনিশিয়েটিভ লিডিং ডেভেলপমেন্ট (বিল্ড), যেটি বাংলাদেশে প্রথমবারের মত গঠিত পাবলিক-প্রাইভেট ডায়ালগের একটি কার্যকর প্ল্যাটফর্ম, যা বেসরকারি খাতের প্রতিনিধি পক্ষ হতে গবেষণা হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে নীতিমালা সংস্কার ও প্রয়োজনীয় নীতি প্রণয়নে সরকারের নিকট সুপারিশ প্রদান করে থাকে। প্রতিষ্ঠার পর থেকেই, বিনিয়োগ, বাণিজ্য এবং ব্যবসায়িক কার্যক্রম বিদ্যমান প্রতিবন্ধকতা চিহ্নিতকরণে সরকারের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করছে বিল্ড, যা আমাদের বেসরকারি খাতের সম্ভাবনাকে আরো সম্প্রসারণের পাশাপাশি অর্থনীতিকে বেগবান করতে কার্যকর ভূমিকা পালন করছে।

প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রাইভেট সেক্টর ডেভেলপমেন্ট পলিসি কোঅর্ডিনেশন কমিটি (পিএসডিপিসিসি) এর স্ট্র্যাটেজিক পার্টনার ও সাচিবিক দায়িত্ব পালন করে থাকে বিল্ড। ট্যাক্সেশন, এসএমই উন্নয়ন, আর্থিক খাতের উন্নয়ন, লজেস্টিকস্ অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার, বাণিজ্য ও বিনিয়োগ, তথ্য-প্রযুক্তি ও চতুর্থ শিল্পবিপ্লব এবং টেকসই ও সবুজ উন্নয়ন মূলত ৭টি বিষয়ের উপর বিল্ড সরকার ও বেসরকারি খাতের প্রতিনিধিবৃন্দের সমন্বয়ে ডায়ালগের আয়োজন করে থাকে। সরকারের নীতিনির্ধারক এবং বেসরকারিখাতের প্রতিনিধিবৃন্দের মাঝে নিয়মিতভাবে সমন্বয়ের ক্ষেত্রে বিল্ড আয়োজিত ডায়ালগসমূহ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে, যা আমাদের নীতিসমূহের উৎকর্ষ সাধনে বেশ কার্যকর ভূমিকা পালন করছে। প্রতিটি ডায়ালগই সরকার ও বেসরকারি খাতে বিজ্ঞ প্রতিনিধিবৃন্দের সক্রিয় অংশগ্রহণে যৌথভাবে পরিচালিত হয়ে থাকে।

২০২১ সালে বিল্ড অর্থনীতিতে কোভিড-১৯ মহামারীর প্রভাব নিয়ে কাজ করেছে। এ সময়ে দেশে ব্যবসা-বাণিজ্যের কার্যক্রম এবং সাপ্লাই চেইন অব্যাহত রাখার লক্ষ্যে বিল্ড বেশ কিছু কার্যক্রম পরিচালনা করেছে। স্বাধীনভাবে পরিচালিত বিল্ড'র গবেষণা কার্যক্রম এবং বেশকিছু প্রকল্পভিত্তিক কার্যক্রমের সুপারিশসমূহ বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণে বিদ্যমান নীতিমালা বিষয়ক প্রতিবন্ধকতা নিরসনে বেসরকারি খাতের প্রস্তাবনা হিসেবে সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করা হয়ে থাকে। এবছর বিল্ড পরিচালিত গুরুত্বপূর্ণ কিছু গবেষণা কার্যক্রম নীচে উপস্থাপন করা হলো:

- আন্তর্জাতিক শ্রম সংস্থা ও পলিসি এক্সচেঞ্জ বাংলাদেশ-এর সহায়তায় 'কর্মসংস্থানের সুযোগ তৈরি এবং বিনিয়োগ সম্প্রসারণে কোভিড-১৯ মহামারী মোকাবেলায় ঘোষিত প্রণোদনা প্যাকেজ'র ভূমিকা: বাংলাদেশের অভিজ্ঞতা'
- বৃটিশ কাউন্সিল এবং ফরেন কমনওয়েলথ অ্যান্ড ডেভেলপমেন্ট অফিস (এফসিডিও)-এর সহায়তায় বিল্ড এবং প্রকাশ যৌথভাবে পরিচালিত 'কটেজ, অতিক্ষুদ্র এবং ক্ষুদ্র উদ্যোক্তাদের আর্থিক সহায়তা' বিষয়ক গবেষণা
- সিএমএসএমইদের সহায়তার লক্ষ্যে সরকার ঘোষিত ২য় প্রণোদনা প্যাকেজের পুনঃমূল্যায়নের উপর পরিচালিত গবেষণা
- ইউএসএআইডি'র সহায়তায় আইডিজি এবং বিল্ড যৌথভাবে পরিচালিত 'কোম্পানী নিবন্ধন প্রক্রিয়ায় সময়ের দীর্ঘসূত্রিতা, ব্যয় বৃদ্ধি এবং পদ্ধতিগত জটিলতা' শীর্ষক জরিপ
- পাট ও বস্ত্র মন্ত্রণালয়ের সাথে যৌথভাবে পরিচালিত 'জুট প্ল্যান্ট হতে পাল্প ও পেপার প্রস্তুত' শীর্ষক জরিপ
- আইএফসি এবং ওয়ার্ল্ড ব্যাংক গ্রুপ-এর সাথে যৌথভাবে পরিচালিত 'স্থানীয়ভাবে উৎপাদিত এমপিপিই/পিপিই পণ্যের আন্তর্জাতিক বাজার সম্প্রসারণে সহায়ক নীতিসহায়তা প্রদান' শীর্ষক জরিপ
- আইএফসি-ওয়ার্ল্ড ব্যাংক গ্রুপ এবং বিল্ড যৌথভাবে পরিচালিত 'বাংলাদেশে নারীদের ব্যবসা পরিচালনা এবং আইন-নীতি সহায়তার প্রস্তাবনা প্রণয়নে ভূমিকা" বিষয়ক জরিপ
- আইএফসি এবং ওয়ার্ল্ড ব্যাংক গ্রুপ-এর সাথে যৌথভাবে পরিচালিত 'রপ্তানির সম্ভাবনাময় পণ্যের আন্তর্জাতিক মান নির্ধারণ' বিষয়ক জরিপ
- বৃটিশ কাউন্সিল এবং ফরেন, কমনওয়েলথ অ্যান্ড ডেভেলপমেন্ট অফিস-এর সহায়তা প্রকাশ এবং বিল্ড যৌথভাবে পরিচালিত 'বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ফিরে আসা প্রবাসীদের আর্থ-সামাজিক প্রেক্ষিত' শীর্ষক কারিগরি কৌশলপত্র প্রণয়ন
- আইটিসি-এর সহায়তায় 'জেন্ডার রেসপনসিভ পাবলিক প্রকিউরমেন্ট ইন বাংলাদেশ: এ নিউ মেথডোলজি' শীর্ষক জরিপ
- বিনিয়োগ সম্ভাবনা সম্প্রসারণের মাধ্যমে বাংলাদেশের ব্যবসা পরিচালনায় পুনঃরুদ্ধারের সুযোগ তৈরি বিষয়ক গবেষণা পরিচালনা
- আইএফসি-ওয়ার্ল্ড ব্যাংক গ্রুপ-এর সহযোগিতায় দেশের ১৭টি অঞ্চলের নারী উদ্যোক্তাদের ব্যবসায়িক কর্মকান্ড পরিচালনায় পদ্ধতি ও প্রক্রিয়া বিষয়ক সচেতনতা বৃদ্ধিতে ওয়ার্কশপ, আলোচনা সভা প্রভৃতির আয়োজন

Activities of DBI College

	(A)	**At Cost**		
		Opening balance	46,015,642	43,243,578
		Add: Additions during the year	-	2,772,064
			46,015,642	46,015,642
		Less: Disposals / adj. during the year	-	-
		Closing balance	**46,015,642**	**46,015,642**
	(B)	**Less: Accumulated depreciation**		
		Opening balance	27,251,939	26,264,376
		Add: Charge during the year	938,185	987,563
			28,190,124	27,251,939
		Less: Acc. depreciation of disposed assets	-	-
		Closing balance	28,190,124	27,251,939
	(A-B)	**Written down value**	**17,825,518**	**18,763,703**

Details are shown in the enclosed Annexure-1

		As at 30 September	
		2021	2020
		Taka	Taka
4.0	**Accounts receivable**		
	Considered good		
	Building rent	366,595	366,595
	Utility charge (Electricity)	1,311,736	1,631,926
	Utility charge (WASA)	355,461	264,108
	Sponsorship and other income receivable	177,000	-
	Service charge (Modhumoti Bank)	-	99,180
	Current A/C with DBI-BBA	47,799,687	41,850,396
	Current A/C with DCCI Foundation	10,954,367	3,486,500
		60,964,846	**47,698,705**
	Considered doubtful		
	Building rent	-	1,233,039
	Utility charge (electricity)	-	54,290
	Utility charge (WASA)	-	57,188
		-	**1,344,517**
		60,964,846	**49,043,222**
5.0	**Deferred revenue expenditure**		
	Opening balance	849,595	1,260,585
	Less: Written off (Note-5.1)	351,480	410,990
		498,115	**849,595**
5.1	**Written off**		
	Commercial History (Bangla)	351,480	351,480
	Estate expenses - Gulshan	-	59,510
		351,480	**410,990**
5.2	**Break up of Deferred revenue expenditure**		
	Commercial History (Bangla)	498,115	849,595
	Estate expenses - Gulshan Centre	-	-
		498,115	**849,595**

Management has decided to amortize the aforesaid deferred Estate expenses - Gulshan Centre in five years effective from the year 2017. Deferred Commercial History (Bangla) completed in 2017 and will be amortized from the year 2021 after decision thereon.

6.0	**Advances, deposits and pre-payments**		
	Advances		
	Advance against salaries	24,773	70,537
	Advance against Gulshan Office Space	-	70,339,200
	Advance against expenses	7,556,333	739,670
	Taxes deducted at source by bank / parties	52,587,444	42,467,617
		60,168,550	**113,617,024**
	Security deposits		
	Gulshan Centre - Rent	400,000	400,000
	PDB - Electricity connection	314,000	314,000
	T&T - Telephone lines	5,540	5,540
	Others	59,360	19,360
		778,900	**738,900**
	Prepayments		
	City Corporation tax	798,120	897,885
	Prepaid insurance premium	122,673	104,672
	Prepaid subscription - ICCB/FBCCI	38,750	42,503
	Prepaid AGM/ election expenses	45,160	-
	Prepaid internet connectivity	258,507	14,906
	Patent & trade marks	29,534	43,334
	Prepaid other exp.	40,750	-
		1,333,494	**1,103,300**
		62,280,944	**115,459,224**

Dhaka Chamber of Commerce & Industry
Notes to the Financial Statements
as at 30 September 2021

		As at 30 September	
		2021	2020
		Taka	Taka
7.1	**Cash and cash equivalents**		
	Cash in hand	40,484	34,178
	On Project Bank accents	4,977	4,977
	STD account - Custom Automation	-	87,377
	STD accounts -DCCI	3,752,514	6,871,571
		3,797,975	**6,998,103**
7.2	**Investment in Fixed Deposit (FDR) accounts:**		
	FDR accounts (current portion)	667,456,941	590,182,214
		667,456,941	**590,182,214**
7.3	**Investment in Fixed Deposit (FDR) accounts:**		
	FDR accounts (non-current portion)	122,360,863	122,360,863
		122,360,863	**122,360,863**
	Total	**793,615,779**	**719,541,180**
8.0	**Liabilities for expenses and services**		
	Salaries payable	12,768	3,354,360
	Employer's contribution to Provident Fund	138,360	115,278
	Utility charges (electricity/water/gas)	629,028	602,080
	Rent/Utility suspense (tenants)	137,649	76,360
	Provision for annual leave	200,217	447,891
	Telephone expenses	18,741	10,000
	Bulletin and publications	-	621,793
	Newspaper and periodicals	-	5,995
	Entertainment	5,880	6,020
	Fax & internet connectivity	21,884	400
	Audit fee and legal expenses	205,000	196,633
	International seminar payable	-	200,400
	Washing expense and others	8,996	23,668
	Estate expenses	68,731	27,497
	Reception and dinner payable	118,800	-
	Gift payable	-	57,500
	DBI College Scholarship Fund	67,000	165,000
	DBI expenses	414,691	37,113
		2,047,745	**5,947,988**
9.0	**Liabilities for other finance**		
	Employees' contribution to Provident Fund	170,328	145,841
	Staff income tax	59,200	56,150
	Tax / VAT deducted at sources (parties)	488,935	42,953
	Advance subscription (Note 9.1)	10,295,787	9,476,875
	Subscription advance	10,350	10,350
	Security deposits	2,454,457	3,102,124
	Project -METABUILD / AVC Project	1,748,217	55,584
	Credit Card Liabilities -CBL	29,172	-
	DBI training fee	3,243,193	1,070,207
	Tax Fund	53,336,960	41,515,792
		71,836,599	**55,475,876**

		As at 30 September	
		2021	2020
		Taka	Taka
9.1	**Advance subscription**		
	Opening balance	9,476,875	10,316,888
	Transferred to income	9,476,875	10,316,888
		-	-
	Recognized as at reporting date:		
	Subscriptions (note 16)	8,274,875	7,670,250
	Admission fee (note 17)	1,413,000	1,242,750
	Bulletin fee (note 18)	607,912	563,875
		10,295,787	**9,476,875**
10	**Advance Building rent**		
	Opening balance	5,449,427	9,359,182
	Advance rent received during the year	-	-
		5,449,427	9,359,182
	Advance rent adjusted during the year	3,492,939	3,909,755
		1,956,488	**5,449,427**
11	**General Fund**		
	Opening balance	896,235,289	827,023,892
	Prior year's adjustment	(1,144,117)	-
		895,091,172	827,023,892
	Excess of income over expenditure for the year	46,522,606	69,211,397
		941,613,778	**896,235,289**
12	**DCCI Relief and Social Welfare Fund**		
	Opening balance	13,300,716	12,046,506
	Received from members during the year	3,256,500	2,892,500
		16,557,216	14,939,006
	Paid during the year against Relief Fund	(6,587,582)	(1,638,290)
		9,969,634	**13,300,716**
13	**DCCI Development Fund**		
	Opening balance	81,896,070	71,720,086
	Collections during the year	6,330,000	6,140,000
	Interest on Development Fund FDR	3,018,034	4,035,984
		91,244,104	**81,896,070**
14	**Deferred Liability - Gratuity**		
	Opening balance	24,895,899	17,926,888
	Provision made during the year	3,430,588	8,836,989
		28,326,487	26,763,877
	Paid during the year	(247,946)	(1,867,978)
		28,078,541	**24,895,899**

		For the year ended	
		30 September 2021	30 September 2020
		Taka	Taka
15	**Subscriptions**		
	New	6,693,750	6,582,750
	Renewal	39,200,000	35,493,000
	Arrear	3,861,650	3,777,250
	Advance adjustment	-	-
		49,755,400	45,853,000
	Portion attributable to the period from October 2021 to December 2021	(8,274,875)	(7,670,250)
		41,480,525	**38,182,750**
16	**Admission fee**		
	Admission fee	6,693,750	6,582,750
	Re-admission fee	2,115,000	1,787,250
		8,808,750	8,370,000
	Portion attributable to the period from October 2021 to December 2021	(1,413,000)	(1,242,750)
		7,395,750	**7,127,250**
17	**Bulletin fee**		
	Current	3,375,125	3,093,338
	Arrear	239,550	202,150
	Advance adjustment	-	-
		3,614,675	3,295,488
	Portion attributable to the period from October 2021 to December 2021 transferred to liabilities for other finance (note 9.1)	(607,912)	(563,875)
		3,006,763	**2,731,613**
18	**Rent**		
	Building rent	23,920,381	34,045,962
	Auditorium rent	79,000	212,000
		23,999,381	**34,257,962**
19	**Income from Investment - interest**		
	Interest from Fixed Deposits (Note 19.1)	53,992,591	60,612,592
	Interest from STD and savings account	51,794	387,939
		54,044,385	**61,000,531**
19.1	**Interest from Fixed Deposits**		
	DCCI Fund	45,855,832	53,353,249
	DCCI Scholarship Fund	375,063	450,716
	DCCI Retirement Benefit Fund	2,151,739	2,112,274
	DCCI Research Fund	5,609,957	4,696,353
		53,992,591	**60,612,592**

		For the year ended	
		30 September 2021	30 September 2020
		Taka	Taka
20	**Miscellaneous income**		
	Membership forms fee	100,250	108,100
	Photocopy charge realized	595	1,834
	Advertisement income	537,541	1,265,045
	Services income	717,139	1,000,423
	Commercial History book sale	3,000	11,600
	Seminar & Workshop	56,658	125,000
	Internet Connectivity	20,000	-
	Other Income -misc	445,550	413,178
		1,880,733	**2,925,180**
21	**Projects Income**		
	Income from project	354,000	1,730,951
		354,000	**1,730,951**
22	**Pay and allowances**		
	Pay and allowances	47,640,175	42,584,876
	Liveries & Uniforms	63,095	65,490
	Gratuity exp. Provision	3,430,588	8,836,989
	Employees insurance premium (Pension)	397,128	363,828
		51,530,986	**51,851,183**
23	**Postage and telephone**		
	Postage and stamps	153,430	301,984
	Telephone	87,135	41,065
	Fax charges	6,263	2,645
	Internet connectivity	720,567	381,112
		967,395	**726,806**
24	**Newspapers, bulletin and publications**		
	Newspapers and periodicals	86,592	59,914
	Bulletin	2,217,476	2,230,756
	Publication	941,170	1,215,391
		3,245,238	**3,506,061**
25	**Repairs and maintenance**		
	Car	372,107	192,313
	Computer	380,594	123,822
	Lift	179,400	170,480
	AC	309,897	8,000
	Generator	63,100	86,730
	Building	4,220	500,803
	Software & Others	887,338	576,644
		2,196,656	**1,658,792**

		For the year ended	
		30 September 2021	30 September 2020
		Taka	Taka
26	**Audit and Legal fees**		
	Statutory audit	115,000	115,000
	Internal audit	240,000	215,250
	Legal exp.	429,867	315,000
		784,867	**645,250**
27	**Seminar & symposium, conference and delegation**		
	Seminar and symposium	553,156	1,046,619
	Conference and delegation	1,157,208	200,758
		1,710,364	**1,247,377**
28	**Utility charges**		
	Electricity	5,102,793	5,343,641
	WASA	777,082	835,373
	Gas	27,837	44,976
	Utility reimbursement from tenants (Note-28.1)	(3,610,513)	(4,447,867)
		2,297,199	**1,776,123**
28.1	**Utility reimbursement from tenants**		
	Electricity	3,130,267	3,835,165
	WASA	480,246	612,702
		3,610,513	**4,447,867**
29	**Miscellaneous expenses**		
	Gift & Presentation	372,692	72,308
	Festival / national day expenses	30,000	164,279
	Washing expenses	8,590	16,760
	ISO 9001 Certification exp.	50,700	-
	Photography	19,200	60,570
	Bank charge	12,652	9,485
	Training expenses	211,875	25,142
	Insurance	101,560	106,735
	Advertisement expenses	212,240	221,250
	Service Charge -Corporate Credit Card	12,641	11,500
	Reception & Dinner	668,527	812,563
	Interest on loan from BFIC	-	2,670
	Employees Hajj exp.	30,752	30,752
	Patent & trade marks	13,800	36,016
	Others. exp.	81,619	105,938
		1,826,848	**1,675,968**

30 Subsequent events

There was no non-adjusting post balance sheet event of such importance, non-disclosure of which would affect the ability of the users of the financial statements to make proper evaluations and decisions.

31 Comparative statement of operating activities

Comparative statement of operating activities is shown in Annexure-2.

Annexure-1

Dhaka Chamber of Commerce & Industry
Schedule of Property, plant and equipment
As at 30 September 2021

A. Property, plant and equipment

Particulars	Cost				Dep.	Depreciation				Written Down Value (WDV)	
	As at 01 October 2020	Additions during the year	Disposals/ adjustment	As at 30 September 2021	Rate	As at 01 October 2020	Charged during the year	Disposals / adj.	Accumulated as at 30 Sep. 2021	As at 30 September 2021	As at 30 September 2020
	Taka	Taka	Taka	Taka	%	Taka	Taka	Taka	Taka	Taka	Taka
Land	29,157	-	-	29,157	-	-	-	-	-	29,157	29,157
Building	18,883,073	466,548	-	19,349,621	5%	11,183,161	408,323	-	11,591,484	7,758,137	7,699,911
Mach. & equipment	13,636,164	2,804,793	-	16,440,957	15%	7,797,653	1,296,496	-	9,094,149	7,346,808	5,838,511
Furniture & fixtures	14,614,056	11,700	-	14,625,756	10%	6,425,111	820,065	-	7,245,176	7,380,581	8,188,945
Books	1,080,819	-	-	1,080,819	10%	963,941	11,688	-	975,629	105,190	116,878
Electrical inst.	4,982,459	-	-	4,982,459	10%	2,272,310	271,015	-	2,543,325	2,439,134	2,710,149
Sanitary fittings & renov.	1,769,974	-	-	1,769,974	10%	798,248	97,173	-	895,421	874,553	971,726
Air cooler	13,417,663	289,600	-	13,707,263	15%	9,944,502	564,414	-	10,508,916	3,198,347	3,473,161
Wall clock	2,050	-	-	2,050	15%	1,561	73	-	1,634	416	489
Franking machine	17,500	-	-	17,500	15%	17,477	3	-	17,480	20	23
Sundry assets	2,989,561	-	-	2,989,561	12.50%	996,598	249,120	-	1,245,718	1,743,843	1,992,963
Water installation	126,766	-	-	126,766	2.50%	40,625	2,154	-	42,779	83,987	86,141
Crockery & cutleries	296,576	-	-	296,576	10%	210,092	8,648	-	218,740	77,836	86,484
Telephone inst.	1,348,705	-	-	1,348,705	10%	1,212,122	13,658	-	1,225,780	122,925	136,583
Lift	10,843,860	-	-	10,843,860	10%	8,169,455	267,441	-	8,436,896	2,406,965	2,674,405
Auditorium	9,055,810		-	9,055,810	5%	4,287,588	238,411	-	4,525,999	4,529,811	4,768,222
Transformer	1,359,181	-	-	1,359,181	15%	1,280,633	11,782	-	1,292,415	66,766	78,548
E-mail /internet inst.	649,767	-	-	649,767	10%	411,589	23,818	-	435,407	214,360	238,178
DCCI car	3,951,964	-	-	3,951,964	15%	3,216,957	110,251	-	3,327,208	624,756	735,007
Diesel generator	2,068,090	-	-	2,068,090	15%	1,787,387	42,105	-	1,829,492	238,598	280,703
Island Development	1,445,498	-	-	1,445,498	5%	580,025	43,274	-	623,299	822,199	865,473
Gift assets	307,140	-	-	307,140	-	65,299	-	-	65,299	241,842	241,841
As at 30 Sept 2021	**102,875,833**	**3,572,641**	**-**	**106,448,474**	**-**	**61,662,334**	**4,479,912**	**-**	**66,142,246**	**40,306,229**	**41,213,499**
As at 30 Sept 2020	**96,091,378**	**6,784,455**	**-**	**102,875,833**	**-**	**57,156,844**	**4,505,490**	**-**	**61,662,333**	**41,213,499**	**-**

B. Intangible Asset

Particulars	Cost				Dep.	Amortization				Written Down Value (WDV)	
	As at 01 October 2020	Additions during the year	Disposals/ adjustment	As at 30 September 2020	Rate	As at 01 October 2019	Charged during the year	Disposals / adj.	Accumulated as at 30 Sep. 2021	As at 30 September 2021	As at 30 September 2020
	Taka	Taka	Taka	Taka	%	Taka	Taka	Taka	Taka	Taka	Taka
MIS & Software	1,649,921	1,080,325	-	2,730,246	20%	923,930	361,263	-	1,285,193	1,445,053	725,991
As at 30 Sept 2021	**1,649,921**	**1,080,325**	**-**	**2,730,246**	**-**	**923,930**	**361,263**	**-**	**1,285,193**	**1,445,053**	**725,991**
As at 30 Sept 2020	**1,089,500**	**560,421**	**-**	**1,649,921**	**-**	**742,432**	**181,498**	**-**	**923,930**	**725,991**	**-**

C. Investment property

Particulars	Cost				Dep.	Depreciation				Written Down Value (WDV)	
	As at 01 October 2020	Additions during the year	Disposals/ adjustment	As at 30 September 2020	Rate	As at 01 October 2019	Charged during the year	Disposals / adj.	Accumulated as at 30 Sep. 2021	As at 30 September 2021	As at 30 September 2020
	Taka	Taka	Taka	Taka	%	Taka	Taka	Taka	Taka	Taka	Taka
											-
Building	46,015,642	-	-	46,015,642	0	27,251,939	938,185	-	28,190,124	17,825,518	18,763,703
As at 30 Sept 2021	**46,015,642**		**-**	**46,015,642**		**27,251,939**	**938,185**	**-**	**28,190,124**	**17,825,518**	**18,763,703**
As at 30 Sept 2020	**43,243,578**	**2,772,064**	**-**	**46,015,642**		**26,264,376**	**987,563**	**-**	**27,251,939**	**18,763,703**	**-**
Grand Total (A+B+C)	**150,541,396**	**4,652,966**	**-**	**155,194,362**		**89,838,203**	**5,779,360**	**-**	**95,617,563**	**59,576,800**	**60,703,193**

Annexure-2

Dhaka Chamber of Commerce & Industry
Comparative Statement of Operating Activities
For the year ended 30 September 2021

Particulars	For the year ended 30 September 2021 Taka	For the year ended 30 September 2020 Taka
Subscription income	41,480,525	38,182,750
Admission fee	7,395,750	7,127,250
Bulletin fee	3,006,763	2,731,613
	51,883,038	**48,041,613**
Less: Pay and allowances	51,530,986	51,851,183
Surplus / (deficit)	**352,052**	**(3,809,570)**
Less: Utilities- net	2,297,199	1,776,123
Printing and stationery	776,690	748,180
Postage and telephone	967,395	726,806
Subcription and donation	160,753	
News paper, bulletin and publications	3,245,238	3,506,061
Rates and taxes	1,197,180	1,197,180
Entertainment	503,767	757,887
Seminar and symposi, conf. and delegation	1,710,364	1,247,377
Travelling and Conveyance	204,212	312,905
AGM, EGM and election expenses	1,158,035	2,022,512
Audit and legal fee	784,867	645,250
Repairs and maintenance	2,196,656	1,658,792
Fuel and lubricants	408,806	269,261
Rent -Gulshan Centre	2,016,000	1,872,000
Iftar Party expenses	281,160	-
Estate expenses	489,048	415,268
Deferred revenue expenses - written off	351,480	410,990
Project expenses	203,260	1,734,727
Depreciation	5,779,360	5,674,552
Research and Studies	300,000	103,225
DCCI Members Night exp.	-	2,824,947
Income Tax expenses	11,080,731	
Miscellaneous expenses	1,826,848	1,675,968
	37,939,049	**29,580,011**
(Deficit)	**(37,586,997)**	**(33,389,581)**
Add: Income		
Certificate of Origin	1,521,411	1,436,675
Certification and attestation fee	1,567,677	1,187,550
Project Income	354,000	1,730,951
Miscellaneous income	1,880,733	2,925,180
	5,323,821	7,280,356
(Deficit)	**(32,263,176)**	**(26,109,225)**
Add : Interest income	54,044,385	61,000,531
DBI (DCCI Business Institute)-net	742,016	62,129
	54,786,401	61,062,660
Surplus	**22,523,225**	**34,953,435**
Add : Rent	23,999,381	34,257,962
Excess of income over expenditure for the year	**46,522,606**	**69,211,397**

২০২১ সালে যাদের আমরা হারিয়েছি

আলহাজ্ব আনোয়ার হোসেন
(১৯৩৭-২০২১)

'ডিসিসিআই ফাউন্ডেশন'-এর প্রতিষ্ঠাকালীন চেয়ারম্যান, বিশিষ্ট শিল্পপতি, সফল ব্যবসায়িক ব্যক্তিত্ব, জাতীয় সংসদের ঢাকা-৮ আসনের প্রাক্তন সদস্য এবং আনোয়ার গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ'র প্রতিষ্ঠাতা চেয়ারম্যান আলহাজ্ব আনোয়ার হোসেন গত ১৭ আগস্ট, ২০২১ তারিখ, মঙ্গলবার রাত ১০.০০ ঘটিকায় রাজধানীর একটি হাসপাতালে বার্ধক্যজনিত জটিলতায় চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৪ বছর।

উল্লেখ্য, আলহাজ্ব আনোয়ার হোসেন ১৯৭৬-৭৮ মেয়াদকালে প্রথমবারের মত ঢাকা চেম্বারের পরিচালক হিসেবে নির্বাচিত হন। পরবর্তীতে তিনি ১৯৮২-৮৩, ১৯৮৫ এবং ১৯৮৯-৯০ মেয়াদকাল ঢাকা চেম্বারের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি আনোয়ার গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ-এর প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ছিলেন। তিনি আনোয়ার গ্রুপের বিভিন্ন কোম্পানীর চেয়ারম্যান ছাড়াও নির্বাহী পরিচালক, দি সিটি ব্যাংক লিমিটেড-এর প্রাক্তন চেয়ারম্যান, বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজের পরিচালক এবং প্রাক্তন ডিআইটির ট্রাস্টি ছিলেন।

একজন সফল উদ্যোক্তা আলাহাজ্ব আনোয়ার হোসেন, তাঁর প্রচন্ড ধী-শক্তি, মেধা, সুদূর প্রসারী ভবিষ্যত দৃষ্টির ক্ষমতাবলে বাংলাদেশের শিল্পায়নে খাতওয়ারী অসামঞ্জস্যতা দূর করার জন্য এবং দেশকে স্বয়ংসম্পূর্ণ করার জন্য নিজে উদ্যোগী হয়ে বিভিন্ন ক্ষেত্র যেমনঃ গৃহায়ন, শিক্ষা, বয়ন, নির্মাণ এবং প্রযুক্তি (আইটি) খাতে বিনিয়োগ এবং আগামী প্রজন্মের জন্য দিক দিশারীর ভূমিকা পালন করে গেছেন। তিনি বহু সমাজকল্যাণ কাজের অগ্রদূত এবং প্রতিষ্ঠাতা হিসেবে বিবেচিত। তন্মধ্যে উদয়ন বিদ্যালয়, জমিলা খাতুন বালিকা বিদ্যালয়, রহিমবক্স মেমোরিয়াল আই ক্লিনিকস, জমিলা খাতুন রেড ক্রিসেন্ট প্রসুতি এবং শিশু সেবা কেন্দ্র, আনোয়ার হোসেন ফ্রি মেডিকেল সেন্টার, আলহাজ্ব আনোয়ার হোসেন'স শহিদ নগর ফ্রি প্রাইমারী বিদ্যালয় প্রভৃতি তাঁরই উদ্যোগে প্রতিষ্ঠিত।

তিনি ঢাকা চেম্বারের বহুমুখী কার্যক্রমের অন্যতম উপদেষ্টা এবং ব্যবসা, বাণিজ্য ও বিনিয়োগের ক্ষেত্রে নেতৃস্থানীয় আন্দোলনের অন্যতম অগ্রদূত ছিলেন। তিনি সামাজিক ও রাজনীতির ক্ষেত্রে সমভাবে অগ্রগণ্য। সময়ের প্রয়োজনে এবং এলাকার উন্নয়নকল্পে তিনি নব্বই-এর দশকে জাতীয় সংসদের সদস্য হিসেবে অমূল্য অবদান রাখেন এবং ঢাকাবাসীর প্রভূত উন্নয়ন সাধন করেন। এছাড়াও আলহাজ্ব আনোয়ার হোসেন লালবাগ ক্রিকেট ক্লাব, আজাদ মুসলিম ওয়েলফেয়ার কমপ্লেক্স-এর আজীবন সদস্য ছিলেন।

অধ্যাপক মোঃ আলী আশরাফ, এমপি

অধ্যাপক মোঃ আলী আশরাফ, এমপি ১৯৮৫-৮৭ এবং ১৯৮৯-৯১ মেয়াদে ঢাকা চেম্বারের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি চান্দিনা ফার্মল্যান্ড অ্যান্ড কোল্ড স্টোরেজ লিমিটেড-এর সত্ত্বাধিকারী ছিলেন। বরেণ্য এ ব্যক্তিত্ব কুমিল্লা-৭ হতে জাতীয় সংসদের সদস্য হিসেবে বেশ কয়েকবার নির্বাচিত হন এবং জাতীয় সংসদের ডেপুটি স্পিকার হিসেবে দায়িত্ব পালন করেন। গত ৩০ জুলাই, ২০২১ তারিখে তিনি মৃত্যুবরণ করেন।

মাহবুব-উজ-জামান

মাহবুব-উজ-জামান, ২০০১ মেয়াদে ঢাকা চেম্বারের ঊর্ধ্বতন সহ-সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি অরিয়েন্ট ফুড কোম্পানী লিমিটেড-এর ব্যবস্থাপনা পরিচালক এবং মাহবুব এজেন্সী-এর সত্ত্বাধিকারী হিসেবে নিয়োজিত ছিলেন। গত ১৫ এপ্রিল, ২০২১ তারিখে বার্ধক্যজনিত জটিলতার কারণে তিনি মৃত্যুবরণ করেন।

মোঃ সিরজাউদ্দিন মালিক

মোঃ সিরজাউদ্দিন মালিক, ১৯৯৪-৯৪ এবং ২০০৯-১০ মেয়াদে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)-এর সহ-সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ক্যাপিটাল প্লাস্টিক অ্যান্ড রাবার ইন্ডাস্ট্রিজ, ক্যাপিটাল কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ এবং ক্যাপিটাল ট্রেডিং কোম্পানী-এর ব্যবস্থাপনা পরিচালক হিসেবে নিয়োজিত ছিলেন। গত ২৩ এপ্রিল, ২০২১ তারিখে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

দীন মোহাম্মদ

দীন মোহাম্মদ, ১৯৮২-৮৪ মেয়াদে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)'র পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। গত ১৫ এপ্রিল, ২০২১ তারিখে বার্ধক্যজনক জটিলতায় ৮৩ বছর বয়সে তিনি মৃত্যুবরণ করেন। বিশিষ্ট এ শিল্পপতি ফিনিক্স গ্রুপের চেয়ারম্যান ও সিটি ব্যাংক-এর অন্যতম প্রতিষ্ঠাতা ছিলেন।

মেজর মোঃ ইয়াদ আলী ফকির (অবঃ)

মেজর মোঃ ইয়াদ আলী ফকির (অবঃ) ২০০৮-১০ মেয়াদে ঢাকা চেম্বারের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ইয়াদ লিমিটেড-এর ব্যবস্থাপনা পরিচালক হিসেবে নিয়োজিত ছিলেন। তিনি গত ০৮ আগস্ট, ২০২১ তারিখে মৃত্যুবরণ করেন।

মোঃ দেলোয়ার হোসেন

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)-এর ২০২১ সালের ট্রেড ফেসিলিটেশন অ্যান্ড গ্লোবাল লিংকেজ স্ট্যান্ডিং কমিটির যুগ্ম-আহ্বায়ক মোঃ দেলোয়ার হোসেন গত ০১ আগস্ট, ২০২১ তারিখে মৃত্যুবরণ করেন। তিনি জেনারেল মটরস্-এর সত্ত্বাধিকারী হিসেবে দায়িত্ব পালন করেন।

ঢাকা চেম্বারের স্মরণীয় ব্যক্তিবর্গ যাদের আমরা হারিয়েছি

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র পরিচালনা পর্ষদ-এর সিদ্ধান্ত অনুযায়ী ৬০তম বার্ষিক সাধারণ সভার বার্ষিক প্রতিবেদনে ঢাকা চেম্বারের সেবা প্রদানের অগ্রদূত হিসেবে স্মরণীয় যাদের আমরা হারিয়েছি তাদের সংক্ষিপ্ত জীবনী উপস্থাপন করা হলো। এতে যদি কোনো তথ্য বা উপাত্ত বাদ পড়ে থাকে তা আগামী বার্ষিক প্রতিবেদনে সংশোধিত আকারে প্রকাশ করা হবে।

আলহাজ্ব হাফেজ মনির হোসেন

আলহাজ্ব হাফেজ মনির হোসেন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র একজন প্রতিষ্ঠাতা সদস্য। তিনি চেম্বারের প্রতিষ্ঠালগ্ন থেকে তাঁর ইন্তেকাল পর্যন্ত চেম্বারের নানাবিধ কর্মকাণ্ডের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত থেকে দেশের শিল্প, বাণিজ্য ও অর্থনৈতিক উন্নয়নে সক্রিয় ভূমিকা পালন করেছেন। তিনি ছিলেন ধর্মপরায়ণ, দেশদরদী, সমাজসেবক ও গরীবের বন্ধু। তিনি বিভিন্ন সময়ে চেম্বারের পরিচালক পদে অধিষ্ঠিত থেকে দেশের ব্যবসা-বাণিজ্য, শিল্পের উন্নয়নে আজীবন কাজ করেছেন। তিনি বাংলাদেশের প্রথম উদ্যোক্তা, হিসেবে চীনের সঙ্গে যৌথ উদ্যোগে শিল্প স্থাপন করেন। ১৩ এপ্রিল, ১৯৯১ সালে ৭৮ বৎসর বয়সে বার্ধক্যজনিত কারণে তিনি ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ওয়াইন্না ইলাইহি রাজিউন)।

আলহাজ্ব নাজির হোসেন

আলহাজ্ব নাজির হোসেন পুরাতন ঢাকার লালবাগে ১৯৩০ সালে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ব্যবসা-বাণিজ্যের পাশাপাশি বিভিন্ন সমাজসেবামূলক কাজে ওতপ্রোতভাবে সম্পৃক্ত ছিলেন। লালবাগ বস্ত্র বিতান, লালবাগ ক্ষুদ্র ও কুটির শিল্প ইত্যাদি ব্যবসা প্রতিষ্ঠানের প্রতিনিধি হিসেবে তিনি ১৯৭৩ সাল থেকে ঢাকা চেম্বারের বিভিন্ন কর্মকাণ্ডে জড়িত থেকে দেশের শিল্প-বাণিজ্য ও অর্থনৈতিক উন্নয়নে বিশেষ ভূমিকা রেখেছেন। তিনি ১৯৯১-৯২ এবং ১৯৯৬ সালে ঢাকা চেম্বারের পরিচালক ছিলেন। নাজির হোসেন ছিলেন একজন নিবেদিতপ্রাণ সমাজ সেবক। তিনি আজাদ মুসলিম ওয়েলফেয়ার কমপ্লেক্স-এর প্রতিষ্ঠাতা সভাপতি, বাংলাদেশ রেড ক্রিসেন্ট-এর আজীবন সদস্য, ফিরোজা বারী পঙ্গু ও শিশু হাসপাতালের চেয়ারম্যানসহ বাংলাদেশ শিশু ওয়েলফেয়ার পরিষদ, সরকারি শিশু সনদ ইত্যাদি সমাজকল্যাণ প্রতিষ্ঠানে একনিষ্ঠভাবে নিবেদিত প্রাণ হিসেবে কাজ করেছেন। তিনি শুধু সমাজ সেবকই নন, একজন সু-সাহিত্যিক হিসেবেও সুপরিচিত ছিলেন। তাঁর বইগুলোর মধ্যে কিংবদন্তির ঢাকা, দেশ দেশান্তর এবং সমবায় সংগ্রাম সাধনা ইত্যাদি উল্লেখযোগ্য।

ফজলুল করিম চৌধুরী

ফজলুল করিম চৌধুরী ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র অন্যতম প্রতিষ্ঠাতা সদস্য। তিনি পুরোনো ঢাকার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। তিনি ছিলেন একজন বিশিষ্ট ব্যবসায়ী ও শিল্পপতি। বিভিন্ন সময় তিনি ডিসিসিআই'র পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন। মরহুম ফজলুল করিম চৌধুরী দেশের ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণে ও শিল্পোন্নয়নে বিশেষ অবদান রেখেছেন। ঢাকা চেম্বারের অগ্রযাত্রায় এবং সার্বিক কর্মকাণ্ডে মরহুমের বলিষ্ঠ নেতৃত্ব ও কর্ম প্রচেষ্টা ব্যবসায়ী ও শিল্পপতিবৃন্দ শ্রদ্ধাভরে স্মরণ করবে। ফজলুল করিম চৌধুরী ২১ মে, ১৯৯৮ তারিখে হৃদরোগে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ওয়াইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৮ বৎসর।

আবু নাসের আহম্মদ

আবু নাসের আহম্মদ ঢাকা চেম্বারের প্রতিষ্ঠাতা সদস্যগণের মধ্যে অন্যতম। তিনি ঢাকা শহরের এক আদি ও মুসলিম (সরদার) পরিবারে জন্মগ্রহণ করেন। বাল্যকাল থেকেই তিনি উন্নয়নমূলক কর্মকাণ্ড ও পরবর্তীকালে শিল্প-বাণিজ্যে বিশেষভাবে জড়িত হয়ে পড়েন। তিনি ১৯৬০-৬১ কার্যকালে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতি নির্বাচিত হন এবং ঢাকা চেম্বারের নেতৃবৃন্দের অনুরোধে দেশের ব্যবসা-বাণিজ্যে বিশেষ অবদান রাখার জন্য আশির দশকে আবারো ঢাকা চেম্বারের পরিচালকের দায়িত্ব পালন করেন। তিনি মেসার্স ক্রীন ফিল্ম ডিস্ট্রিবিউটর লিঃ-এর চেয়ারম্যান ছিলেন এবং চলচ্চিত্র প্রযোজনা, পরিবেশনা ও প্রদর্শক হিসেবে বিশেষ খ্যাতি লাভ করেন।

মরহুম আবু নাসের আহম্মদ ব্যক্তিগত জীবনে ধর্মপরায়ণ ছিলেন। তিনি বহুবিধ জনহিতকর সামাজিক, সাংস্কৃতিক, ধর্মীয় ও শিক্ষামূলক প্রতিষ্ঠানের সঙ্গে বিশেষভাবে জড়িত ছিলেন। মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি চেম্বারের নানাবিধ কর্মকাণ্ডের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত থেকে দেশের শিল্প ও বাণিজ্যিক উন্নয়নে সক্রিয় ভূমিকা পালন করেন। আবু নাসের আহম্মদ ১৫ জুন, ১৯৮৬ সালে ঢাকার সোহরাওয়ার্দী হাসপাতালে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ওয়াইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৯ বৎসর।

ইয়াহিয়া আহমেদ বাওয়ানী

ইয়াহিয়া আহমেদ বাওয়ানী ১৯২৫ সালের ১৬ জুলাই বর্তমান মিয়ানমারের (পূর্বনাম বার্মা) রেঙ্গুনে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। মরহুম ইয়াহিয়া আহমেদ বাওয়ানী ১৯৬১-৬২ সাল মেয়াদে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতির দায়িত্ব পালন করেন। তিনি বিভিন্ন সংগঠনের প্রধান হিসেবে দায়িত্ব পালনকালে দেশের ব্যবসা-বাণিজ্য ও শিল্পের উন্নয়নে অনবদ্য অবদান রেখেছেন।

একজন সফল ব্যবসায়ী হওয়া সত্ত্বেও তিনি ব্যবসা-বাণিজ্যের পাশাপাশি সামাজিক ও শিক্ষা বিস্তারে অবদান রেখেছেন। তিনি আল বাওয়ানী ফাউন্ডেশন, ঢাকা রিফিউজি রিহ্যাবিলিটেশন অ্যান্ড ফিন্যান্স কর্পোরেশন এবং লালবাগ মাদ্রাসা-এর প্রতিষ্ঠাতা চেয়ারম্যান। মরহুম ওয়াই এ বাওয়ানী লতিফ বাওয়ানী জুট মিল, আহমেদ বাওয়ানী টেক্সটাইল মিলসহ অনেক ব্যবসা প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা। তিনি জাতীয় মসজিদ বায়তুল মোকাররমের প্রতিষ্ঠাতা সংগঠক।

এ ছাড়াও আহমেদ বাওয়ানী একাডেমী এবং ঢাকায় বাওয়ানী উচ্চ বিদ্যালয় স্থাপন করেন। মরহুমের এই অবদান ঢাকা চেম্বারের সকল সদস্যবৃন্দ শ্রদ্ধাভরে স্মরণ করবে। মরহুম ইয়াহিয়া আহমেদ বাওয়ানী ১২ জানুয়ারি, ২০০৯ সালে পাকিস্তানের করাচিতে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ওয়াইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৪ বছর।

আলহাজ্ব
আবুল কাশেম, এফসিএ

মরহুম আবুল কাশেম এ দেশের দ্বিতীয় মুসলিম চার্টার্ড একাউন্টেন্ট ছিলেন। ১৯৫৩ সালে তিনি তাঁর ফার্ম এ কাশেম এ্যান্ড কোং প্রতিষ্ঠা করেন, যা বাংলাদেশের সবচেয়ে পুরাতন এবং স্বনামধন্য চার্টার্ড একাউন্টেটস্ ফার্ম। তিনি তাঁর দীর্ঘ ও অসাধারণ কৃতিত্বপূর্ণ কর্মময় জীবনে দি ইন্সটিটিউট অব চার্টার্ড একাউন্টেন্টস্ অব বাংলাদেশ (আইসিএবি)-এর প্রতিষ্ঠাতা সভাপতি এবং ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)'র সভাপতি ছিলেন।

তিনি বিভিন্ন ধরনের শিক্ষা কার্যক্রম, সমাজ কল্যাণমূলক এবং মানব সেবার ন্যায় মহৎ কাজে নিজেকে নিয়োজিত রেখেছিলেন। তিনি বাংলাদেশের লায়ন আন্দোলনের সাথে সক্রিয়ভাবে যুক্ত ছিলেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট এবং সিনেটের ফাইন্যান্স কমিটির সদস্য ছিলেন। তিনি ভিকারুননেসা নূন স্কুল অ্যান্ড কলেজের গভর্নিং বডি-এর সদস্য ছিলেন।

নুরউদ্দিন আহমেদ

নুরউদ্দিন আহমেদ ডিসিসিআই, দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই) এবং ঢাকা ক্লাবের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেছেন। দেশের শীর্ষস্থানীয় বেসরকারি সংগঠনসমূহের প্রধান হিসেবে দায়িত্ব পালনকালে তিনি দেশের ব্যবসা-বাণিজ্য ও শিল্পের উন্নয়নে অনবদ্য অবদান রেখেছেন। তিনি আন্তর্জাতিক পরিমণ্ডলে দেশের ভাবমূর্তি উজ্জ্বল ও ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণসহ দ্বিপাক্ষিক বাণিজ্য সম্প্রসারণে অবদান রেখে গেছেন। মরহুম নুরউদ্দিন আহমেদ ছিলেন একাধারে একজন সাংবাদিক, চিন্তাবিদ, ব্যবসায়ী ও সমাজসেবক। ব্যবসা-বাণিজ্যের পাশাপাশি তিনি সামাজিক, সাংস্কৃতিক কর্মকাণ্ড, শিক্ষা বিস্তারে অবদানসহ দুঃস্থ মানবতার সেবায় নিয়োজিত ছিলেন। ঢাকা চেম্বারের ব্যাপ্তি, বহুমুখী কার্যক্রম, ব্যবসায়ী সম্প্রদায়ের মধ্যে সেবা প্রদানের নতুন নতুন দিগন্ত উন্মোচন এবং সর্বোপরি চেম্বারের ভাবমূর্তি বৃদ্ধি ও সংরক্ষণে মৃত্যুর পূর্ব মুহূর্ত পর্যন্ত তিনি অক্লান্ত পরিশ্রম করে গেছেন। বর্তমান সময়ের বিশ্বায়নের নিত্য নব-প্রযুক্তি উদ্ভাবনের নতুন প্রজন্মের মেধা, ধীশক্তি ও প্রজ্ঞার প্রয়োজন তিনি অনুধাবন করেছিলেন এবং ঢাকা চেম্বারের নেতৃত্বে বিভিন্ন স্রোতধারা থেকে প্রতিশ্রুতিশীল এবং সম্ভাবনাময় নতুন নেতৃত্ব শ্রেণি তৈরি করে তিনি স্মরণীয় হয়ে আছেন। মরহুম নুরউদ্দিন আহমেদ ঢাকা চেম্বারের মাসিক প্রকাশনা ডিসিসিআই রিভিউ এ্যাডভাইজরি বোর্ডের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ছিলেন এবং মৃত্যুর পূর্ব মুহূর্ত পর্যন্ত তিনি এ দায়িত্ব নিষ্ঠার সঙ্গে পালন করেন। মরহুমের বলিষ্ঠ নেতৃত্ব ও কর্মপ্রচেষ্টা সকলেই শ্রদ্ধাভরে স্মরণ করবে। নুরউদ্দিন আহমেদ ২৩ মে, ২০০০ সালে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ওয়াইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭০ বছর।

এম ইউনুস, এফসিএ

এম ইউনুস, এফসিএ ১৯৩৮ সালের ১৪ মে, কুমিল্লা জেলার মুরাদনগর থানার পাহাড়পুর গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ১৯৮৪ ও ১৯৯৩ সালে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতির দায়িত্ব পালন করেন। এছাড়াও তিনি এফবিসিসিআই-এর পরিচালকের দায়িত্ব পালনসহ বিভিন্ন কর্মকাণ্ডে সক্রিয়ভাবে জড়িত ছিলেন। তিনি দেশের একজন বিশিষ্ট চার্টার্ড একাউন্ট্যান্ট এবং ইউনুস অ্যান্ড কোম্পানির ফাউন্ডার পার্টনার ছিলেন। তিনি দি ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আই সি এ বি) এবং দি সাউথ এশিয়ান ফেডারেশন অব একউন্ট্যান্টস (সাফা)-এর সভাপতির দায়িত্ব পালন করেন। তিনি বিভিন্ন সংগঠনের প্রধান হিসেবে দায়িত্ব পালনকালে দেশের ব্যবসা-বাণিজ্য ও শিল্পের উন্নয়নে অনবদ্য অবদান রাখেন। মরহুম এম ইউনুস, এফসিএ ছিলেন একজন চিন্তাবিদ, ব্যবসায়ী ও সমাজ সেবক। ব্যবসা-বাণিজ্যের পাশাপাশি সামাজিক- সাংস্কৃতিক কর্মকাণ্ডে ও শিক্ষা বিস্তারে বিভিন্ন অবদানসহ দুঃস্থ মানবতার সেবায় তিনি সর্বদা নিয়োজিত ছিলেন। ঢাকা চেম্বারের বর্তমান ব্যাপ্তি, বহুমুখী কার্যক্রম ও ব্যবসায়ী সম্প্রদায়ের মধ্যে সেবা প্রদানের নতুন নতুন দিগন্ত উন্মোচন এবং সর্বোপরি চেম্বারের ভাবমূর্তি বৃদ্ধি ও রক্ষায় মরহুম এম ইউনুস, এফসিএ আন্তরিকভাবে সচেষ্ট ছিলেন। সর্বজন শ্রদ্ধেয় এম ইউনুস, এফসিএ ৩০ ডিসেম্বর, ২০০৮ সালে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ওয়াইন্না ইলাইহি রাজিউন)।

এ রব চৌধুরী

এ রব চৌধুরী বাংলাদেশের একজন বিশিষ্ট ব্যবসায়ী এবং ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র প্রাক্তন সভাপতি। তিনি আরকো কোল্ড স্টোরেজ লিমিটেড'র চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক ছিলেন। এছাড়াও তিনি বাংলাদেশ কোল্ড স্টোরেজ এসোসিয়েশন'র চেয়ারম্যান এবং এফবিসিসিআই'র নির্বাহী কমিটির সদস্য হিসেবে দায়িত্ব পালন করেন। ব্যবসায়িক কার্যক্রমের পাশাপাশি তিনি নানাবিধ সামাজিক কর্মকাণ্ডের সাথে সম্পৃক্ত ছিলেন। তিনি ধানমন্ডি ও উত্তরা রোটারি ক্লাব'র সভাপতি হিসেবেও দায়িত্ব পালন করেন। উল্লেখ্য, তিনি ১৯৯৪ সালে ঢাকা চেম্বারের সভাপতির দায়িত্ব পালন করেন। ২০১৭ সালের ১৯ অক্টোবর তারিখে তিনি ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ওয়াইন্না ইলাইহি রাজিউন)।

আলহাজ্ব মুখলেছুর রহমান

মুখলেছুর রহমান ১৯২৮ সালে ১৮ এপ্রিল নরসিংদীর এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নকালে ১৯৫২ সালে তিনি ভাষা আন্দোলনে সক্রিয় ভূমিকা পালন করেন। বাগেরহাট কলেজে অধ্যাপনা দিয়ে তাঁর কর্মজীবন শুরু হয়। অতঃপর দীর্ঘদিন চট্টগ্রাম চেম্বারে সেক্রেটারি হিসেবে কর্মরত থেকে চেম্বারের প্রভূত উন্নয়ন সাধনে ভূমিকা রাখেন। ১৯৬৭-৬৮ সালে ব্যবসার জগতে প্রবেশ করেন এবং তিনি দেশের ব্যবসা-বাণিজ্য খাতের উন্নয়নের জন্য ব্যাপক ভূমিকা রাখতে শুরু করেন।

মুখলেছুর রহমান ১৯৭০ হতে ১৯৭৪ পর্যন্ত ঢাকা চেম্বারের সহ-সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ঢাকা চেম্বারের অন্যতম কনসালটেন্ট বা পরামর্শক হিসেবে পরিচিত ছিলেন। চেম্বারের দিক-নির্দেশনামূলক কর্মকাণ্ডে ও যোগ্য নেতৃত্ব তৈরিতে বলিষ্ঠ ভূমিকার জন্য তিনি খবধফবৎ হিসেবে বিবেচিত হতেন। ঢাকা চেম্বারের প্রথম প্রকল্প "সার্ভিস ডেভেলপমেন্ট প্রোগ্রাম" তিনিই চালু করেন, যা গবেষণা ও প্রকাশনার ক্ষেত্রে দিক নির্দেশনা দিয়েছে। মুখলেছুর রহমান ছিলেন একজন সৎ, নির্ভীক ও বিশিষ্ট সংগঠক। পাশাপাশি তিনি ছিলেন একজন সু-সাহিত্যিক, সমাজসেবী ও জ্ঞানপিপাসু দার্শনিক। তিনি একাধিক সামাজিক ও মানবকল্যাণমূলক সংগঠনের সফল প্রতিষ্ঠাতা। শ্রদ্ধেয় মুখলেছুর রহমান ১৬ এপ্রিল, ২০১০ সালে ৮৬ বৎসর বয়সে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ওয়াইন্না ইলাইহি রাজিউন)।

মোহাম্মদ সিরাজউদ্দিন

মোহাম্মদ সিরাজউদ্দিন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)'র একজন প্রতিষ্ঠাতা সদস্য। ডিসিসিআই প্রতিষ্ঠার ক্ষেত্রে তিনি গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন। তিনি ১৯২৩ সালের ২১ জুলাই ঢাকার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। তিনি মধুমিতা ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ও নির্বাহী পরিচালক ছিলেন। ১৯৫০ সালে তিনি প্রথম সিরকো সোপ অ্যান্ড কেমিক্যাল ইন্ডাস্ট্রি প্রতিষ্ঠা করেন, যেটি তৎকালীন সময়ের প্রথম সাবান ফ্যাক্টরি। এটি ব্রিটিশ কোম্পানি জেমস ফিনলে অ্যান্ড কোম্পানির ডিস্ট্রিবিউটর হিসেবে কাজ করতো। ১৯৬৬ সালে তিনি কোহিনূর জুট মিলস্ স্থাপন করেন এবং স্বাধীনতার পূর্ব পর্যন্ত প্রতিষ্ঠানটির নির্বাহী পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। এছাড়াও তিনি স্ট্যান্ডার্ড ব্যাংক অব পাকিস্তান এবং স্ট্যান্ডার্ড ইন্স্যুরেন্স লিমিটেড-এর পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। তাঁর ৫৩ বছর কর্মজীবনে দেশের ব্যবসা-বাণিজ্যের উন্নয়নের স্বার্থে গুরুত্বপূর্ণ অবদান রেখে গিয়েছেন। ১৯৭৬ সালের ৮ জানুয়ারি তিনি মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহে ওয়াইন্না ইলাইহি রাজিউন)।

মোহাম্মদ সাখী মিঞা

মোহাম্মদ সাখী মিঞা পুরাতন ঢাকার প্রবীণ ব্যক্তিত্ব, সাহিত্যিক, বিশিষ্ট ব্যবসায়ী ও সমাজসেবক। মোহাম্মদ সাখী মিঞা ১৯২১ সালে ঢাকার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ইস্ট বেঙ্গল ইনস্টিটিউশন থেকে কৃতিত্বের সাথে এনট্রান্স এবং ঢাকা কলেজ থেকে উচ্চ মাধ্যমিক পাশ করেন ও পরবর্তীতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হন। তিনি পাকিস্তান আমলে পররাষ্ট্র মন্ত্রণালয় চাকুরির মাধ্যমে কর্মজীবন শুরু করেন। অতঃপর চাকুরী ছেড়ে তিনি লুব্রিকেন্ট-এর ব্যবসায় নিয়োজিত হন। তিনি লুব্রিকেন্ট ব্যবসায় বাঙালিদের মধ্যে অগ্রগণ্য এবং তাঁর প্রতিষ্ঠান নিশাত ট্রেডিং এ ব্যবসায় এখনও নিয়োজিত। তিনি ছিলেন বিনয়ী, দানশীল, ধর্মপ্রাণ ও মানবদরদী। তিনি ঢাকা মিউনিসিপ্যাল কমিটির (বর্তমান ঢাকা সিটি কর্পোরেশন) কমিশনার এবং পরবর্তীতে চেয়ারম্যানের দায়িত্বও পালন করেন। তিনি ডিসিসিআই'র প্রতিষ্ঠালগ্ন থেকেই এর সাথে জড়িত ছিলেন। তিনি বাংলাদেশ পাবলিকেশনস লিমিটেডের অন্যতম পরিচালক ছিলেন। তিনি ঢাকার ইতিহাস ও ইসলামী মূল্যবোধের উপর বেশ কয়েকটি অনুবাদও প্রকাশ করেছেন। এছাড়াও তিনি বিভিন্ন পত্রিকায় ঐতিহাসিক ও সমসাময়িক বিষয়ে লেখালেখি করতেন। তিনি তৎকালীন সময়ে ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণে গুরুত্বপূর্ণ অবদান রেখে গেছেন। তিনি বাংলাদেশে ইসলামী ব্যাংকিং ধারার প্রবর্তনের প্রথম সারির একজন দিকনির্দেশক। তিনি বর্তমান ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড-এর প্রতিষ্ঠালগ্ন থেকে জড়িত ছিলেন। সর্বজন শ্রদ্ধেয় এই ব্যক্তিত্ব ৮৭ বছর বয়সে ২০০৮ সালের ১লা জুলাই ঢাকার বারডেম হাসপাতালে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ওয়াইন্না ইলাইহি রাজিউন)।



ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর ৫৯তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)-এর ৫৯তম বার্ষিক সাধারণ সভা গত ২৯ ডিসেম্বর, ২০২০ইং (১৪ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ) মঙ্গলবার সকাল ১১:০০ ঘটিকায় ডিসিসিআই অডিটোরিয়াম থেকে সরাসরি জুম ভিডিও কনফারেন্সের মাধ্যমে হাইব্রিড মুডে অনুষ্ঠিত হয়।

৫৯তম বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণকারী সদস্যবৃন্দ

ক্রমিক নং	প্রতিনিধির নাম		প্রতিষ্ঠানের নাম
১	রিজওয়ান রাহমান	-	মেসার্স ইটিবিএল সিকিউরিটিস এন্ড এক্সচেঞ্জ লিঃ
২	শামস মাহমুদ	-	মেসার্স শাশা ডেনিমস লিমিটেড
৩	মোহাম্মদ বাশিরউদ্দিন	-	মেসার্স ক্যাপিটাল বিস্কুটস কোং
৪	এম. এ. রশিদ শাহ সম্রাট	-	মেসার্স ফ্লাইট এক্সপার্ট
৫	ইঞ্জিঃ মোঃ আল আমিন	-	মেসার্স প্যারাডাইজ ডেভেলপমেন্ট অ্যান্ড কনস্ট্রাকশনস লিঃ
৬	ওয়াকার আহমদ চৌধুরী	-	মেসার্স র‍্যানকন ট্রেডিং (প্রাঃ) লিঃ
৭	আন্দালিব হাসান	-	মেসার্স নর্থ বেঙ্গল সাইকেল ইন্ডাস্ট্রিজ লিঃ
৮	খায়রুল মজিদ মাহমুদ	-	মেসার্স কল্ডওয়েল ডেভেলপমেন্ট লিঃ
৯	আফতাব-উল-ইসলাম, এফসিএ	-	মেসার্স আইওই (বাংলাদেশ) লিমিটেড
১০	গোলাম জিলানী	-	মেসার্স গেটওয়ে গ্রুপ লিমিটেড
১১	মোক্তার হোসেন চৌধুরী	-	মেসার্স ইউনি-গ্লোব ট্রাভেলস
১২	মোঃ সবুর খান	-	মেসার্স ডেফোডিল কম্পিউটারস্ লিঃ
১৩	ওসামা তাসীর	-	মেসার্স ফোর উইংস লিমিটেড
১৪	এনামুল হক পাটোয়ারী	-	মেসার্স জুট অ্যান্ড ব্যাগস্ এক্সপোর্ট কর্পোরেশন
১৫	আশরাফ আহমেদ	-	মেসার্স রিভারস্টোন ক্যাপিটাল লিমিটেড
১৬	মাহাবুব আনাম	-	মেসার্স মাহাবুব অ্যান্ড এসোসিয়েটস
১৭	মোঃ নুরুজ্জামান দিপু	-	মেসার্স দি বেঙ্গল প্রিন্টিং ওয়ার্কস
১৮	হোসেন এ সিকদার	-	মেসার্স স্টার স্টীল স্টোর
১৯	মোহাম্মদ গোলাম মোস্তফা	-	মেসার্স এস.এস. ট্রেড লিংক ইন্টারন্যাশনাল (প্রাঃ) লিঃ
২০	আহমেদ হোসেন মজুমদার	-	মেসার্স পারভীন ট্রেডিং কর্পোরেশন
২১	মোঃ রাশেদুল করিম মুন্না	-	মেসার্স ক্রিয়েশন (প্রাইভেট) লিঃ

ক্রমিক নং	প্রতিনিধির নাম		প্রতিষ্ঠানের নাম
২২	এম বশির উল্ল্যাহ ভূঁইয়া	-	মেসার্স শ্যাডো ইন্টারন্যাশনাল
২৩	ওয়াসিক বিন বশির	-	মেসার্স এ্যাডভান্স ট্রেডিং কর্পোরেশন
২৪	মনোয়ার হোসেন	-	মেসার্স মনোয়ার ট্রেডিং
২৫	এন কে এ মবিন, এফসিএস, এফসিএ	-	মেসার্স ইমার্জিং ক্রেডিট রেটিং লিঃ
২৬	আসিফ ইব্রাহীম	-	মেসার্স নিউএইজ গার্মেন্টস লিমিটেড
২৭	নাসিরউদ্দিন এ, ফেরদৌস	-	মেসার্স ধানমন্ডি ডেল অ্যান্ড কোম্পানী
২৮	নূহের লতিফ খান	-	মেসার্স জুলস পাওয়ার লিঃ
২৯	আবুল কাসেম খান	-	মেসার্স এ. কে. খান টেলিকম লিমিটেড
৩০	মোঃ জিয়া উদ্দিন	-	মেসার্স একটিভ ফাইন কেমিক্যালস লিঃ
৩১	সালমান রশিদ শাহ্ সাইম	-	মেসার্স মক্কা ট্যুরস্ অ্যান্ড ট্রাভেলস্
৩২	মাসুক হোসেন	-	মেসার্স মাসুক হোসেন
৩৩	আবু নাঈম রিপন	-	মেসার্স লাকি ট্রেডিং এজেন্সি
৩৪	নাসির হোসেন	-	মেসার্স নাহারিন কর্পোরেশন
৩৫	ইঞ্জিঃ শামসুজ্জোহা চৌধুরী	-	মেসার্স ইউনিক লিভিং লিঃ
৩৬	নাজির হোসেন	-	মেসার্স এন. এইচ. ইন্টারন্যাশনাল
৩৭	মাহবুবুর রহমান	-	মেসার্স ইটিবিএল হোল্ডিংস লিমিটেড
৩৮	এস এম গোলাম ফারুক আলমগীর	-	মেসার্স বিডিকম অনলাইন লিঃ
৩৯	আখতারুজ্জামান	-	মেসার্স এক্সপো কর্পোরেশন
৪০	মিসেস সাবিনা আক্তার তুহিন	-	মেসার্স গ্লোব টেক লিংক
৪১	মোঃ শামীম ভূঁইয়া	-	মেসার্স হার্ট ইন্টারন্যাশনাল
৪২	এম আবু হোরায়রাহ্	-	মেসার্স সালমান রেফ্রিজারেশন
৪৩	সৈয়দ নওসাদ আহমেদ	-	মেসার্স এম্পেল ইন্টারন্যাশনাল বাংলাদেশ
৪৪	দাতা মাগফুর	-	মেসার্স দাতা এন্টারপ্রাইজেস লিমিটেড
৪৫	স্বপন কুমার দাস	-	মেসার্স প্রকৃতি
৪৬	আলহাজ্ব আব্দুস সালাম	-	মেসার্স হাজী আব্দুল হালিম এন্ড সন্স
৪৭	ইমরান আহমেদ	-	মেসার্স নবাব অ্যান্ড সন্স
৪৮	এম এস সেকিল চৌধুরী	-	মেসার্স টিসিবিএল গ্রুপ
৪৯	মোঃ মামুন উর রহমান	-	মেসার্স এক্সপোপ্রো
৫০	ড. লকিয়ত উল্লাহ	-	মেসার্স বায়োফার্মা লিঃ
৫১	শেখ মোঃ ওয়ালিউল ইসলাম	-	মেসার্স রুটস্ সোর্সিং ইন্টারন্যাশনাল লিমিটেড
৫২	হায়দার আহমদ খান, এফসিএ	-	মেসার্স আহমেদ খান অ্যান্ড কোং
৫৩	ওসমান গনি	-	মেসার্স আগামী প্রকাশনী
৫৪	ইঞ্জিঃ এম আনিসুজ্জামান ভূঁইয়া রানা	-	মেসার্স জামান কনস্ট্রাকশন
৫৫	হোসেন খালেদ	-	মোসার্স এ জি অটোমোবাইলস লিমিটেড
৫৬	আরমান হক	-	মেসার্স গ্যাস ওয়ান লিমিটেড
৫৭	আরিফ হোসেন খান	-	মেসার্স রাণী ফুড ইন্ডাস্ট্রি লিঃ
৫৮	মোঃ আনোয়ার হোসেন	-	মেসার্স ভাসটেক লিঃ
৫৯	মোঃ সাহিদ হোসেন	-	মেসার্স এস বি ডিস্ট্রিবিউশন

ক্রমিক নং	প্রতিনিধির নাম		প্রতিষ্ঠানের নাম
৬০	মেজর মোঃ ইয়াদ আলী ফকির (অবঃ)	-	মেসার্স ইয়াদ লিমিটেড
৬১	মতিউর রহমান	-	মেসার্স উত্তরা মটরস্ লিমিটেড
৬২	মোঃ সাইফুর রহমান সাইফ	-	মেসার্স ফেয়ার অ্যান্ড এ্যাপ্রোপ্রিয়েট টেকনোলোজি লিঃ
৬৩	মিসেস ইরিনা ইসলাম	-	মেসার্স অথেনটিক ইমপোর্ট
৬৪	মোঃ সাখাওয়াত উল্লাহ	-	মেসার্স রিলাইএ্যাবল কর্পোরেশন
৬৫	এ কে এম দেলোয়ার হোসেন	-	মেসার্স ক্রাউন মেলামাইন ইন্ডাস্ট্রিজ লিঃ
৬৬	নূর হোসেন	-	মেসার্স এঞ্জেল কর্পোরেশন
৬৭	বেনজির আহমেদ	-	মেসার্স এল. এ. ফ্যাশন (প্রাঃ) লিঃ
৬৮	ইঞ্জিঃ আকবর হাকিম	-	মেসার্স ইঞ্জিনিয়ারিং রিসোর্সেস ইন্টারন্যাশনাল লিঃ
৬৯	মোহাম্মদ শারফুদ্দিন	-	মেসার্স আদর এন্টারপ্রাইজ
৭০	মোঃ আনোয়ার হোসেন	-	মেসার্স শাহ্জালাল ইসলামী ব্যাংক সিকিউরিটিজ লিমিটেড
৭১	এম শফিকুল আলম, এফসিএ	-	মেসার্স ন্যাশনাল এ্যাসেট ম্যানেজমেন্ট লিমিটেড
৭২	খন্দকার আতিকুর রহমান	-	মেসার্স আর্ক কনসালটেন্ট অ্যান্ড ইঞ্জিনিয়ারিং লিমিটেড
৭৩	হুমায়ুন রশিদ	-	মেসার্স এনার্জিপ্যাক পাওয়ার জেনারেশন লিমিটেড
৭৪	মিসেস ইসমাত জেরিন খান	-	মেসার্স জার্মাজ লিমিটেড (Jermatz Limited)
৭৫	এ. কে. ডি. খায়ের মোহাম্মদ খান	-	মেসার্স খায়ের এন্টারপ্রাইজেস
৭৬	মোঃ ইকরাম ঢালী	-	মেসার্স সীমা প্যাকেজিং অ্যান্ড এক্সেসোরিজ
৭৭	সৈয়দ আলমাস কবির	-	মেসার্স মেট্রোনেট বাংলাদেশ লিমিটেড
৭৮	মোঃ মুজিবুল হক	-	মেসার্স হক ডকইয়ার্ড
৭৯	মির্জা আব্দুল খালেদ	-	মেসার্স লায়ন ইলেক্ট্রো মেকানিক্যাল সার্ভিসেস
৮০	একেএম মিজানুর রহমান, এফসিএ	-	মেসার্স শফিক মিজান রহমান এন্ড অগাস্টিন
৮১	মোহাম্মদ শাহজাহান খান	-	মেসার্স এস. এস.শিপিং এন্ড ট্রেডিং লিঃ
৮২	রফিকুল ইসলাম খান, এফসিএ	-	মেসার্স এম. এম. রহমান অ্যান্ড কোং
৮৩	রিয়াদ হোসেন	-	মেসার্স আর এইচ ইন্টারন্যাশনাল
৮৪	মোঃ রাশেদ আলী	-	মেসার্স দয়াল এন্টারপ্রাইজ
৮৫	মির্জা আব্দুল খালেস	-	মেসার্স লায়ন সিনেমা (প্রাঃ) লিঃ
৮৬	মোঃ কামাল উদ্দিন	-	মেসার্স জেড এম জেড ইন্টারন্যাশনাল
৮৭	রাজিব এইচ চৌধুরী	-	মেসার্স ডিফেন্স ডায়নামিকস এন্টারপ্রাইজ
৮৮	মোঃ দেলোয়ার হোসেন	-	মেসার্স জেনারেল মটরস
৮৯	মোঃ হারুন অর রশিদ	-	মেসার্স হারুন কম্পোজিট মিলস্ লিমিটেড
৯০	খন্দকার শহীদুল ইসলাম	-	মেসার্স মাহবুবা খন্দকার
৯১	মোঃ ওমর আলী	-	মেসার্স ওমর সাফারি লিমিটেড
৯২	আরিফ হোসেন	-	মেসার্স পাটোয়ারী ম্যানেজমেন্ট কর্পোরেশন
৯৩	মিসেস লিলি হক	-	মেসার্স চয়ন প্রকাশন
৯৪	মোঃ এনামুল হক সুজন	-	মেসার্স গেটস্কীল
৯৫	ফজলে আর এম হাসান, এফসিএ	-	মেসার্স এলাইড এন্টারপ্রাইজ
৯৬	কাউসার মৃধা	-	মেসার্স মৃধা ইন্টারন্যাশনাল কর্পোরেশন
৯৭	এম সালিম সোলায়মান	-	মেসার্স মাসন্স পলিমার কর্পোরেশন

ক্রমিক নং	প্রতিনিধির নাম		প্রতিষ্ঠানের নাম
৯৮	মোহাম্মদ জামশের আলী	-	মেসার্স সনি লুব্রিকেন্টস সেন্টার
৯৯	এম এ হামিদ	-	মেসার্স দিগন্ত এ্যাডভারটাইজিং
১০০	ব্যারিস্টার সামির সাত্তার	-	মেসার্স সাত্তার অ্যান্ড কোং
১০১	রাকিব মোহাম্মদ ফখরুল	-	মেসার্স আয়োরবেদি ফার্মেসি (ঢাকা) লিঃ
১০২	মোঃ ইফতেখারউদ্দিন নওশাদ	-	মেসার্স ইন উইন এন্টারপ্রাইজ
১০৩	এস রুমি সাইফুল্লাহ	-	মেসার্স ভিনসেন্ট ইমপেক্স লিমিটেড
১০৪	খন্দ. রাশেদুল আহসান	-	মেসার্স পিসেস কর্পোরেশন লিঃ
১০৫	রাশেদ মাকসুদ খান	-	মেসার্স বেঙ্গল ফাইন সিরামিক্স লিমিটেড
১০৬	শাহজাদা এ হামিদ	-	মেসার্স ল্যান্ডমার্ক বাংলাদেশ লিমিটেড
১০৭	কে এম এন মঞ্জুরুল হক	-	মেসার্স ওয়াইড লিংক ইন্টারন্যাশনাল
১০৮	এস এম মহিউদ্দিন সেলিম	-	মেসার্স সামমনি ট্যুরস্ অ্যান্ড ট্রাভেলস্ বিডি
১০৯	কামরুল ইসলাম, এফসিএ	-	মেসার্স মাসনুনস লিমিটেড
১১০	সৈয়দ মাহমুদুর রশিদ	-	মেসার্স বগুড়া ট্রেড সেন্টার
১১১	মোঃ মাহফুজ খান	-	মেসার্স ডট ফাইভ প্রাইভেট লিমিটেড
১১২	এম এইচ রহমান	-	মেসার্স আরেনকো ট্রেড লিমিটেড
১১৩	ইঞ্জিঃ এম এ ওয়াহাব	-	মেসার্স একিউরেট টেকনোলজি লিঃ
১১৪	মোঃ বিল্লাল হোসেন	-	মেসার্স এ্যাডভান্স ট্রেড ইন্টারন্যাশনাল
১১৫	ইঞ্জিঃ কাজী মাহবুবুর রহমান	-	মেসার্স ম্যাক্রো হান্টস লিমিটেড

সভার শুরুতে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)-এর মহাসচিব আফসারুল আরিফিন বার্ষিক সাধারণ সভায় যোগদানকারী সম্মানিত সদস্যগণকে স্বাগত জানান। নির্ধারিত কর্মসূচি অনুযায়ী তিনি চেম্বারের সভাপতি, উর্ধ্বতন সহ-সভাপতি, সহ-সভাপতি এবং পরিচালকমণ্ডলীর সদস্যগণকে মঞ্চে আসন গ্রহণের জন্য অনুরোধ জানান এবং সবাই আসন গ্রহণ করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে চেম্বারের ইমাম হাফেজ ক্বারী মোঃ আব্দুস সাত্তার পবিত্র কালাম-ই-পাক থেকে তেলাওয়াত করেন।

অতঃপর ডিসিসিআই সভাপতি শামস মাহমুদের সভাপতিত্বে ৫৯তম বার্ষিক সাধারণ সভার কার্যক্রম শুরু হয়। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে মহাসচিব ৫৯তম বার্ষিক সাধারণ সভার নোটিশ পাঠ করেন। তিনি ২০২০ সালে ঢাকা চেম্বারের সাথে সম্পৃক্ত ব্যক্তিবর্গের পাশাপাশি জাতীয় ও আন্তর্জাতিক পরিমণ্ডলে গুরুত্বপূর্ণ ব্যক্তি যারা ইন্তেকাল করেছেন, তাদের শোক সন্তপ্ত পরিবারের প্রতি ঢাকা চেম্বারের পরিচালনা পর্ষদের পক্ষ থেকে গভীর সমবেদনা পেশ করেছে। বিশেষত সাবেক স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম, এমপি; গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম প্রতিমন্ত্রী শেখ মোঃ আব্দুল্লাহ, এমপি; বীর মুক্তিযোদ্ধা মেজর জেনারেল (অবঃ) সি আর দত্ত, বীর প্রতীক; জাতীয় অধ্যাপক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের এমিরিটাস অধ্যাপক ড. আনিসুজ্জামান; জাতীয় অধ্যাপক এবং এশিয়া প্যাসিফিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. জামিলুর রেজা চৌধুরী; ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য প্রফেসর ড. এমাজউদ্দিন আহমেদ; বাংলাদেশ-এর এ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম; প্রখ্যাত আইনজীবি ব্যারিস্টার রফিক-উল হক; বাংলাদেশ ব্যাংক-এর উপদেষ্টা মোহাম্মদ আল্লাহ মালিক কাজেমি; ট্রান্সকম গ্রুপ-এর চেয়ারম্যান ও প্রধান নির্বাহী লতিফুর রহমান; ঢাকা চেম্বারের সাবেক পরিচালক এএসএম মহিউদ্দিন মোনেম-এর পিতা এবং আব্দুল মোনেম লিমিটেড-এর চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক আব্দুল মোনেম; বিশিষ্ট ব্যবসায়ী ও যমুনা গ্রুপের চেয়ারম্যান নূরুল ইসলাম বাবুল; ঢাকা চেম্বারের প্রাক্তন উর্ধ্বতন সহ-সভাপতি সৈয়দ জামাল উদ্দিন হায়দার; বাংলাদেশ ইন্ডেন্টিং এজেন্ট এসোসিয়েশন-এর প্রাক্তন সভাপতি এবং ঢাকা চেম্বারের প্রাক্তন সভাপতি মাহবুবুর রহমান-এর ভাই মোঃ আহমদ ফজলুর রহমান; দেশের শীর্ষস্থানীয় শিল্পপতি ও পারটেক্স গ্রুপের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান, সাবেক সংসদ সদস্য, এম এ হাশেম; ঢাকা চেম্বারের পরিচালক মনোয়ার হোসেন-এর বাবা এবং ঢাকা চেম্বারের সাবেক পরিচালক আব্দুল মালেক; ডিসিসিআই'র প্রাক্তন পরিচালক মোঃ হাবিব উল্ল্যাহ (হাবিব); ডিসিসিআই-এর 'প্রটেকশন অব কনজুমার রাইটস্, এসেনশিয়াল কমোডিটিস অ্যান্ড মার্কেট মনিটরিং' স্ট্যান্ডিং কমিটির সদস্য আলহাজ্ব ফাইজুর রহমান; ডিসিসিআই এগ্রোবেইজড ট্রেড, সার্ভিসেস অ্যান্ড কমার্শিয়ালাইজেশন অব এগ্রিকালচার স্ট্যান্ডিং কমিটির সদস্য আফজাল হোসেন; ডিসিসিআই'র প্রাক্তন সহ-সভাপতি মোঃ মনিরুজ্জামান-এর বড় ভাই ও

ডিসিসিআই সদস্য মোঃ কামরুজ্জামান; ডিসিসিআই'র প্রাক্তন পরিচালক কে এম এন মঞ্জুরুল হক-এর বড় বোন প্রফেসর তাহেরা আক্তার জাহান; ডিসিসিআই পরিচালক ও প্রাক্তন উর্ধ্বতন সহ-সভাপতি ওয়াকার আহমদ চৌধুরী-এর খালাম্মা সুরাইয়া রাজা চৌধুরী; ডিসিসিআই পরিচালক মনোয়ার হোসেন-এর খালাম্মা হোসনে আরা বেগম; ডিসিসিআই-এর ল' অ্যান্ড অর্ডার অ্যান্ড এন্টি স্মাগলিং ইনিশিয়েটিভ স্ট্যান্ডিং কমিটির আহ্বায়ক মোহাম্মদ শামসের আলী'র বাবা মোহাম্মদ শেহের আলী; ডিসিসিআই প্রাক্তন পরিচালক সৈয়দ হাবিবুর রহমান-এর শ্বশুর এম আব্দুল হালিম ভূঁইয়্যা; ডিসিসিআই পরিচালক আশরাফ আহমেদ-এর শ্বাশুরী তাসনিম সুলতানা আলম; ডিসিসিআই প্রাক্তন পরিচালক আবুল কালাম মোঃ শামসুদ্দিন-এর শাশুরী ওজিরন বিবি; ডিসিসিআই'র উপ-সচিব মিসেস খালেদা বেগম-এর মাতা মিসেস হামিদা খাতুন এবং বিশিষ্ট ব্যবসায়ী সৈয়দ মঞ্জুর এলাহীর স্ত্রী বিশিষ্ট শিক্ষাবিদ নিলুফা মঞ্জুর-এর জন্য শোক প্রকাশ করছি। মরহুমদের বিদেহী আত্মার মাগফেরাত এবং করোনাভাইরাস সহ বিভিন্ন রোগে আক্রান্ত অসুস্থ্যগণের আরোগ্য কামনা করে দোয়া ও মোনাজাত করেন চেম্বারের প্রাক্তন সহ-সভাপতি এম আবু হোরায়রাহ্।

অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে চেম্বারের মহাসচিব আফসারুল আরিফিন আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করেন।

আলোচ্যসূচি-১ঃ ২০২০ সালের বার্ষিক প্রতিবেদন গ্রহণ ও অনুমোদন;

সভাপতি মহোদয় ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)-এর ২০২১ সালের পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ এবং তাঁর পক্ষ থেকে চেম্বারের ৫৯তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সকলকে সাদর আমন্ত্রণ জানান। ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ বলেন– বিগত বছরের মত এ বছরও বার্ষিক প্রতিবেদনে ২০২০ সালের পরিচালকমণ্ডলীর কার্যক্রম উল্লেখ করা হয়েছে। বক্তব্যের শুরুতে তিনি ঢাকা চেম্বারের স্বনামধন্য ব্যবসায়ী ব্যক্তিত্ব এবং দেশ-বিদেশের বরেণ্য ব্যক্তিবর্গ যারা বিগত বছর ইন্তেকাল করেছেন, তাঁদের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেন। তিনি ডিসিসিআই'র প্রতিষ্ঠাকালীন সদস্যবৃন্দের মঙ্গল কামনা করেন এবং ডিসিসিআই'র বয়োজ্যেষ্ঠ, মুরুব্বী ও সম্মানিত সদস্যদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন এবং তাদের সুস্থতা ও দীর্ঘায়ু কামনা করেন।

তিনি ৫৯তম বার্ষিক সাধারণ সভায় স্বাগত বক্তব্যে বলেন– "সভাপতি হিসেবে প্রথমবারের মতো ঢাকা চেম্বারের নেতৃত্ব দিতে পেরে আমি সত্যিই সম্মানিত বোধ করছি। সফলতা ও কিছু সীমাবদ্ধতার মাঝে এটি ছিল আমার জন্য এক চমৎকার অভিজ্ঞতা। আজ আমরা এখানে একত্রিত হয়েছি– গত বছরে চেম্বারের সাফল্য ও কার্যক্রম মূল্যায়ন, ভবিষ্যৎ পরিকল্পনা নির্ধারণ, সদস্যদের সেবার মান উন্নয়ন এবং অর্থনৈতিক উন্নয়নে ঢাকা চেম্বারের ভূমিকা তুলে ধরার জন্য"।

কোভিড-১৯ মহামারিতে বিপর্যয় ও সাধারণ ছুটি সত্ত্বেও চলতি বছরের পুরো সময় ধরে ডিসিসিআই চব্বিশ (২৪)টি গুরুত্বপূর্ণ Webinar, stakeholders' discussion আয়োজন করেছে। অনুষ্ঠানগুলো ডিসিসিআই এর আঠারো (১৮)টি স্ট্যান্ডিং কমিটির সুপারিশের আলোকে আয়োজন করা হয়েছে এবং এর মধ্য দিয়ে সংশ্লিষ্ট Policy Makers, Experts ও Stakeholderদের Engage করা হয়েছে। তিনি আরও জানান– এ সব ওয়েবিনারে বেশিরভাগ ক্ষেত্রে কোভিড-১৯ এর কারণে বিভিন্ন ইন্ডাস্ট্রির সমস্যা ও সমাধান নিয়ে আলোচনা করা হয়েছে এবং পলিসি সুপারিশগুলো সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা হয়েছে। তিনি আরও জানান– ২০২০ সালে ঢাকা চেম্বার কোভিড-১৯ পরবর্তী শিল্পখাতের প্রস্তুতি, প্রকাশনা শিল্পের সংকট ও প্রতিকার নির্ধারণ, পুরোনো ঢাকার ব্যবসায়ী প্রতিনিধিবৃন্দের সাথে মতবিনিময়, Current State & Future Outlook of Bangladesh Economy, আন্তর্জাতিক বাণিজ্যে কোভিড-১৯ এর প্রভাব ও করণীয়, Trade & FDI opportunities with the UK, Implications of COVID-19 on FDI Inflow, 4IR, E-Learning, Logistics–Issues and Challenges, Supply Chain of CMSMEs, Financial Reporting Act-2015, ই-কমার্স এবং ভোক্তা অধিকার, Food Value Chain, Finance Act 2020 এবং VAT & SD Act 2012, The Future of Jobs and Skills, শিল্পনীতির সীমাবদ্ধতা ও সম্ভাবনা, Settlement of Letters of Credit Related International Trade Disputes through ADR, Vietnam-Bangladesh Business Matching, Collaboration with Private Finance Advisory Network (PFAN) প্রভৃতি বিষয়ে ওয়েবিনার এবং কর্মশালা আয়োজন করে। পাশাপাশি, বেসরকারি খাতের স্বার্থ রক্ষার্থে এবছর ২৪ জন শীর্ষস্থানীয় Policy Maker এর সঙ্গে Call on সহ সরকারি ও বেসরকারি উদ্যোগে আয়োজিত ২০৭টি সভা, ওয়েবিনারে ঢাকা চেম্বারের প্রতিনিধিত্ব উল্লেখ করেন।

তিনি ডিসিসিআই'র সদস্যপদ-এর ব্যাপারে বলেন, কোভিড-১৯ এর কারণে দেশের ব্যবসা-বাণিজ্য পরিচালনায় সীমাবদ্ধতা সত্ত্বেও ৬১৪ জন নতুন সদস্য Registration করেছেন, ১৫৭ জন সদস্য Re-registration করেছেন এবং ৩০৫৭ জন সদস্যপদ Renew করেছেন। তিনি জানান, ২৭ ডিসেম্বর, ২০২০ পর্যন্ত ডিসিসিআই'র বর্তমান সক্রিয় সদস্য সংখ্যা ৪০০৪ জন।

বিদেশী ডেলিগেশনের সাথে আলোচনা অনুষ্ঠানের ব্যাপারে তিনি জানান– এ বছর Turkey, Afghanistan, Egypt, Vietnam, Pakistan সহ বিভিন্ন দেশ থেকে আগত ব্যবসায়ী ও কূটনীতিকদের সাথে আলোচনা সভার আয়োজন করা হয়। এ সভাসমূহে ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগ উন্নয়ন বিষয়ে আলোচনা হয়।

সমঝোতা স্মারক স্বাক্ষর বিষয়ে তিনি জানান– ঢাকা চেম্বার এবছর ১৫টি সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে। এগুলোর মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্য ও বিনিয়োগের উন্নয়নে Policy Research Institute (PRI), Polish Investment and Trade Agency (PAIH), Lagos Chamber of Commerce and Industry (LCCI) এবং Economic Policy Research Foundation of Turkey (TEPAV) এর সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষর অন্যতম। এছাড়া যৌথভাবে দক্ষতা উন্নয়ন কার্যক্রম পরিচালনার জন্য United International University (UIU), North South University (NSU), Bangladesh University of Professionals (BUP), University of Liberal Arts, Daffodil International University, ICMAB, ICSB-এর সঙ্গে সমঝোতা স্বারক স্বাক্ষরিত হয়েছে।

স্ট্যান্ডিং কমিটির কার্যক্রম বিষয়ে তথ্য দিয়ে তিনি বলেন– এ বছর ডিসিসিআই'এর ১৮টি স্ট্যান্ডিং কমিটি প্রায় ৬১টি বৈঠক করে এবং এ সকল বৈঠকে বেশ কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত ও পরামর্শ গৃহীত হয়।

বক্তব্যের এই পর্যায়ে তিনি আরও উল্লেখ করেন– ডিসিসিআই'এর মতো একটি জাতীয় গুরুত্বপূর্ণ বাণিজ্য সংগঠনকে নেতৃত্ব দিতে পারা আমার জন্য অত্যন্ত সম্মানের। ডিসিসিআই এর প্রাক্তন সভাপতি মহোদয়গণের পরার্মশ, বিশেষ করে এম এ সাত্তার, মাহবুবুর রহমান, আর মাকসুদ খান, এমএইচ রহমান, আফতাব-উল-ইসলাম, এফসিএ, হোসেন খালেদ, আবুল কাসেম খান, আসিফ ইব্রাহিম -এর দিক-নির্দেশনা ও সহযোগিতা আমাকে এই নেতৃত্ব প্রদানে সাহায্য করেছে। তিনি ডিসিসিআই ফাউন্ডেশনের সভাপতি আলহাজ্ব আনোয়ার হোসেন-এর আশু রোগমুক্তি এবং সুস্থতা কামনা করছি। কোভিড-১৯ মহামারি'র সময়ে ঢাকা চেম্বারের সাথে সংশ্লিষ্ট ব্যাক্তিবর্গ যারা ইন্তেকাল করেছেন, তাদের আত্মার মাগফেরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করেন।

অতঃপর ২০২০ সালের বার্ষিক প্রতিবেদন গ্রহণ ও অনুমোদনের জন্য প্রস্তাব ও সমর্থন করেন যথাক্রমে আলহাজ্ব আব্দুস সালাম, প্রাক্তন উর্ধ্বতন সহ-সভাপতি, ডিসিসিআই এবং এম আবু হোরায়রাহ, প্রাক্তন সহ-সভাপতি, ডিসিসিআই তারপর সভায় সর্বসম্মতিক্রমে বার্ষিক প্রতিবেদন গ্রহণ ও অনুমোদন করা হয়।

আলোচ্যসূচি-২ঃ ২০১৯-২০২০ অর্থবছরের হিসাব এবং নিরীক্ষা প্রতিবেদন (Audit Report) অনুমোদন;

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে মহাসচিব মহোদয় ২০১৯-২০২০ অর্থবছরের হিসাব নিরীক্ষা প্রতিবেদন বার্ষিক সাধারণ সভায় উপস্থাপন করেন। এ ব্যাপারে বিস্তারিত আলোচনার পর সৈয়দ আলমাস কবির এর প্রস্তাবে এবং হায়দার আহমদ খান, এফসিএ, প্রাক্তন উর্ধ্বতন সহ-সভাপতি, ডিসিসিআই এর সমর্থনে ২০১৯-২০২০ অর্থবছরের নিরীক্ষা প্রতিবেদন বার্ষিক সাধারণ সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

আলোচ্যসূচি-৩ঃ ২০২১, ২০২২ ও ২০২৩ সালের পরিচালক এবং ২০২১ সালের জন্য সভাপতি, উর্ধ্বতন সহ-সভাপতি ও সহ-সভাপতি পদে নির্বাচনের ফলাফল ঘোষণা;

নির্বাচন বোর্ডের চেয়ারম্যান মোহাম্মদ গোলাম মোস্তফা, ডিসিসিআই ২০২১ সালের নির্বাচনী ফলাফল ঘোষণা করে বলেন– জেনারেল শ্রেণির ৪ (চার) জন এবং এসোসিয়েট শ্রেণির ২ (দুই) জন প্রার্থী ২০২১, ২০২২ এবং ২০২৩ সালের জন্য ডিসিসিআই-এর পরিচালক হিসেবে নির্বাচিত হয়েছেন। অতপর ২০২১, ২০২২ এবং ২০২৩ সালের জন্য ডিসিসিআই এর নির্বাচিত পরিচালকবৃন্দের নাম ঘোষণা করা হয়। জেনারেল শ্রেণি থেকে নির্বাচিত হয়েছেন– রিজওয়ান রাহমান, খায়রুল মজিদ মাহমুদ, নাসিরউদ্দিন এ, ফেরদৌস ও গোলাম জিলানি এবং এসোসিয়েট শ্রেণি থেকে নির্বাচিত হয়েছেন: হোসেন এ শিকদার ও এম এ রশীদ শাহ সম্রাট।

অতঃপর ডিসিসিআই নির্বাচন বোর্ডের চেয়ারম্যান, মোঃ গোলাম মোস্তফা ২০২১ সালের জন্য সভাপতি, উর্ধ্বতন সহ-সভাপতি ও সহ-সভাপতি পদের নির্বাচনের ফলাফল ঘোষণা করে তিনি জানান– সভাপতি পদে নির্বাচিত হয়েছেন রিজওয়ান রহমান, উর্ধ্বতন সহ-সভাপতি পদে পুনঃনির্বাচিত হয়েছেন– এন কে এ মবিন, এফসিএস এফসিএ এবং সহ-সভাপতি পদে নির্বাচিত হয়েছেন– মনোয়ার হোসেন। নির্বাচিত সভাপতি, উর্ধ্বতন সহ-সভাপতি, সহ-সভাপতি ও পরিচালকবৃন্দকে নির্বাচন বোর্ডের পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন জানানো হয়। ২০২১ সালের পরিচালনা পর্ষদকে অভিনন্দন ও শুভ কামনা করেন। অতঃপর নির্বাচন সফলভাবে সম্পন্ন হওয়ায় নির্বাচন বোর্ড ও এ্যাপিলেট বোর্ডের কার্যক্রম এখানেই সমাপ্তি ঘোষণা করেন।

এ পর্যায়ে ৫৯তম বার্ষিক সাধারণ সভায় নবনির্বাচিত সভাপতি, **রিজওয়ান রাহমান** বলেন– কোভিড-১৯ এর কারণে ২০২৪ সালের উন্নয়নশীল অর্থনীতি, ২০৪১ সালে উন্নত অর্থনীতির লক্ষ্যমাত্রা অর্জন এবং বেসরকারিখাতের কার্যক্রম অনেকটা থমকে গেছে। তা স্বত্ত্বেও, ব্যবসায়ীদের আন্তরিক প্রচেষ্টায় অর্থনীতি ঘুরে দাঁড়াতে শুরু করেছে। এই ধারাবাহিকতায়– ঢাকা চেম্বার আগামী বছর বেসরকারি খাত ও অর্থনীতি পুনরুদ্ধারে রোড টু রিকভারি হিসেবে বিনিয়োগ বৃদ্ধি, আন্তর্জাতিক বাণিজ্য উন্নয়ন, প্রতিযোগিতা সক্ষমতা বৃদ্ধি, ব্যবসাবান্ধব কর ব্যবস্থা প্রণয়ন, CMSME খাতে সহজ শর্তে অর্থায়ন ও বিদেশি বিনিয়োগ আকর্ষণ নিয়ে কাজ করবেন। পাশাপাশি,

ডিজিটাল অর্থনীতির ত্বরান্বিতকরনসহ স্থানীয় অর্থনীতি শক্তিশালীকরন, কর্মমুখী শিক্ষা, দক্ষতা ও ইন্ডাস্ট্রি-একাডেমিয়া লিঙ্কেজ এবং শিল্প অবকাঠামো উন্নয়নে গুরুত্ব দিবে। এ লক্ষ্যে– নতুন পরিচালনা পর্ষদ, মুরব্বিগণ, প্রাক্তন সভাপতিগণ ও স্ট্যান্ডিং কমিটিসহ সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন।

তিনি ২০২১ সালে তার কর্মপরিকল্পনা জানিয়ে বলেন– আমি অর্থনৈতিক পুনরুদ্ধারে ৩টি পর্যায়ে পরিকল্পনা নিয়ে কাজ করতে চাই। এই তিনটা পর্যায় হলো বেঁচে থাকা, পুনরুজ্জীবিত করা, এবং সাফল্য অর্জন করা (Survive, Revive and then Thrive)। তথ্য প্রযুক্তির কল্যাণে পৃথিবী আজ হাতের নাগালে। তিনি ডিজিটাল বিপ্লবের বাস্তবতা তুলে ধরে বলেন– পৃথিবী বিখ্যাত ট্যাক্সি কোম্পানি Uber, তাদের কোনো ট্যাক্সি নেই, পৃথিবী বিখ্যাত আবাসন কোম্পানি Airbnb, তাদের কোনো আবাসন নেই, সবচেয়ে বৃহত্তম সামাজিক যোগাযোগ সাইট Facebook, তাদের নিজস্ব কোনো কন্টেট নেই। তিনি উল্লেখ করেন– আমি আমার পরিচালনা পর্ষদ নিয়ে এমন ভাবে কাজ করতে চাই, যেন কোনো এক সময়ে বলা যায় বাংলাদেশের সর্বশ্রেষ্ঠ চেম্বার ডিসিসিআই, যাদের কোনো ব্যবসা নেই কিন্তু তারা উদ্যোক্তা তৈরি করে।

এরপর তিনি বাংলাদেশের ঐতিহাসিক বাস্তবতা বিশ্লেষণ করে বলেন– ব্রিটিশ শাসন থেকে মুক্তির পর ২৩ বছর আমরা এক অভিভাবকের অধীনে ছিলাম, তারপর এখন আমরা ৫০ বছর পার করলাম। এখন আমরা যখন দেখি আমাদের অর্থনীতি আমাদের অভিভাবকের রেখে যাওয়া মাথাপিছু আয় থেকে থেকে ৯৩৪ ডলার বেশি, আমরা যখন দেখি আমাদের করোনাকালীন জিডিপি তাদের চাইতে ৪.৮ শতাংশ বেশি, আমরা যখন দেখি আমাদের ফরেন রিজার্ভ তাদের চাইতে ২২ বিলিয়ন ডলার বেশি, আমরা দেখি আমাদের প্রাথমিক শিক্ষার হার তাদের চাইতে ২৬ শতাংশ বেশি, আমরা যখন দেখি আমাদের গড় আয়ু তাদের চাইতে ৫ বছর বেশি, এটা আমাদের জন্য গর্বের ব্যাপার। এই উপহারের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিশেষ করে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা-কে আন্তরিকভাবে ধন্যবাদ জানান। তিনি প্রত্যয় ব্যক্ত করেন যে নতুন পরিচালনা পর্ষদ প্রাইভেট সেক্টর উন্নয়নের কাজকে আরও এগিয়ে নিয়ে যাবেন বলে জানান।

এ পর্যায়ে সাবেক সভাপতি **হোসেন খালেদ** বলেন– করোনা সংক্রমণের সময় বিগত সভাপতি শামস মাহমুদ এবং তাঁর সচিবালয় কাজের ক্ষেত্রে নতুন দৃষ্টান্ত স্থাপন করেছে এবং প্রতিটি প্রতিষ্ঠানের কথা শুনে সকল সদস্যদের সমস্যা সমাধানের চেষ্টা করেছেন। তিনি আরও উল্লেখ করেন– আপনার পরিচালনা পর্ষদ, ঊর্ধ্বতন সহ-সভাপতি এবং সহ-সভাপতি আন্তরিকতার সাথে কাজ করেছেন।

সাবেক সভাপতি **আবুল কাসেম খান** বিদায়ী সভাপতি শামস মাহমুদকে সম্বোধন করে বলেন– এই মহামারির সময় বা এমন করোনাকালেও অনেক সীমাবদ্ধতা স্বত্তে আপনি অসাধারণ কাজ করেছেন। তিনি নবনির্বাচিত সভাপতির অসাধারণ বক্তব্যের প্রশংসা করেন। তিনি আরও জানান– ঢাকা চেম্বার আজকে যা চিন্তা করে, তা প্রায় ১০ বছর পর অন্যরা চিন্তা করে। ২০১০ সালে আমরা আসিফ ইব্রাহিমের নেতৃত্বে ঘোষণা করি বাংলাদেশ ২৯তম অর্থনীতির দেশ হবে যা এখন বর্তমানে আন্তর্জাতিক একটি গবেষণা প্রতিষ্ঠান ঘোষণা করেছে।

সাবেক সভাপতি ওসামা তাসীর অভিনন্দন জানান প্রাক্তন সভাপতি শামস মাহমুদকে বিগত বছর যথাযথভাবে দায়িত্ব পালন করার জন্য। পাশাপাশি রিজওয়ান রাহমানকে তার অসাধারণ বক্তব্যের জন্য প্রশংসা করেন। তিনি আরও উল্লেখ করেন– পর্ষদ সভাকে শক্তিশালী করা প্রয়োজন যাতে করে সহজে সিদ্ধান্ত নেওয়া যায় এবং পাশাপাশি কৃতিত্ব দিতে হবে চেম্বারের সচিবালয়কে এত সুন্দর সহযোগিতা করার জন্য।

সাবেক সভাপতি আসিফ ইব্রাহিম বলেন– আমরা ঢাকা চেম্বার পলিসি সংক্রান্ত বিষয়ে সবচেয়ে বেশি আলোচনা করি। তিনি আরও জানান– কর ও মূসক এবং অন্যান্য নীতি সংক্রান্ত বিষয়ে ঢাকা চেম্বারের মতামত সবচেয়ে গুরুত্ব দেওয়া হয়। তিনি আনন্দের সঙ্গে জানান– ঢাকা চেম্বারের নিয়ে আসা নতুন নতুন নেতৃত্ব দেশের অর্থনীতি বিকাশে কাজ করছে এবং নতুন নেতৃত্ব সৃষ্টি করছে, যা দেশের জন্য বিশাল প্রাপ্তি। তিনি আরও জানান– এটা একটা অর্জনের প্লাটফর্ম। তিনি নবনির্বাচিত সভাপতিকে তার বক্তব্যের জন্য ধন্যবাদ জানান। পাশাপাশি সাবেক সভাপতি শামস মাহমুদসহ পরিচালনা পর্ষদ ও সচিবালয়ের সকলকে ধন্যবাদ করোনাকালীন সময়ে সুন্দরভাবে দায়িত্ব পালন করার জন্য। তিনি অনুরোধ করেন– আগামী পর্ষদ ও সভাপতি এসএমইকে প্রাধান্য দিয়ে কাজ করার জন্য যাতে এসএমই খাত পুনরায় সচল হয়।

সাবেক সভাপতি বেনজির আহমেদ বলেন– আমাদের মুরব্বিগণ যে সভাপতি নির্বাচন করেন, তার নিশ্চয় যোগ্যতা থাকে। তিনি বলেন– শামস মাহমুদ এবছর অনেক কৃতিত্বের সাথে দায়িত্ব পালন করেছেন। বর্তমান সভাপতি রিজওয়ান রাহমান এর বক্তব্য প্রমাণ করে– তিনি তার দায়িত্ব পালন করতে পারবে।

সাবেক সভাপতি ড. মোঃ সবুর খান জানান– আমরা রিজওয়ান রাহমান এর বক্তব্য সমর্থন করে উন্নত প্রযুক্তি ব্যবহার করে দেশের অর্থনীতি পরিবর্তন করে দিতে পারি। তিনি আরও বলেন– শুধু পর্ষদ নয় বরং অফিসিয়াল সেক্রেটারিয়েট একসাথে কাজ করতে পারে। পাশাপাশি তিনি আরও বলেন– রিজওয়ান রাহমান অনুমোদন করলে আমার প্রতিষ্ঠানের গবেষণা বিভাগের তিন থেকে চারজনের মাধ্যমে টেকনোলজি ব্যবহার করার সুবিধা নিয়ে ডিসিসিআই অডিটের জন্য প্রেরণ করতে পারি। তিন বলেন– আমরা ইন্ডাস্ট্রি ও একাডেমিয়া সহযোগিতা বাড়াতে পারি এবং ডিবিআই এক্ষেত্রে ভালো কাজ করতে পারে।

এ পর্যায়ে সাবেক সভাপতি **আফতাব উল ইসলাম, এফসিএ** বলেন– সাবেক সভাপতিগণ অনেক কিছুই করেছেন ঢাকা চেম্বারের জন্য। তিনি আনন্দের সাথে আরও জানান– বিগত বছরগুলোতে অনেক কিছুই শিখেছি ঢাকা চেম্বারের নেতৃত্ব দিতে গিয়ে এবং ভাবি এখনকার সভাপতিগণ কত কিছুই করছে। আর তাদের কার্যক্রম দেখে আমি অনেক আশাবাদী হই। আমরা দেখেছি– শামস মাহমুদকে বিগতবার সভাপতির দায়িত্ব দেয়া হলে তিনি কৃতিত্বের সাথে দায়িত্ব পালন করেছেন। পাশাপাশি তিনি ধন্যবাদ জানান– বিদায়ী সকল পরিচালকদের সমর্থনের জন্য। পাশাপাশি তিনি নবনির্বাচিত সভাপতি রিজওয়ান রাহমান, সহ-সভাপতি মনোয়ার হোসেনের এবং পুনঃরায় নির্বাচিত উদ্ধর্তন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ-কে অভিনন্দন জানান।

অতঃপর চেম্বারের সাবেক সভাপতি **মাহবুবুর রাহমান** বলেন– শামস মাহমুদ সুন্দরভাবে দায়িত্ব পালন করেছেন। এ কারণে আমরা আপনার পর্ষদ ও ঢাকা চেম্বারের পরিচালনা পর্ষদকে সহায়তা করার জন্য সচিবালয়কে ধন্যবাদ জানাই। তিনি নবনির্বাচিত সভাপতি ও সহ-সভাপতি এবং পুনঃরায় নির্বাচিত উদ্ধর্তন সহ-সভাপতিকে অভিনন্দন জানান।

এ পর্যায়ে মহাসচিব মহোদয়– নির্বাচিত পরিচালক এবং বিদায়ী পরিচালকবৃন্দকে ক্রেষ্ট প্রদান করা হয়। পাশাপাশি, স্ট্যান্ডিং কমিটির কাজের স্বীকৃতি হিসেবে স্কিল ডেভলপমেন্ট, কাস্টম, ভ্যাট ট্যাক্সেশন অ্যান্ড এনবিআর রিলিটেড স্ট্যান্ডিং কমিটি ও এগ্রো বেইজড ট্রেড, সার্ভিস অ্যান্ড কমার্শিয়ালাইজেশন অব এগ্রিকালচার স্ট্যান্ডিং কমিটিকে বিশেষ পুরস্কার প্রদান করা হয়।

আলোচ্যসূচি-৪ঃ ২০২০-২০২১ অর্থবছরের জন্য নিরীক্ষক (Auditor) নিয়োগ ও পারিশ্রমিক নির্ধারণ;

মহাসচিব মহোদয় ২০২০-২০২১ অর্থবছরের জন্য নিরীক্ষক নিয়োগ বিষয়ে তিনটি আবেদন পত্র প্রাপ্তির উল্লেখ করেন যথাক্রমে মেসার্স এ কাসেম এন্ড কোং, মেসার্স একনাবিন, জোহা জামান রশিদ অ্যান্ড কোং ও মেসার্স আখতার আমির অ্যান্ড কোং। ২০২০-২১ অর্থ বছরের জন্য নিরীক্ষক হিসাবে বিস্তারিত আলোচনার পরে এ কাসেম অ্যান্ড কোং- কে নিরীক্ষা ফি মোট ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা (ভ্যাট/ট্যাক্সসহ) পারিশ্রমিক ধার্য করে ২০২০-২০২১ অর্থবছরের নিরীক্ষক হিসেবে নিয়োগের জন্য প্রস্তাব করেন রিয়াদ হোসেন, প্রাক্তন সহ-সভাপতি, ডিসিসিআই, এবং সমর্থন করেন মোঃ ইমরান আহমেদ, সাবেক সহ-সভাপতি ডিসিসিআই। অতঃপর সভায় সর্বসম্মতিক্রমে এ প্রস্তাব গৃহীত হয়।

(আফসারুল আরিফিন)
মহাসচিব

(শামস মাহমুদ)
সভাপতি



ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর উল্লেখযোগ্য ঘটনাপুঞ্জী ২০২০-২০২১

২৯ ডিসেম্বর ২০২০ : ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)'র ৫৯তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত।

: ডিসিসিআই পরিচালনা পর্ষদের জরুরী সভা অনুষ্ঠিত।

৩১ ডিসেম্বর ২০২০ : ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান বাণিজ্য মন্ত্রণালয়ের সচিব ড. মোঃ জাফর আহমেদ-এর সাথে সাক্ষাৎ করেন।

: ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান এটুআই প্রকল্পের ভার্চুয়াল স্টিয়ারিং কমিটির সভায় যোগদান করেন।

০৪ জানুয়ারি ২০২১ : ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)'র নির্বাহী চেয়ারম্যান মোঃ সিরাজুল ইসলামের সাথে সাক্ষাৎ করেন। ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ এবং সহ-সভাপতি মনোয়ার হোসেন এ সময় উপস্থিত ছিলেন।

০৫ জানুয়ারি ২০২১ : ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) কর্তৃক আয়োজিত বাংলাদেশে প্রথমবারের মত তিন দিনব্যাপী অনলাইন ভিত্তিক বিটুবি সম্মেলন 'ডিসিসিআই বিজনেস কনক্লেভ ২০২১'-এর উদ্বোধনী সেশনে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পররাষ্ট্র মন্ত্রী ড. এ. কে. আব্দুল মোমেন, এম.পি. এবং বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)-এর নির্বাহী চেয়ারম্যান মোঃ সিরাজুল ইসলাম যথাক্রমে প্রধান অতিথি ও বিশেষ অতিথি হিসেবে যোগদান করেন।

০৬ জানুয়ারি ২০২১ : ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান-এর সাথে পলিসি এক্সচেঞ্জ অব বাংলাদেশ-এর চেয়ারম্যান ড. এম মাশরুর রিয়াজ সাক্ষাৎ করেন।

১০ জানুয়ারি ২০২১ : বাংলাাদেশে নিযুক্ত জাপানের মান্যবর রাষ্ট্রদূত ইতো নায়োকি-এর সাথে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর সাক্ষাৎ।

: প্রবাসী বাংলাদেশীদের নিজ দেশে ব্যবসায়িক কার্যক্রম শুরু ও বিনিয়োগ বিষয়ক ধারণা প্রদানের লক্ষ্যে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং দক্ষিণ কোরিয়ায় অবস্থিত বাংলাদেশ দূতাবাস যৌথভাবে আয়োজিত ২দিনব্যাপী উদ্যোক্তা সংক্রান্ত অনলাইন ভিত্তিক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী সেশনে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের 'বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)'-এর ব্যবস্থাপনা পরিচালক মোঃ সাইফুল হাসান বাদল এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক (কনস্যুলার এবং ওয়েলফেয়ার উইং) এফ এম বোরহান উদ্দিন যথাক্রমে প্রধান অতিথি ও বিশেষ অতিথি হিসেবে যোগদান করেন।

১১ জানুয়ারি ২০২১ : গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি, এমপি-এর সাথে ডিসিসিআই-এর সভাপতি রিজওয়ান রাহমান সাক্ষাৎ করেন। ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ এবং সহ-সভাপতি মনোয়ার হোসেন এ সময় উপস্থিত ছিলেন।

১৩ জানুয়ারি ২০২১ : যুব ও ক্রীড়া মন্ত্রণালয় আয়োজিত 'এগ্রো প্রসেসিং অ্যান্ড মার্কেটিং' শীর্ষক অনুষ্ঠানের উদ্বোধনী সেশনে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর অংশগ্রহণ।

: ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) সভাপতি রিজওয়ান রাহমান-এর সাথে বাংলাদেশে নিযুক্ত পাকিস্তানের মান্যবর হাইকমিশনার ইমরান আহমেদ সিদ্দীকি সৌজন্য সাক্ষাৎ করেন। ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ, সহ-সভাপতি মনোয়ার হোসেন এবং পাকিস্তান দূতাবাসের কমার্শিয়াল সেক্রেটারি মোহাম্মদ সুলেমান খান প্রমুখ এ সময় উপস্থিত ছিলেন।

: ডিসিসিআই-এর পরিচালক এনামুল হক পাটোয়ারী 'হালাল সনদ নীতিমালা- ২০২০' প্রণয়নের বিষয়ে আন্ত:মন্ত্রণালয় সভায় যোগদান করেন।

: ডিসিসিআই-র পরিচালক মোঃ রাশেদুল করিম মুন্না জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটি (এনপিইসি) এর ২১তম সভায় যোগদান করেন।

১৪ জানুয়ারি ২০২১ : ডিসিসিআই গবেষণা শাখার অতিরিক্ত নির্বাহী সচিব এ কে এম আসাদুজ্জামান পাটোয়ারী ও সহকারী নির্বাহী সচিব মোঃ জুলফিকার ইসলাম, লিকুইফাইড পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি)-এর মূল্যহার পুনঃনির্ধারণের নিমিত্তে গণশুনানি সভায় যোগদান করেন।

১৬ জানুয়ারি ২০২১ : ইনোভেশন অ্যান্ড ডেভেলপমেন্ট এসোসিয়েটস্ আয়োজিত 'বাংলাদেশের পুঁজিবাজার: দীর্ঘমেয়াদী অর্থায়ন' শীর্ষক ওয়েবিনারের আলোচক হিসেবে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর অংশগ্রহণ।

: ডিসিসিআই এর মহাসচিব আফসারুল আরিফিন প্রাইভেট সেক্টরের অংশীজনদের অংশগ্রহণে অনুষ্ঠিত ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় নির্ধারণ বিষয়ক সভায় যোগদান করেন।

১৭ জানুয়ারি ২০২১ : ডিসিসিআই এর পরিচালক আলহাজ্ব দীন মোহাম্মদ অত্যাবশ্যকীয় পণ্য বিপণন ও পরিবেশক নিয়োগ বিষয়ক জাতীয় কমিটির সভায় যোগদান করেন।

১৮ জানুয়ারি ২০২১ : মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ড. আহমদ কায়কাউস-এর সাথে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান সাক্ষাৎ করেন। ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ, সহ-সভাপতি মনোয়ার হোসেন এ সময় উপস্থিত ছিলেন।

১৯ জানুয়ারি ২০২১ : ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান এবং ইউনেস্ক্যাপ'র প্রতিনিধি মাসাতো আবে-এর মধ্যকার অনলাইন ভিত্তিক মতবিনিময় সভা অনুষ্ঠিত।

২০ জানুয়ারি ২০২১ : ডিসিসিআই ন্যাশনাল এনার্জি সিকিউরিটি স্ট্যান্ডিং কমিটি- ২০২১ এর আহবায়ক মালিক তালহা ইসমাইল বারী "বাংলাদেশের জ্বালানীখাতে বেসরকারি খাতের ভূমিকা" শীর্ষক একটি ভার্চুয়াল সেমিনারে অংশগ্রহণ করেন।

২৩ জানুয়ারি ২০২১ : ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'সংবাদ সম্মেলন' অনুষ্ঠিত। উক্ত সংবাদ সম্মেলনে ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান সমসাময়িক অর্থনীতি বিষয়ক ১১টি এজেন্ডা'র উপর বিস্তারিত চিত্র তুলে ধরার, পাশাপাশি ২০২১ সালে ডিসিসিআই'র কর্মপরিকল্পনা উপস্থাপন করেন।

২৪ জানুয়ারি ২০২১ : ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান বিল্ড-এর ২২তম ট্রাস্টি বোর্ডের সভায় অংশগ্রহণ করেন।

: আমেরিকান চেম্বার অব কমার্স ইন বাংলাদেশ (এ্যামচেম) আয়োজিত 'এ্যামচেম জার্নালিজম এ্যাওয়ার্ড' প্রদান অনুষ্ঠানে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর অংশগ্রহণ।

: ডিসিসিআই এর পরিচালক আলহাজ্ব দীন মোহাম্মদ বাণিজ্য মন্ত্রণালয় আয়োজিত ভোজ্য তেল ব্যবসায়ীদের সাথে মতবিনিময় সভায় যোগদান করেন।

২৫ জানুয়ারি ২০২১ : বিয়াক এবং ইন্টারন্যাশনাল ইনভেস্টমেন্ট অ্যান্ড ট্রেড সার্ভিস ইউন্ডো যৌথভাবে আয়োজিত 'বাংলাদেশ ও চীনের মধ্যকার আমদানি-রপ্তানি কার্যক্রমের জন্য একাউন্ট চালুকরণে এডিআর কে আরো শক্তিশালীকরণ' বিষয়ক ওয়েবিনারে আলোচক হিসেবে ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান যোগদান করেন।

: ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং বাংলাদেশ দূতাবাস আম্মান, জর্ডান-এর মধ্যকার ভার্চুয়াল সভায় জর্ডানে নিযুক্ত বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত মিস নাহিদা সোবহান, ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান, বাংলাদেশ দূতাবাসের কর্মকর্তা (প্রথম সচিব) মোঃ বশির প্রমুখ অংশগ্রহণ করেন।

: ডিসিসিআই গবেষণা শাখার উপ নির্বাহী সচিব মোহাম্মদ মোসলেহ উদ্দিন অর্থনৈতিক অঞ্চল ও শিল্প নগরীর বাইরে ক্ষুদ্র কুটির শিল্প প্রতিষ্ঠার বিষয়ে শিল্প মন্ত্রণালয় কর্তৃক নীতিমালা প্রণয়নের সভায় যোগদান করেন।

২৭ জানুয়ারি ২০২১ : ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) সভাপতি রিজওয়ান রাহমান-এর সাথে বাংলাদেশে নিযুক্ত মিশরের মান্যবর রাষ্ট্রদূত হিথাম গোবাসি সৌজন্য সাক্ষাৎ করেন। ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ, সহ-সভাপতি মনোয়ার হোসেন এবং মিশর দূতাবাসের ডেপুটি হেড অব মিশন মিস মারিয়াম এম রাগেই এ সময় উপস্থিত ছিলেন।

২৯ জানুয়ারি ২০২১ : রাওয়ালপিন্ডি চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি আয়োজিত অনলাইন ভিত্তিক 'ইন্টারন্যাশনাল চেম্বার্স সামিট'-এ ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান যোগদান করেন।

৩০ জানুয়ারি ২০২১ : ডিসিসিআই সমন্বয়কারী পরিচালক, আহ্বায়ক ও যুগ্ম-আহ্বায়কবৃন্দের সমন্বয় সভা অনুষ্ঠিত।

: ডিসিসিআই পরিচালনা পর্ষদের ১ম সভা অনুষ্ঠিত।

০১ ফেব্রুয়ারি ২০২১ : গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ুন, এমপি-এর সাথে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর নেতৃত্বে পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ সাক্ষাৎ করেন।

০২ ফেব্রুয়ারি ২০২১ : এসডিজি নাগরিক প্ল্যাটফর্ম আয়োজিত ওয়েবিনারে আলোচক হিসেবে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর অংশগ্রহণ।

: ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) সভাপতি রিজওয়ান রাহমান-এর সাথে বাংলাদেশে নিযুক্ত তুরস্কের মান্যবর রাষ্ট্রদূত মোস্তাফা ওসমান তুরান সৌজন্য সাক্ষাৎ করেন। ঢাকা চেম্বার কার্যালয়ে অনুষ্ঠিত উক্ত সাক্ষাৎকার অনুষ্ঠানে ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ, সহ-সভাপতি মনোয়ার হোসেন এবং তুরস্কের দূতাবাসের কমার্শিয়াল কাউন্সিলর কেনান কালায়চি এ সময় উপস্থিত ছিলেন।

০৪ ফেব্রুয়ারি ২০২১ : ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান, ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ, সহ-সভাপতি মনোয়ার হোসেন ঢাকা চেম্বার আয়োজিত ভ্যাট, ট্যাক্স বিষয়ক মতবিনিময় সভায় অংশগ্রহণ করেন।

০৬ ফেব্রুয়ারি ২০২১ : 'ডিসিসিআই ইন্ডাস্ট্রি একাডেমিয়া লিংকেজ অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট' বিষয়ক স্ট্যান্ডিং কমিটির ১ম সভায় ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর অংশগ্রহণ।

: 'স্বল্পোন্নত দেশ হতে বাংলাদেশের টেকসই উত্তোরণের নিমিত্তে বেসরকারি খাতের সাথে কার্যকর পার্টনারশীপ' বিষয়ক ভার্চুয়াল মতবিনিময় সভায় ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান-এর যোগদান।

: 'ডিসিসিআই আইটি, আইসিটি এবং ফোর্থ আইআর টেকনোলোজি' বিষয়ক স্ট্যান্ডিং কমিটির ১ম সভায় ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান-এর যোগদান।

: ডিসিসিআই রিভিউ এ্যাডভাইজরি বোর্ড-এর ১ম সভায় ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান যোগদান করেন।

: 'এক্সপোর্টেবল প্রডাক্টস অ্যান্ড মার্কেট ডাইভারসিটিফিকেশন' স্ট্যান্ডিং কমিটির ১ম সভায় ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান-এর অংশগ্রহণ।

০৭ ফেব্রুয়ারি ২০২১ : ডিসিসিআই এর নির্বাহী সচিব মোঃ জয়নাল আব্দীন শিল্প মন্ত্রণালয় কর্তৃক নতুন জাতীয় শিল্পনীতি ২০২১ প্রণয়নের লক্ষ্যে অনুষ্ঠিত স্টেকহোল্ডার কনসালটেশন ওয়ার্কশপ-এ যোগদান করেন।

০৮ ফেব্রুয়ারি ২০২১ : ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমানের সভাপতিত্বে 'মুজিব শতবর্ষ ও স্বাধীনতা সুবর্ণ জয়ন্তী উদ্‌যাপন' বিষয়ক বিশেষ কমিটির সভা অনুষ্ঠিত।

: ডিসিসিআই-এর প্রাক্তন পরিচালক সামির সাত্তার ব্যবসা সহজীকরণের জন্য গ্যাস সংযোগ, ঋণ সহায়তা এবং বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ বিষয়ক কর্মশালায় যোগদান করেন।

০৯ ফেব্রুয়ারি ২০২১ : ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) সভাপতি রিজওয়ান রাহমান-এর সাথে বাংলাদেশে নিযুক্ত বৃটেনের হাইকমিশনার মান্যবর রবার্ট চ্যাটারটন ডিকসন সৌজন্য সাক্ষাৎ করেন। ঢাকা চেম্বার কার্যালয়ে অনুষ্ঠিত উক্ত সাক্ষাৎকার অনুষ্ঠানে ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ, সহ-সভাপতি মনোয়ার হোসেন এবং বৃটিশ দূতাবাসের বেসরকারি খাতের উন্নয়ন বিষয়ক কর্মকর্তা মহেশ মিশ্রা প্রমুখ এ সময় উপস্থিত ছিলেন।

: মালদ্বীপের পররাষ্ট্র মন্ত্রী আব্দুল্লাহ শহীদ-এর সম্মানে পররাষ্ট্র মন্ত্রণালয় আয়োজিত মধ্যাহ্নভোজ সভায় ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর অংশগ্রহণ।

১০ ফেব্রুয়ারি ২০২১ : মুজিব শতবর্ষ উদ্‌যাপন বিষয়ক জাতীয় কমিটির প্রধান সমন্বয়ক ড. কামাল আব্দুল নাসের চৌধুরী-এর সাথে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান, ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ এবং সহ-সভাপতি মনোয়ার হোসেন সাক্ষাৎ করেন।

: অলটারনেটিভ ইনভেস্টমেন্ট ফান্ডস-এর নির্বাহী কমিটির ভার্চুয়াল সভায় ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর অংশগ্রহণ।

: ডিসিসিআই এর নির্বাহী সচিব মোঃ জয়নাল আব্দীন জাতীয় শিল্পনীতি ২০১৬ কে যুগোপযোগী করে জাতীয় শিল্পনীতি ২০২১ প্রণয়নের লক্ষ্যে গঠিত নীতিমালা ড্রাফটিং কমিটির সভায় যোগদান করেন।

১১ ফেব্রুয়ারি ২০২১ : পররাষ্ট্র মন্ত্রণালয় আয়োজিত 'বাংলাদেশের অর্থনৈতিক অঞ্চলসমূহে বৈদেশিক বিনিয়োগ আকর্ষনে পররাষ্ট্র মন্ত্রণালয়ের ভূমিকা' শীর্ষক ওয়েবিনারে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমানের অংশগ্রহণ।

১৩ ফেব্রুয়ারি ২০২১ : ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর সভাপতিত্বে 'বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে পুরোনো ঢাকার বিদ্যমান ব্যবসায়িক প্রতিবন্ধকতা চিহ্নিতকরণ' শীর্ষক মতবিনিময় সভা অনুষ্ঠিত। ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ এবং সহ-সভাপতি মনোয়ার হোসেন সহ পুরোনো ঢাকার ব্যবসায়িক নেতৃবৃন্দ এ সভায় যোগদান করেন।

: ডিবিআই গভার্নিং বডি-এর ১৬তম সভা অনুষ্ঠিত।

১৪ ফেব্রুয়ারি ২০২১ : ডিসিসিআই গবেষণা শাখার উপ-নির্বাহী সচিব মোহাম্মদ মোসলেহ্ উদ্দীন এলডিসি দেশসমূহের ন্যায় উন্নয়নশীল দেশসমূহকে নির্দিষ্ট সময়ের জন্য ছাড় প্রদানের বিষয়ে বাংলাদেশের সমর্থন ও কো-স্পন্সরশীপ বিষয়ক সভায় যোগদান করেন।

১৫ ফেব্রুয়ারি ২০২১ : শিল্প মন্ত্রণালয় আয়োজিত 'ন্যাশনাল প্রডাক্টিভিটি অ্যান্ড কোয়ালিটি এক্সিলেন্স এ্যাওয়ার্ড ২০১৯' প্রদান অনুষ্ঠানে ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান এবং প্রাক্তন সভাপতি ওসামা তাসীর-এর যোগদান।

: আইসিসি বাংলাদেশ'র ৮১তম ভার্চুয়াল পর্ষদ সভায় ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর অংশগ্রহণ।

: ডিসিসিআই পরিচালক আরমান হক বিনিয়োগ সহায়তা প্রদান ও বিনিয়োগ পরিবেশ উন্নয়নের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গঠিত বিভাগীয় বিনিয়োগ ও ব্যবসায় উন্নয়ন সহায়তা কমিটির সভায় যোগদান করেন।

: ডিসিসিআই নির্বাহী সচিব মোঃ জয়নাল আব্দীন "সাপ্লাইচেইন রেজিলিয়েন্স ট্রেনিং মডুল শেয়ারিং" বিষয়ক কর্মশালায় অংশগ্রহণ করেন।

১৬ ফেব্রুয়ারি ২০২১ : ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'বেসরকারি খাতের দৃষ্টিতে বাংলাদেশের অর্থনীতির বর্তমান ও ভবিষ্যৎ' শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত। মাননীয় প্রধানমন্ত্রীর অর্থনীতি বিষয়ক উপদেষ্টা ড. মসিউর রহমান এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে যোগদান করেন। এছাড়াও বাংলাদেশ ব্যাংক-এর সাবেক গভর্নর ড. আতিউর রহমান, পলিসি রিসার্চ ইন্সটিটিউট (পিআরআই)-এর নির্বাহী পরিচালক ড. আহসান এইচ মনসুর এবং পলিসি এক্সচেঞ্জ অব বাংলাদেশ-এর চেয়ারম্যান ড. এম মাশরুর রিয়াজ বিশেষ আলোচক হিসেবে যোগদান করেন। ওয়েবিনারটিতে সভাপতিত্ব করেন ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান।

: শিল্প সচিব কে এম আলী আজম-এর সাথে ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান এবং সহ-সভাপতি মনোয়ার হোসেন-এর সাক্ষাৎ।

১৭ ফেব্রুয়ারি ২০২১ : এপিএসি ব্লুমবার্গ মিডিয়া-এর ব্যবস্থাপনা পরিচালক সুনিটা রাজন এবং হেড অব সেলস্ অমিত নায়েক-এর সাথে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর ভার্চুয়াল বৈঠক অনুষ্ঠিত।

: বাংলাদেশে নিযুক্ত সিঙ্গাপুরের কনস্যুল মিসেস শিলা পিল্লাই এবং ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান-এর মধ্যকার সাক্ষাৎকার অনুষ্ঠিত।

: ডিসিসিআই পরিচালক আলহাজ্ব দীন মোহাম্মদ অত্যাবশ্যকীয় পণ্য বিপণন ও পরিবেশক নিয়োগ বিষয়ক জাতীয় কমিটির সভায় যোগদান করেন।

২৩ ফেব্রুয়ারি ২০২১ : ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) সভাপতি রিজওয়ান রাহমান-এর সাথে বাংলাদেশে নিযুক্ত ভারতের মান্যবর হাইকমিশনার বিক্রম কুমার দোরাইস্বামী দ্বিপাক্ষিক আলোচনা সভা অনুষ্ঠিত। ঢাকা চেম্বার কার্যালয়ে অনুষ্ঠিত সভায় ডিসিসিআই'র পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

২৫ ফেব্রুয়ারি ২০২১ : ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)'র সভাপতি রিজওয়ান রাহমান-এর নেতৃত্বে পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ মাননীয় প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ বিষয়ক উপদেষ্টা সালমান ফজলুর রহমান এম.পি.-এর সাথে বিডা'র কার্যালয়ে সাক্ষাৎ করেন। ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ, সহ-সভাপতি মনোয়ার হোসেন এবং পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন।

: ডিসিসিআই যুগ্ম নির্বাহী সচিব (ট্রেড ফেসিলিটেশন ডিপার্টমেন্ট) এএইচএম মানিরুজ্জামান ডব্লিউটিও'র 'ট্রেড রিলেটেড টেকনিক্যাল এ্যাসিসটেন্স (টিআরটিএ) সংক্রান্ত ওয়ার্কিং গ্রুপ' এর সভায় যোগদান করেন।

২৭ ফেব্রুয়ারি ২০২১ : ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'শিল্প-শিক্ষাখাতের সমন্বয়; নতুন সম্ভাবনার দিগন্ত' শীর্ষক ওয়েবিনারে অনুষ্ঠিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি, এমপি প্রধান অতিথি এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন-এর চেয়ারম্যান প্রফেসর ড. কাজী শহীদুল্লাহ বিশেষ অতিথি হিসেবে যোগদান করেন।

: ডিসিসিআই পরিচালনা পর্ষদের ২য় সভা অনুষ্ঠিত।

০২ মার্চ ২০২১ : ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন-এর মেয়র ব্যারিষ্টার শেখ ফজলে নূর তাপস-এর সাথে ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান সাক্ষাৎ করেন। ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ, সহ-সভাপতি মনোয়ার হোসেন এ সময় উপস্থিত ছিলেন।

০৩ মার্চ ২০২১ : ২০২১-২০২২ অর্থবছরের বাজেটে অন্তর্ভূক্তির জন্য ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)-এর প্রস্তাবনা সমূহ জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)-এর চেয়ারম্যান আবু হেনা মোঃ রহমাতুল মুনিম-এর নিকট পেশ করেন ডিসিসিআই'র সভাপতি রিজওয়ান রাহমান। ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ, সহ-সভাপতি মনোয়ার হোসেন এবং জাতীয় রাজস্ব বোর্ডের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন।

: ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই) কাউন্সিলের ৩৫তম সভায় যোগদান করেন।

০৪ মার্চ ২০২১ : ঢাকা উত্তর সিটি কর্পোরেশন-এর মেয়র আতিকুল ইসলামের সাথে ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান, ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ এবং সহ-সভাপতি মনোয়ার হোসেন-এর সাক্ষাৎ।

০৫ মার্চ ২০২১ : ইউনাইটেড নিউজ অব বাংলাদেশ (ইউএনবি) আয়োজিত 'এলডিসি উত্তো রণ পরবর্তী সময়ে বাংলাদেশের প্রতিবন্ধকতা ও সম্ভাবনা' শীর্ষক ভাচুর্য়াল ডায়ালগে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর অংশগ্রহণ।

০৬ মার্চ ২০২১ : 'ডিসিসিআই ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি' স্ট্যান্ডিং কমিটি আয়োজিত পর্যটন খাতের স্টেকহোল্ডারদের ভার্চুয়াল মতবিনিময় সভায় ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান-এর যোগদান।

০৭ মার্চ ২০২১ : ন্যাশনাল প্রডাক্টিভিটি কাউন্সিল-এর ১৬তম ভার্চুয়াল সভায় ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর অংশগ্রহণ।

: ভারতের বাণিজ্য সচিব ড. অনুপ ওয়াদুয়ান এর সম্মানে বাংলাদেশস্থ ভারতীয় দূতাবাস আয়োজিত নৈশভোজ সভায় ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর যোগদান।

: ডিসিসিআই উপ-নির্বাহী সচিব (গবেষণা) হারুনুর রশিদ ঢাকা অভ্যান্তরীন কন্টেইনার ডিপো (আইসিডি) পরামর্শদাতা কমিটির ৫৭ তম সভায় যোগদান করেন।

০৮ মার্চ ২০২১ : ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর সভাপতিত্বে ডিসিসিআই কন্সটিটিউশন, মেম্বারশীপ, এ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড এইচআর বিশেষ কমিটির ১ম সভা অনুষ্ঠিত।

: ডিসিসিআই এর সহ-সভাপতি মনোয়ার হোসেন শিল্প মন্ত্রণালয়-এর সভাকক্ষে 'বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার, ২০২০' প্রদানের লক্ষ্যে পরিদর্শন দলের মতামত পর্যালোচনা করে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়নের নিমিত্তে মূল্যায়ন কমিটির ২য় সভায় যোগদান করেন।

০৯ মার্চ ২০২১ : 'ট্র্যাভেল অ্যান্ড টেকনোলোজি: ফিউচার অব ট্যুরিজম' শীর্ষক সেমিনারের প্রধান অতিথি হিসেবে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর অংশগ্রহণ।

১০ মার্চ ২০২১ : ঢাকা চেম্বারের সভাপতি বিডা এবং ইউএনডিপি যৌথভাবে আয়োজিত 'কোভিড মহামারী মোকাবেলা ও উত্তোরণে বেসরকারি খাত' শীর্ষক ডায়ালগে রিজওয়ান রাহমান যোগদান করেন।

১১ মার্চ ২০২১ : ডিসিসিআই উপ-নির্বাহী সচিব হারুনুর রশিদ অত্যাবশ্যকীয় পণ্য বিপণন ও পরিবেশক নিয়োগ বিষয়ক জাতীয় কমিটির সভায় যোগদান করেন।

১৪ মার্চ ২০২১ : ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) সভাপতি রিজওয়ান রাহমান-এর সাথে বাংলাদেশে নিযুক্ত নেদারল্যান্ডের রাষ্ট্রদূত মান্যবর হ্যারি ভ্যারওয়ে সৌজন্য সাক্ষাৎ করেন। ঢাকা চেম্বার কার্যালয়ে অনুষ্ঠিত উক্ত সাক্ষাৎকার অনুষ্ঠানে ডিসিসিআই উর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ, সহ-সভাপতি মনোয়ার হোসেন এবং নেদারল্যান্ডস দূতাবাসের ফার্স্ট সেক্রেটারি বাস ব্ল্য এ সময় উপস্থিত ছিলেন।

: ডিসিসিআই উপ-নির্বাহী সচিব ইনামুল হাফিজ লতিফী "স্বল্পোন্নত দেশের তালিকা থেকে বাংলাদেশের উত্তোরণ: তৈরি পোষাক খাতে এর প্রভাব" বিষয়ক কর্মশালায় যোগদান করেন।

১৬ মার্চ ২০২১ : ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমানের সভাপতিত্বে 'মুজিব শতবর্ষ ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন-২০২১' বিষয়ক বিশেষ কমিটির ২য় সভা অনুষ্ঠিত।

: ডিসিসিআই সহ-সভাপতি মনোয়ার হোসেন বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের অনলাইন ওয়ান স্টপ সার্ভিস পোর্টালের মাধ্যমে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের 'ট্রেড লাইসেন্স প্রদান' শীর্ষক সেবা প্রদান কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে যোগদান করেন।

: ডিসিসিআই নির্বাহী সচিব মোঃ জয়নাল আব্দীন 'মেধাসম্পদ দিবস ২০২১' উদ্‌যাপন উপলক্ষে গঠিত সমন্বয় কমিটির সভায় যোগদান করেন।

১৮ মার্চ ২০২১ : ডিসিসিআই, চ্যানেল ২৪ এবং সমকাল যৌথভাবে আয়োজিত 'জাতীয় বাজেট ২০২১-২২' শীর্ষক আলোচনা অনুষ্ঠান আয়োজনের প্রস্তুতিমূলক সভায় ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান, সমকালের প্রতিনিধি ইমরান কাদির এবং ঢাকা চেম্বারের কর্মকর্তাবৃন্দের অংশগ্রহণ।

: ডিসিসিআই যুগ্ম-নির্বাহী সচিব এএইচএম মনিরুজ্জামান দুবাইতে অনুষ্ঠিত ওয়ার্ল্ড এক্সপো ২০২০ সফলভাবে অংশগ্রহণের জন্য কর্মপরিকল্পনার অগ্রগতি বিষয়ে আলোচনা সভায় যোগদান করেন।

১৯ মার্চ ২০২১ : ইন্ডিয়া চেম্বার অব কমার্স আয়োজিত '৬ষ্ঠ এসিটি ইস্ট বিজনেস শো' বিষয়ক ভার্চুয়াল কনফারেন্সের বিশেষ অতিথি হিসেবে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর অংশগ্রহণ।

২১ মার্চ ২০২১ : ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) সভাপতি রিজওয়ান রাহমান-এর সাথে বাংলাদেশে নিযুক্ত যুক্তরাষ্ট্রের মান্যবর রাষ্ট্রদূত আর্ল আর মিলার সৌজন্য সাক্ষাৎ করেন। ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ, সহ-সভাপতি মনোয়ার হোসেন, পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ, মার্কিন দূতাবাসের ইকোনোমিক অ্যান্ড ইন্দো-প্যাসিফিক অ্যাফেয়ার্স ইউনিট চিফ জন ডি. ডানহাম এবং ইউএসএআইডি-এর ইকোনোমিক গ্রোথ অফিস-এর পরিচালক জন স্মিথ শ্রীন এ সময় উপস্থিত ছিলেন।

২২ মার্চ ২০২১ : এসএমই ফাউন্ডেশন-এর চেয়ারম্যান ড. মোঃ মাসুদুর রহমান-এর সাথে ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান, ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ, সহ-সভাপতি মনোয়ার হোসেন সৌজন্য সাক্ষাৎকার অনুষ্ঠিত।

: ডিসিসিআই উপ-নির্বাহী সচিব রাসেল আহমেদ বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ক সভায় যোগদান করেন।

২৩ মার্চ ২০২১ : ঢাকা স্টক এক্সচেঞ্জ আয়োজিত 'মুজিব শতবর্ষ ও বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী' শীর্ষক ওয়বিনারের প্যানেল আলোচক হিসেবে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর যোগদান।

: ডিসিসিআই এস্টেট বিশেষ কমিটির সভায় ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর অংশগ্রহণ।

২৪ মার্চ ২০২১ : এন্টারপ্রাইজ সিঙ্গাপুর-এর প্রতিনিধিবৃন্দের সাথে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর ভার্চুয়াল মতবিনিময় সভা অনুষ্ঠিত।

২৭ মার্চ ২০২১ : এসএমই ফাউন্ডেশন-এর ১৫তম বার্ষিক সাধারণ সভায় ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান-এর যোগদান।

: ডিসিসিআই পরিচালন পর্ষদের ৩য় সভা ভার্চুয়ালি অনুষ্ঠিত।

৩১ মার্চ ২০২১ : ইভেন্ট ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান গ্রে-এর প্রতিনিধিবৃন্দে সাথে ঢাকা চেম্বারের ব্রেইন স্ট্রমিং সেশন অনুষ্ঠিত।

০৩ এপ্রিল ২০২১ : ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'বাংলাদেশের প্রতিযোগিতার সক্ষমতা : ব্যবসা পরিচালন সূচকে অন্যতম অনুষঙ্গ' শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত, যেখানে মাননীয় প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ বিষয়ক উপদেষ্টা সালমান ফজলুর রহমান, এমপি প্রধান অতিথি এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আইন ও বিচার বিভাগ-এর সচিব মোঃ গোলাম সারওয়ার বিশেষ অতিথি হিসেবে যোগদান করেন।

: দৈনিক সমকাল আয়োজিত 'নকল পণ্য কিনবনা; নকল পণ্য বেচবনা' শীর্ষক প্রচারাভিযান অনুষ্ঠানের উদ্বোধনী অনুষ্ঠানে ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান-এর যোগদান।

০৪ এপ্রিল ২০২১ : ডিসিসিআই পরিচালক আলহাজ্ব দীন মোহাম্মদ পবিত্র মাহে রমজান উপলক্ষে নিত্যপ্রয়োজনীয় পণ্যের মজুদ, সরবরাহ, আমদানি, মূল্য পরিস্থিতি স্বাভাবিক এবং স্থিতিশীল রাখা শীর্ষক সভায় যোগদান করেন।

০৫ এপ্রিল ২০২১ : 'এডিবি কান্ট্রি পার্টনারশীপ স্ট্র্যাটেজি ২০২১-২০২৫ ফর বাংলাদেশ' শীর্ষক ভার্চুয়াল কনসালটেশন সেশনে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর অংশগ্রহণ।

০৮ এপ্রিল ২০২১ : গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থমন্ত্রী আ হ ম মুস্তাফা কামাল, এমপি এর সাথে জাতীয় বাজটে ২০২১-২২ বিষয়ক ভাচুর্য়াল মতবিনিময় সভায় ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর অংশগ্রহণ।

১০ এপ্রিল ২০২১ : ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), দৈনিক সমকাল এবং চ্যানেল ২৪ যৌথভাবে আয়োজিত 'প্রাক-বাজেট আলোচনা : অর্থবছর ২০২১-২২' শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত হয়। মাননীয় প্রধানমন্ত্রীর অর্থনৈতিক বিষয়ক উপদেষ্টা ড. মসিউর রহমান এবং ব্র্যাক-এর চেয়ারপার্সন ড. হোসেন জিল্লুর রহমান উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে যোগদান করেন।

১১ এপ্রিল ২০২১ : ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'পবিত্র রমজান মাসে দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ' শীর্ষক ওয়েবিনারে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান, এমপি প্রধান অতিথি এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন-এর মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস বিশেষ অতিথি হিসেবে যোগদান করেন।

১২ এপ্রিল ২০২১ : স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক বাংলাদেশ আয়োজিত 'হালাল ইকোসিস্টেম এর সাথে ব্যবসায়িক কার্যক্রমের সম্পৃক্ততা' শীর্ষক আলোচনা সভায় ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর অংশগ্রহণ।

: জেনারেশন আনলিমিটেড-এর স্টিয়ারিং কমিটির সভায় ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান-এর যোগদান।

১৩ এপ্রিল ২০২১ : বিল্ড-এর ট্রাস্টি বোর্ডের ২৩তম ভার্চুয়াল সভায় ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর যোগদান।

১৭ এপ্রিল ২০২১ : ইকোনোমিক রিপোর্টার্স ফোরাম (ইআরএফ) আয়োজিত 'বাংলাদেশের রপ্তানীর বহুমুখীকরণে এফডিআই এবং এলডিসি উত্তোরণ' শীর্ষক ওয়েবিনারে আলোচক হিসেবে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর অংশগ্রহণ।

১৮ এপ্রিল ২০২১ : ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'অটোমোবাইল শিল্পের উন্নয়ন : বর্তমান বাস্তবতা ও ভবিষ্যৎ সম্ভাবনা' শীর্ষক ওয়েবিনারে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহ্মুদ হুমায়ুন, এমপি এবং বাংলাদেশে নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত মান্যবর ইতো নায়োকি উক্ত ওয়েবিনারে যথাক্রমে প্রধান অতিথি এবং সম্মানিত অতিথি হিসেবে যোগদান করেন।

২৪ এপ্রিল ২০২১ : ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'শিল্প ও শিক্ষাখাতের সমন্বয় : শিক্ষাখাতের ভূমিকা' শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত।

: ডিসিসিআই পরিচালনা পর্ষদের ৪র্থ সভা অনুষ্ঠিত।

২৭ এপ্রিল ২০২১ : ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) মধ্যকার 'বাংলাদেশে ব্যবসা পরিচালনায় ব্যয়হ্রাস কার্যক্রমে চলমান সংস্কার এবং ভবিষ্যতের প্রস্তুতি' শীর্ষক ভার্চুয়াল আলোচনা সভা অনুষ্ঠিত, যেখানে বিডা'র নির্বাহী চেয়ারম্যান মোঃ সিরাজুল ইসলাম প্রধান অতিথি এবং বিডা'র নির্বাহী সদস্য মোঃ বিল্লাল হোসেন বিশেষ অতিথি হিসেবে যোগদান করেন।

০২ মে ২০২১ : সানেম আয়োজিত 'কোভিড ১৯ এবং বাংলাদেশে ব্যবসা পরিচালনায় আত্মবিশ্বাস' শীর্ষক ওয়েবিনারে আলোচক হিসেবে ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান যোগদান করেন।

০৪ মে ২০২১ : আইসিএবি এবং ইআরএফ যৌথভাবে আয়োজিত 'সামষ্টিক অর্থনীতি: জাতীয় বাজেট ২০২১-২২-এর প্রত্যাশা" শীর্ষক ওয়েবিনারে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর অংশগ্রহণ।

০৫ মে ২০২১ : সিপিডি আয়োজিত 'আয় এবং কর্মসংস্থান' শীর্ষক ভার্চুয়াল কনফারেন্সে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর অংশগ্রহণ।

: এলডিসি হতে বাংলাদেশের উত্তোরণ পরবর্তী প্রস্তুতি বিষয়ক ১ম সভায় ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর যোগদান।

০৮ মে ২০২১ : 'বাংলাদেশে বিকল্প বিরোধ নিষ্পত্তি কার্যক্রমের ব্যবহার বৃদ্ধি: সমস্যা ও সম্ভাবনা' শীর্ষক ভার্চুয়াল ডায়ালগে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর অংশগ্রহণ।

১৮ মে ২০২১ : ইংরেজি দৈনিক দি বিজনসে স্ট্যান্ডার্ড আয়োজিত প্রাক-বাজেট আলোচনা সভায় ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান-এর যোগদান।

১৯ মে ২০২১ : বাংলাদেশ ও ভারতের মধ্যকার 'কমপ্রিহেনসিভ ইকোনোমিক পার্টনারশীপ এগ্রিমেন্ট' বিষয়ক পরামর্শক কমিটির ভার্চুয়াল সভায় ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর যোগদান।

: ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান 'দূর্যোগ ব্যবস্থাপনা ২০২১-২০২৫-এর জন্য জাতীয় পরিকল্পনা: বেসরকরি খাতের অংশগ্রহণ' শীর্ষক ভার্চুয়াল ডায়ালগে যোগদান।

২০ মে ২০২১ : ককাসাস এশিয়া সেন্টার, আসাম-এর প্রতিনিধিবৃন্দের সাথে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর ভার্চুয়াল বৈঠক অনুষ্ঠিত।

২২ মে ২০২১ : 'কোভিড-১৯ বাস্তবতায় জাতীয় বাজেটে ২০২১-২২: বেসরকারি খাতের কর্মসংস্থানের সুযোগ তৈরি' শীর্ষক ভার্চুয়াল সভায় ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর যোগদান।

২৩ মে ২০২১ : বিল্ড আয়োজিত 'কোভিড-১৯ মহামারী মোকাবেলায় সিএমএসএমই খাতের উত্তোরণের জন্য প্রণোদনা প্যাকেজ-এর পুনঃবিন্যাস' শীর্ষক ভার্চুয়াল ডায়ালগের আলোচক হিসেবে ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান-এর অংশগ্রহণ।

২৪ মে ২০২১ : 'বাংলাদেশ বিজনেস অ্যান্ড ডিসএ্যাবিলিটি নেটওয়ার্ক'-এর ভার্চুয়াল ডায়ালগে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর যোগদান।

: জেনারেশন আনলিমিটেড বাংলাদেশ আয়োজিত ভার্চুয়াল সভায় ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান-এর যোগদান।

২৫ মে ২০২১ : বাংলাদেশস্থ নেদারল্যান্ড দূতাবাসের প্রতিনিধিবৃন্দের সাথে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর ভার্চুয়াল বৈঠক অনুষ্ঠিত।

২৬ মে ২০২১ : ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর সভাপতিত্বে মুজিব শতবর্ষ উদ্‌যাপন বিষয়ক বিশেষ কমিটির ৩য় সভা অনুষ্ঠিত।

২৯ মে ২০২১ : ডিসিসিআই পরিচালনা পর্ষদের ৫ম সভা ভার্চুয়ালি অনুষ্ঠিত।

: ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'স্বল্পোন্নত দেশ থেকে বাংলাদেশের উত্তোরণ: অর্থনৈতিক প্রবৃদ্ধির অগ্রযাত্রা' শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত, যেখানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রীর মুখ্যসচিব ড. আহমদ কায়কাউস প্রধান অতিথি হিসেবে যোগদান করেন। এছাড়াও অর্থ মন্ত্রণালয়ের অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব মিসেস ফাতিমা ইয়াসমিন এবং এফবিসিসিআই'র সভাপতি মোঃ জসিম উদ্দিন বিশেষ অতিথি হিসেবে অংশগ্রহণ করেন।

৩১ মে ২০২১ : দি ডেইলি স্টার এবং এ্যাকশন এইড যৌথভাবে আয়োজিত '৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা ও জাতীয় বাজেট-এর মধ্যকার সমন্বয়: প্রেক্ষিত যুব সমাজ' শীর্ষক ভার্চুয়াল আলোচনা সভায় আলোচক হিসেবে ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান-এর যোগদান।

০১ জুন ২০২১ : ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর সাথে বাংলাদেশস্থ পাকিস্তান দূতাবাসের কনসুল জেহ্যানজেব খান সাক্ষাৎ করেন।

: ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান শিল্প মন্ত্রণালয়ের সচিব মিস জাকিয়া সুলতানা'র সাথে সাক্ষাৎ করেন।

০২ জুন ২০২১ : অর্থনৈতিক বিভাগের সচিব মিস ফাতিমা ইয়াসমিন এর সাথে ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান'র সাক্ষাৎকার অনুষ্ঠিত।

০৩ জুন ২০২১ : ডিসিসিআইতে জাতীয় বাজেট ২০২১-২২-এর পর্যালোচনা বিষয়ক সভা অনুষ্ঠিত।

০৫ জুন ২০২১ : এফবিসিসিআই আয়োজিত জাতীয় বাজেট ২০২১-২২ পরবর্তী সংবাদ সম্মেলনে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর যোগদান।

০৬ জুন ২০২১ : ইকোনোমিক রিপোর্টার্স ফোরাম (ইআরএফ) আয়োজিত 'কোভিড-১৯ এর প্রভাব এবং সিএমএসএমই খাতের সম্ভাবনা' বিষয়ক ওয়েবিনারের আলোচক হিসেবে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর যোগদান।

০৭ জুন ২০২১ : ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)-এর মধ্যকার সমঝোতা স্মারক অনলাইনে স্বাক্ষরিত হয়। ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান এবং বুয়েটের উপাচার্য অধ্যাপক সত্য প্রসাদ মজুমদার নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

: ডিসিসিআই যুগ্ম-নির্বাহী সচিব এএইচএম মানিরুজ্জামান ডব্লিউটিও দ্বাদশ মিনিস্টেরিয়াল বৈঠকের প্রস্তুতিমুলক ওয়েবিনারে যোগদান করেন।

০৮ জুন ২০২১ : নববিযুক্ত বাণিজ্য সচিব তপন কান্তি ঘোষ-এর সাথে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত।

১০ জুন ২০২১ : ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)'র ফাউন্ডেশন-এর পক্ষ থেকে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান 'মাননীয় প্রধানমন্ত্রীর করোনা সহায়তা তহবিল'-এ আর্থিক অনুদানের চেক হস্তান্তর করেন। মাননীয় প্রধানমন্ত্রীর পক্ষে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ড. আহমদ কায়কাউস ডিসিসিআই সভাপতির নিকট থেকে চেক গ্রহণ করেন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে চেক গ্রহণ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

: ডিসিসিআই যুগ্ম নির্বাহী সচিব এএইচএম মানিরুজ্জামান দুবাইয়ে অনুষ্ঠিতব্য ওয়ার্ল্ড এক্সপো ২০২০ সফলভাবে অংশগ্রহণের জন্য কর্মপরিকল্পনার অগ্রগতি এবং নিয়োগকৃত সিসিডি-এর সাথে আলোচনা সভায় যোগদান করেন।

১৩ জুন ২০২১ : প্রধানমন্ত্রীর কার্যালয় আয়োজিত স্বল্পোন্নত দেশ হতে বাংলাদেশের উত্তোরণ পরবর্তী পর্যালোচনা বিষয়ক কমিটির ২য় সভায় ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর যোগদান।

: এফবিসিসিআই'র সভাপতি মোঃ জসিম উদ্দিন-এর সাথে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর নেতৃত্বে পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দের সৌজন্য সাক্ষাৎ।

: ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান স্বল্পোন্নত দেশ হতে উন্নয়নশীল দেশ হিসাবে উত্তোরণের ফলে বাংলাদেশের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলার প্রস্তুতি, পরিকল্পনা গ্রহণ, বাস্তবায়ন ও তা মনিটরিং সংক্রান্ত কমিটির ২য় সভায় যোগদান করেন।

: ডিসিসিআই পরিচালক গোলাম জিলানী 'এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রকল্পের 'স্টিয়ারিং কমিটি' এর ৩য় সভায় অংশগ্রহণ করেন।

১৪ জুন ২০২১ : ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর আইসিসি বাংলাদেশ-এর ৮২তম পর্ষদ সভায় অনলাইনে অংশগ্রহণ।

: ডিসিসিআই যুগ্ম নির্বাহী সচিব (প্রকল্প) খন্দকার আনোয়ার কামাল "বাংলাদেশের এগ্রো-প্রসেসিং খাতের রপ্তানী বৃদ্ধিতে সেক্টরিয়াল ডায়াগনস্টিক স্টাডিজ" শীর্ষক ভার্চুয়াল কর্মশালায় অংশগ্রহণ করেন।

১৫ জুন ২০২১ : আইসিসি বাংলাদেশ এবং ইউনিসেফ যৌথভাবে আয়োজিত 'ডেমোগ্রাফিক ডিভিডেন্ট ইন বাংলাদেশ: রুল অব প্রাইভেট সেক্টর' শীর্ষক ভার্চুয়াল মতবিনিময় সভায় ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর যোগদান।

১৬ জুন ২০২১ : রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক)-এর চেয়ারম্যান এ বি এম আমিন উল্ল্যাহ নূরী-এর সাথে ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান-এর সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত। ডিসিসিআই সহ-সভাপতি মনোয়ার হোসেন এ সময় উপস্থিত ছিলেন।

: ত্রিপলী চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর সাথে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমানের ভাচুয়াল সংলাপ অনুষ্ঠিত।

১৭ জুন ২০২১ : ডিসিসিআই সহ-সভাপতি জনাব মনোয়ার হোসেন ও যুগ্ম-আহ্বায়ক মিস বার্থা গীতি বাড়ৈ শিল্পনগরী জেলা ভূমি বরাদ্দ কমিটির সভায় যোগদান করেন।

: ডিসিসিআই সহ-সভাপতি মনোয়ার হোসেন 'বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার ২০২০' প্রদানের লক্ষ্যে 'মনোনয়ন চূড়ান্তকরণ কমিটি'র সভায় যোগদান করেন।

: ডিসিসিআই প্রাক্তন সহ-সভাপতি মোহাম্মদ বাশিরউদ্দিন জাতীয় রপ্তানি ট্রফি সংক্রান্ত চূড়ান্ত বাছাই কমিটির সভায় যোগদান করেন।

: ডিসিসিআই সহকারী নির্বাহী সচিব মোঃ মোহন মিয়া মুজিব বর্ষের সেমিনার ও বিশ্ব মেধাসম্পদ দিবস উপলক্ষে অনুষ্ঠিত সভায় যোগদান করেন।

১৯ জুন ২০২১ : ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'বাংলাদেশের শিল্পখাতের জ্বালানি উৎসের ভবিষ্যৎ: এলপিজি এবং এলএনজি' শীর্ষক ওয়েবিনারে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিনিয়র সচিব মোঃ আনিছুর রহমান এবং বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন-এর সদস্য (গ্যাস) মোঃ মকবুল-ই-ইলাহী চৌধুরী যথাক্রমে প্রধান অতিথি ও বিশেষ অতিথি হিসেবে যোগদান করেন।

২০ জুন ২০২১ : দ্বিপাক্ষিক বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণের লক্ষে, ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং বাংলাদেশস্থ ভিয়েতনাম দূতাবাস-এর মধ্যকার সহযোগিতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান, ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ, সহ-সভাপতি মনোয়ার হোসেন এবং ভিয়েতনামের রাষ্ট্রদূত মান্যবর ফাম ভিয়েত চিয়েন উপস্থিত ছিলেন।

: ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান এর সাথে বাংলাদেশস্থ পাকিস্তানের হাইকমিশনার মান্যবর ইমরান আহমেদ সিদ্দিকী সাক্ষাৎ করেন। ডিসিসিআই পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ এসময় উপস্থিত ছিলেন।

: ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান-এর সাথে বাংলাদেশ ফাইন্যান্স লিমিটেড-এর ব্যবস্থাপনা পরিচালক কাইসার হামিদ সাক্ষাৎ করেন।

: ডিসিসিআই নির্বাহী সচিব মোঃ জয়নাল আব্দীন ইনোভেশন চ্যালেঞ্জ ফান্ডের আওতায় বাছাইকৃত উদ্ভাবনী প্রস্তাব অনুমোদনের নিমিত্ত নির্বাহী কমিটির ভার্চুয়াল সভায় অংশগ্রহণ করেন।

: ডিসিসিআই উপ-নির্বাহী সচিব সৈয়দ আব্দুল্লাহ আল আহসান শিল্প করিডোর নীতিমালা-২০২১ এর খসড়া চূড়ান্তকরণের জন্য ওয়ার্কশপে যোগদান করেন।

২২ জুন ২০২১ : ডিসিসিআই যুগ্ম-নির্বাহী সচিব মোঃ মেহেদি হাসান ভূঁইয়া, সহকারী নির্বাহী সচিব আবুল বাশার, সহকারী নির্বাহী সচিব সোহেল রানা সরকার থেকে ব্যবসায় (জি২বি) চিহ্নিত সেবাসমূহ সহজীকরণের লক্ষ্যে অগ্রাধিকার ভিত্তিতে নির্বাচন-এর নিমিত্ত কর্মশালায় যোগদান করেন।

: ডিসিসিআই এর যুগ্ম-নির্বাহী সচিব খন্দকার আনোয়ার কামাল বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত অংশীজনদের সভায় যোগদান করেন।

২৩ জুন ২০২১ : বাংলাদেশস্থ মালয়েশিয়ান হাইকমিশনার মিস হাজনা মোঃ হাসিম এবং ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর মধ্যকার ভার্চুয়াল মতবিনিময় সভা অনুষ্ঠিত।

: ডিসিসিআই কন্সটিটিউশন, মেম্বারশীপ, এ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড এইচআর বিষয়ক ম্যানেজমেন্ট কমিটির ২য় সভা অনুষ্ঠিত।

: অর্থনৈতিক সম্পর্ক বিভাগ আয়োজিত 'এলডিসি হতে বাংলাদেশের উত্তোরণ পরবর্তী করণীয় নির্ধারণ' বিষয়ক ভার্চুয়াল মতবিনিময় সভায় ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর যোগদান।

: ডিসিসিআই পরিচালক মোঃ রাশেদুল করিম মুন্না জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটি (এনপিইসি) এর ২৩তম সভায় যোগদান করেন।

: ডিসিসিআই সহকারী নির্বাহী সচিব সোহেল রানা "চামড়া শিল্পনগরী, ঢাকা" শীর্ষক প্রকল্পের ভূমি বরাদ্দ কমিটির ২৬তম ভার্চুয়াল সভায় অংশগ্রহণ করেন।

২৪ জুন ২০২১ : বিল্ড আয়োজিত 'কোভিড স্টিমোলাস্ অ্যান্ড লিঙ্কস টু এমপ্লয়মেন্ট, কনজামশন অ্যান্ড ইনভেস্টমেন্ট: দি বাংলাদেশ এক্সপেরিয়েন্স' বিষয়ক স্টাডি রিপোর্ট উন্মোচন অনুষ্ঠানে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর যোগদান।

: ঢাকা চেম্বারের রপ্তানি বহুমুখীকরণ বিষয়ক স্ট্যার্ন্ডিং কমিটির সভায় ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান-এর যোগদান।

২৬ জুন ২০২১ : ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর সভাপতিত্বে পরিচালনা পর্ষদের ৬ষ্ঠ সভা অনুষ্ঠিত।

: মুজিব শতবর্ষ উদ্‌যাপন বিষয়ক বিশেষ কমিটির ৪র্থ সভা অনুষ্ঠিত।

: ডিসিসিআই যুগ্ম নির্বাহী সচিব মিস তামান্না সুলতানা "চাহিদাভিত্তিক কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ আমাদের করণীয়" শীর্ষক কর্মশালায় যোগদান করেন।

২৭ জুন ২০২১ : ডিসিসিআই পরিচালক মোঃ রাশেদুল করিম মুন্না 'জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)' এর স্টিয়ারিং কমিটির সভায় যোগদান করেন।

২৮ জুন ২০২১ : ডিসিসিআই উপ-নির্বাহী সচিব মোঃ কামরুল বারী, বাংলাদেশ রিজিওনাল কানেক্টিভিটি প্রকল্প-১ এর আওতায় বাংলাদেশ ট্রেড পোর্টাল-এর উপর অনলাইন কর্মশালায় অংশগ্রহণ করেন।

২৯ জুন ২০২১ : ডিসিসিআই যুগ্ম-নির্বাহী সচিব খন্দকার আনোয়ার কামাল 'কৃষি খাদ্য শিল্প উন্নয়ন নীতিমালা ২০২১' চূড়ান্ত করার আন্তঃমন্ত্রণালয় সভায় অংশগ্রহণ করবেন।

০১ জুলাই ২০২১ : ইউনিয়ন অব এশিয়ান চেম্বার্স-এর ভার্চুয়াল মতবিনিময় সভায় ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর অংশগ্রহণ।

: বিল্ড-এর ট্রাষ্টি বোর্ডের ২৪তম সভায় ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান এর অংশগ্রহণ।

০৩ জুলাই ২০২১ : ভার্চুয়াল শো 'থিংক বিজনেস'-এর উদ্বোধনী অনুষ্ঠানে ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান-এর যোগদান।

০৫-০৮ জুলাই ২০২১ : ডিসিসিআই সহকারী নির্বাহী সচিব আবুল বাশার, সোহেল রানা ও সিনিয়র অফিসার তানভীর আহমেদ "চতুর্থ শিল্প-বিপ্লব উপযোগী প্রযুক্তি-নির্ভর দক্ষ জনবল তৈরি" বিষয়ক কর্মশালায় যোগদান করেন।

০৭ জুলাই ২০২১ : ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'স্বল্পোন্নত দেশ থেকে বাংলাদেশের উত্তোরণ পরবর্তী সময়ে রপ্তানী বহুমুখীকরণে চ্যালেঞ্জ ও করণীয় নির্ধারণ' শীর্ষক ভার্চুয়াল ডায়ালগে প্রধান অতিথি হিসেবে যোগদান করেন রপ্তানী উন্নয়ন ব্যুরো (ইপিবি)'র ভাইস চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) এ এইচ এম আহসান।

১১ জুলাই ২০২১ : রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি)-এর সহায়তায় ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'স্বল্পোন্নত দেশ থেকে বাংলাদেশের উত্তোরণ পরবর্তী সময়ে রপ্তানী বহুমুখীকরণে চ্যালেঞ্জ ও করণীয় নির্ধারণ: প্রেক্ষিত নীতিমালা সংস্কার' শীর্ষক ভার্চুয়াল ২য় ডায়ালগে প্রধানমন্ত্রী'র কার্যালয়ের সচিব মোঃ তোফাজ্জল হোসেন মিয়া প্রধান অতিথি হিসেবে যোগদান করেন।

: আইসিসি বাংলাদেশ-এর ২৬তম বার্ষিক কাউন্সিল সভায় ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর অংশগ্রহণ।

১২ জুলাই ২০২১ : বাংলাদেশ ইন্টারন্যাশনাল আরবিট্রেশন সেন্টার (বিয়াক)-এর ৩৩তম বোর্ড সভায় ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর যোগদান।

১৩ জুলাই ২০২১ : ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইন্সটিটিউট অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন (আইবিএ)-এর পরিচালক প্রফেসর মোহাম্মদ আব্দুল মোমেন-এর মধ্যকার অনলাইন ভিক্তিক মতবিনিময় সভা অনুষ্ঠিত।

১৫ জুলাই ২০২১ : কোভিড-১৯ মহামারী মোকাবেলায় দেশব্যাপী চিকিৎসা সরঞ্জামাদি বিতরণের উদ্বোধনী অনুষ্ঠানে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর অংশগ্রহণ।

১৮ জুলাই ২০২১ : করোনা আক্রান্ত রোগীদের অক্সিজেন সেবা প্রদানের লক্ষ্যে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)-এর সভাপতি রিজওয়ান রাহমান এফবিসিসিআই'র সভাপতি মোঃ জসিম উদ্দিন-এর নিকট ১০টি অক্সিজেন কনসানট্রেটর মেশিন হস্তান্তর করেন। ডিসিসিআই সহ-সভাপতি মনোয়ার হোসেন এ সময় উপস্থিত ছিলেন।

২৪ জুলাই ২০২১ : ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর সভাপতিত্বে ডিসিসিআই সমন্বয়কারী পরিচালক, আহ্বায়ক, যুগ্ম-আহ্বায়কবৃন্দের মতবিনিময় সভা ভার্চুয়ালি অনুষ্ঠিত।

২৭ জুলাই ২০২১ : ট্রেড ফেসিলিটেশন অ্যান্ড গ্লোবাল লিংকেজ স্ট্যান্ডিং কমিটির সভায় ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান-এর যোগদান।

২৯ জুলাই ২০২১ : ডিসিসিআই পরিচালক মোঃ রাশেদুল করিম মুন্না বাংলাদেশ ন্যাশনাল প্রডাক্টিভিটি মাষ্টারপ্ল্যান ২০২১-২০৩০ এর আলোকে এ্যাকশন প্ল্যান প্রস্তুত বিষয়ক আলোচনা সভায় অংশগ্রহণ করেন।

৩০ জুলাই ২০২১ : 'বাংলাদেশ ট্রেড অ্যান্ড ইনভেস্টমেন্ট সামিট ২০২১' আয়োজন উপলক্ষে ঢাকা চেম্বার এবং বাণিজ্য মন্ত্রণালয়ের সমন্বয় সভা অনুষ্ঠিত।

৩১ জুলাই ২০২১ : ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'টেকসই নদী খনন: চ্যালেঞ্জ ও প্রতিকার' শীর্ষক ওয়েবিনারে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নৌ-পরিবহন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী খালিদ মাহ্‌মুদ চৌধুরী, এমপি প্রধান অতিথি হিসেবে যোগদান করেন। এছাড়াও জাতীয় সংসদের সদস্য ও এফবিসিসিআই'র প্রাক্তন সভাপতি মোঃ শফিউল ইসলাম (মহিউদ্দিন), এমপি এবং পানি সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব কবির বিন আনোয়ার উক্ত ওয়েবিনারে বিশেষ অতিথি হিসেবে অংশগ্রহণ করেন।

: ডিসিসিআই পরিচালনা পর্ষদের ৭ম সভা ভার্চুয়ালি অনুষ্ঠিত।

০১ আগস্ট ২০২১ : ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান-এর সভাপতিত্বে 'মুজিব শতবর্ষ' উদ্‌যাপন বিষয়ক বিশেষ কমিটির ৫ম সভা অনুষ্ঠিত।

০৫ আগস্ট ২০২১ : এফবিসিসিআই আয়োজিত 'রপ্তানী বহুমুখীকরণ ও প্রণোদনা সহায়তা' শীর্ষক ভার্চুয়াল সভায় ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান-এর অংশগ্রহণ।

০৭ আগস্ট ২০২১ : ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'বেসরকারি খাতের দৃষ্টিতে বাংলাদেশের অর্থনীতির বর্তমান অবস্থা ও ভবিষ্যৎ প্রেক্ষিত' শীর্ষক ওয়েবিনারে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পরিকল্পনা মন্ত্রী এম এ মান্নান, এমপি প্রধান অতিথি এবং ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংক-এর সাবেক গভর্ণর প্রফেসর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন সম্মানিত অতিথি হিসেবে অংশগ্রহণ করেন।

০৮ আগস্ট ২০২১ : বাংলাদেশ রিজিওন্যাল কানেক্টিভিটি প্রজেক্ট শীর্ষক সাক্ষাৎকার অনুষ্ঠানে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর অংশগ্রহণ।

: বিল্ড আয়োজিত 'বাংলাদেশ কোম্পানী নিবন্ধনে বিদ্যমান প্রতিবন্ধকতা ও প্রতিকার' শীর্ষক ওয়েবিনারের আলোচক হিসেবে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর অংশগ্রহণ।

১১ আগস্ট ২০২১ : রপ্তানী উন্নয়ন ব্যুরো (ইপিবি)'র ভাইস চেয়ারম্যান এ এইচ এম আহসানের সাথে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত।

১২ আগস্ট ২০২১ : 'অর্থনীতিতে তরুণদের অবদান' শীর্ষক ভার্চুয়াল সভায় ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর যোগদান।

১৪ আগস্ট ২০২১ : ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'ই-কমার্স খাতের বিকাশে টেকসই ইকোসিস্টেম প্রণয়ন' শীর্ষক ভার্চুয়াল ডায়ালগে বাণিজ্য মন্ত্রণালয়ের সচিব তপন কান্তি ঘোষ প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করেন।

১৬ আগস্ট ২০২১ : বাংলাদেশে নিযুক্ত সিঙ্গাপুরের কনস্যুলর মিস শিলা পেল্লাই-এর সাথে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর সৌজন্য সাক্ষাৎ করেন।

: ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর সভাপতিত্বে ডিবিআই-এর গভর্নিং বডি'র ১৭তম সভা অনুষ্ঠিত।

১৯ আগস্ট ২০২১ : ডিসিসিআই ফাউন্ডেশন এবং আনোয়ার গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ-এর প্রতিষ্ঠাকালীন চেয়ারম্যান আলহাজ্ব আনোয়ার হোসেন এর জানাজা ও দাফন সম্পন্ন।

২১ আগস্ট ২০২১ : ডিসিসিআই ফাউন্ডেশন এবং আনোয়ার গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ-এর প্রতিষ্ঠাকালীন চেয়ারম্যান আলহাজ্ব আনোয়ার হোসেন এর স্মরণে মরহুমের পরিবার আয়োজিত কুলখানি ও দোয়া মাহফিলে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর অংশগ্রহণ।

২৩ আগস্ট ২০২১ : ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান এবং বাণিজ্য মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দের মধ্যকার সমন্বয় সভা অনুষ্ঠিত।

২৫ আগস্ট ২০২১ : ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'মহামারীকালীন সময়ে খাদ্য সরবরাহ ও নিরাপত্তা নিশ্চিতকরণ' শীর্ষক ওয়েবিনারে প্রধান অতিথি হিসেবে যোগদান করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ড. মো. আব্দুর রাজ্জাক, এমপি, যেখানে বিশেষ অতিথি হিসেবে অংশগ্রহণ করেন খাদ্য মন্ত্রণালয়ের সচিব ড. মোছাম্মৎ নাজমানারা খানুম।

: ডিসিসিআই সহকারী নির্বাহী সচিব সোহেল রানা নিত্যপ্রয়োজনীয় পণ্যের মজুদ, সরবরাহ, আমদানি, মূল্য পরিস্থিতি স্বাভাবিক এবং স্থিতিশীল রাখার লক্ষ্যে অনুষ্ঠিতব্য সভায় অংশগ্রহণ করেন।

২৮ আগস্ট ২০২১ : ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'স্বল্পোন্নত দেশ থেকে বাংলাদেশের উত্তোরণ পরবর্তী সময়ের প্রস্তুতি; স্থানীয় বাজারের উন্নয়ন' শীর্ষক ভার্চুয়াল ডায়ালগে প্রধান অতিথি হিসেবে যোগদান করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বাণিজ্য মন্ত্রণালয়ের সচিব তপন কান্তি ঘোষ।

: ডিসিসিআই ফাউন্ডেশন এবং আনোয়ার গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ-এর প্রতিষ্ঠাকালীন চেয়ারম্যান প্রয়াত আলহাজ্ব আনোয়ার হোসেন-এর স্মরণে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত স্মরণ সভা অনুষ্ঠিত।

২৯ আগস্ট ২০২১ : ডিসিসিআই পরিচালনা পর্ষদের ৮ম সভা অনুষ্ঠিত।

: বাণিজ্য সচিব তপন কান্তি ঘোষ-এর সাথে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান সাক্ষাৎ করেন।

: ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'বাংলাদেশ-যুক্তরাজ্য বাণিজ্য ও বিনিয়োগ সহযোগিতা: প্রেক্ষিত সেবা খাত' শীর্ষক ভার্চুয়াল ডায়ালগে বাংলাদেশে নিযুক্ত বৃটিশ হাইকমিশনার মান্যবর রবার্ট চ্যাটারটন ডিকসন প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করেন।

৩০ আগস্ট ২০২১ : বাংলাদেশ চেম্বার্স অব ইন্ডাস্ট্রিজ (বিসিআই) আয়োজিত 'বঙ্গবন্ধুর শিল্প দর্শন : আজকের বাংলাদেশ' বিষয়ক ওয়েবিনারে আলোচক হিসেবে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর যোগদান।

৩১ আগস্ট ২০২১ : ডিসিসিআই ফাউন্ডেশনের ১০ম সভা অনুষ্ঠিত।

০৭ সেপ্টেম্বর ২০২১ : ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং এসএমই ফাউন্ডেশন-এর যৌথ উদ্যোগে আয়োজিত "এসএমই প্রণোদনা প্যাকেজ হতে ঋণ প্রাপ্তির পদ্ধতি" শীর্ষক ভার্চুয়াল মতবিনিময় সভায় এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মোঃ মাসুদুর রহমান এবং ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ মফিজুর রহমান যথাক্রমে প্রধান অতিথি ও বিশেষ অতিথি হিসেবে অংশগ্রহণ করেন।

০৮ সেপ্টেম্বর ২০২১ : ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর সাথে বাংলাদেশে নিযুক্ত রিপালিক অব কসোভো'র মান্যবর রাষ্ট্রদূত গুনার উরইয়া সৌজন্য সাক্ষাৎ করেন। ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ এবং সহ-সভাপতি মনোয়ার হোসেন এ সময় উপস্থিত ছিলেন।

: ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)-এর সভাপতি রিজওয়ান রাহমান-এর সাথে বাংলাদেশে নেদারল্যান্ডস্‌ের নবনিযুক্ত রাষ্ট্রদূত মান্যবর অ্যানে ভেন লিওভেন সাক্ষাৎ করেন। ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ এবং সহ-সভাপতি মনোয়ার হোসেন এ সময় উপস্থিত ছিলেন।

: ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান এবং বাংলাদেশ হাই-টেক পার্ক অথরিটি-এর ব্যবস্থাপনা পরিচালক বিকর্ণ কুমার ঘোষ-এর মধ্যকার ভার্চুয়াল মতবিনিময় সভা অনুষ্ঠিত।

: ডিসিসিআই-এর সহকারী নির্বাহী সচিব মোঃ মোহন মিয়া ২০২০-২০২১ অর্থ বছরে পুরাতন কাপড় আমদানিকারক নির্বাচনের লক্ষ্যে ঢাকা জেলা কমিটির সভায় অংশগ্রহণ করেন।

০৯ সেপ্টেম্বর ২০২১ : ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)-এর সভাপতি রিজওয়ান রাহমানের সাথে বাংলাদেশে নিযুক্ত দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রদূত মান্যবর লি জ্যাং কিয়ুন সাক্ষাৎ করেন। ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ এবং সহ-সভাপতি মনোয়ার হোসেন এ সময় উপস্থিত ছিলেন।

: ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান, অতিরিক্ত নির্বাহী সচিব এ কে এম আসাদুজ্জামান পাটোয়ারী স্বল্পোন্নত দেশ হতে উন্নয়নশীল দেশে উত্তোরণে সম্ভাব্য চ্যালেঞ্জ ও তা মোকাবেলায় প্রস্তুতি গ্রহণের লক্ষ্যে গঠিত অগ্রাধিকারমূলক বাজার অভিগম্যতা এবং বাণিজ্য চুক্তি বিষয়ক উপ-কমিটির ২য় সভায় অংশগ্রহণ করেন।

১২ সেপ্টেম্বর ২০২১ : ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত "প্রস্তাবিত জাতীয় শিল্পনীতি: ব্যক্তিখাতের প্রত্যাশা" শীর্ষক ওয়েবিনারে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন, এমপি এবং শিল্প প্রতিমন্ত্রী কামাল আহমেদ মজুমদার, এমপি যথাক্রমে প্রধান অতিথি ও বিশেষ অতিথি হিসেবে যোগদান করেন।

: পররাষ্ট্র মন্ত্রী ড. এ. কে. আব্দুল মোমেন, এমপির সাথে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত।

১৩ সেপ্টেম্বর ২০২১ : ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান স্বল্পোন্নত দেশ হতে উন্নয়নশীল দেশ হিসাবে উত্তোরণের ফলে বাংলাদেশের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলার প্রস্তুতি, পরিকল্পনা গ্রহণ, বাস্তবায়ন ও তা মনিটরিং সংক্রান্ত কমিটির ৩য় সভায় অংশগ্রহণ করেন।

১৫ সেপ্টেম্বর ২০২১ : ডিসিসিআই এবং সেন্ট পিটার্সবার্গ চেম্বার, রাশিয়া-এর মধ্যকার ভার্চুয়াল সমন্বয় সভায় ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান অংশগ্রহণ করেন।

: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি, এমপি-এর সাথে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান সাক্ষাৎ করেন।

: ডিসিসিআই নির্বাহী সচিব মোঃ জয়নাল আব্দীন সংযুক্ত আরব আমিরাতে অনুষ্ঠেয় দুবাই এক্সপো ২০২০-এ বাংলাদেশের ফলপ্রসূ অংশগ্রহণের লক্ষ্যে বেসরকারি খাতের ভূমিকা পর্যালোচনার জন্য একটি বিশেষ সভায় অংশগ্রহণ করেন।

১৬ সেপ্টেম্বর ২০২১ : ঢাকা চেম্বারের-এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরকারী বিভিন্ন চেম্বার, এসোসিয়েশন সহ অন্যান্য বাণিজ্যিক সংগঠনের প্রতিনিধিবৃন্দের সাথে ভার্চুয়াল মতবিনিময় সভা অনুষ্ঠিত।

১৭ সেপ্টেম্বর ২০২১ : পলিসি রিসার্চ ইন্সটিটিউশন (পিআরআই) "বৈশ্বিক রপ্তানিতে ভিয়েতনামের প্রাধান্য: বাংলাদেশের জন্য অনুকরণীয় দৃষ্টান্ত" বিষয়ক ওয়েবিনারে আলোচক হিসেবে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর যোগদান।

১৮ সেপ্টেম্বর ২০২১ : ঢাকা চেম্বারের-এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরকারী বিভিন্ন চেম্বার, এসোসিয়েশন সহ অন্যান্য বাণিজ্যিক সংগঠনের প্রতিনিধিবৃন্দের সাথে ভার্চুয়াল মতবিনিময় সভা অনুষ্ঠিত।

১৯-২৮ সেপ্টেম্বর ২০২১ : জাতিসংঘের সাধারণ পরিষদের উদ্বোধনী সেশনে অংশগ্রহণের জন্য মাননয়ী প্রধানমন্ত্রীর সফরসঙ্গী হিসেবে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর যুক্তরাষ্ট্র গমন।

২০ সেপ্টেম্বর ২০২১ : ইউনেস্ক্যাপ-এর ভার্চুয়াল সভায় ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান-এর যোগদান।

২২ সেপ্টেম্বর ২০২১ : বিল্ড-এর ফাইন্যান্সিয়াল সেক্টর ওয়ার্কিং কমিটির ৯ম সভায় ডিসিসিআই ভারপ্রাপ্ত সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ-এর অংশগ্রহণ।

: উত্তর এবং ল্যাটিন আমেরিকার বাণিজ্য সংগঠনের প্রতিনিধিবৃন্দের সাথে ভার্চুয়াল মতবিনিময় সভায় ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান-এর অংশগ্রহণ।

০২ অক্টোবর ২০২১ : ডিসিসিআই পরিচালনা পর্ষদের ৯ম সভা অনুষ্ঠিত।

০৩ অক্টোবর ২০২১ : ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান এবং বাংলাদেশস্থ থাইল্যান্ড দূতাবাসের মিনিস্টার কাউন্সিলর (কমার্শিয়াল)-এর মধ্যকার ভার্চুয়াল সভা অনুষ্ঠিত।

০৪ অক্টোবর ২০২১ : বাংলাদেশে নিযুক্ত আলজেরিয়ার রাষ্ট্রদূত মান্যবর রাবাহ্ লারবি এবং ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমানের মধ্যকার দ্বিপাক্ষিক বাণিজ্য আলোচনা অনুষ্ঠিত।

০৫ অক্টোবর ২০২১ : মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সহকারী সচিব মোহাম্মদ সালাহ উদ্দিন-এর সাথে ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমানের বৈঠক অনুষ্ঠিত।

০৬ অক্টোবর ২০২১ : ইউএস ডিপার্টমেন্ট অফ এগ্রিকালচার অফ বাংলাদেশ ট্রেড ফেসিলিটেশন প্রজেক্ট আয়োজিত মধ্যাহ্নভোজ সভায় ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমানের অংশগ্রহণ।

০৭ অক্টোবর ২০২১ : পাবলিক-প্রাইভেট স্টেকহোল্ডার্স কমিটি'র (পিপিএসসি) ১৪তম সভায় ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমানের যোগদান।

১০ অক্টোবর ২০২১ : ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) সভাপতি রিজওয়ান রাহমান-এর সাথে বাংলাদেশে নিযুক্ত জাপানের মান্যবর রাষ্ট্রদূত ইতো নায়োকি সৌজন্য সাক্ষাৎ করেন। ঢাকা চেম্বার কার্যালয়ে অনুষ্ঠিত উক্ত সাক্ষাৎকার অনুষ্ঠানে ডিসিসিআই উর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ, সহ-সভাপতি মনোয়ার হোসেন এবং জাপান দূতাবাসের সেকেন্ড সেক্রেটারি মিস শিরাহাতা কাসুমি এ সময় উপস্থিত ছিলেন।

১১ অক্টোবর ২০২১ : বাণিজ্য মন্ত্রী টিপু মুনশি, এমপি-এর সাথে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমানের সাক্ষাৎ।

: রাজউক চেয়ারম্যান এ বি এম আমীন উল্ল্যাহ নূরী-এর সাথে ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমানের সাক্ষাৎ অনুষ্ঠিত।

১২ অক্টোবর ২০২১ : ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং স্ট্রেংথেনিং আরবান পাবলিক-প্রাইভেট প্রোগ্রামিং ফর আর্থকোয়েক রেজিলিয়েন্স (সুপার প্রজেক্ট) যৌথভাবে দক্ষিণ এশিয়া অঞ্চলে প্রথমবারের মত বাংলাদেশে দূর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনায় বেসরকারি খাতের অংশগ্রহণে "প্রাইভেট সেক্টর ইমাজেন্সি অপারেশন সেন্টার (পিইওসি)" স্থাপন অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ডাঃ মোঃ এনামুর রহমান, এমপি প্রধান অতিথি এবং সচিব মোঃ মোহসীন বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

: রাশিয়ায় নবনিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মান্যবর কামরুল আহসানের সম্মানে বাংলাদেশে অবস্থিত রাশিয়ার দূতাবাস আয়োজিত নৈশভোজ সভায় ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমানের অংশগ্রহণ।

১৬ অক্টোবর ২০২১ : আইসিসি বাংলাদেশ-এর ৮৩তম ভার্চুয়াল সভায় ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমানের অংশগ্রহণ।

১৭ অক্টোবর ২০২১ : 'বাংলাদেশে ট্রেড অ্যান্ড ইনভেস্টমেন্ট সামিট ২০২১' উপলক্ষে ডিসিসিআইতে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে বাণিজ্য মন্ত্রী টিপু মুনশি, এমপি, বাণিজ্য সচিব তপন কান্তি ঘোষ এবং ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান, সহ-সভাপতি মনোয়ার হোসেন এবং পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ অংশগ্রহণ করেন।

১৮ অক্টোবর ২০২১ : ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) সভাপতি রিজওয়ান রাহমান-এর সাথে বাংলাদেশে নিযুক্ত স্পেনের মান্যবর রাষ্ট্রদূত ফ্রান্সিসকো বেনিতেজ সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত।

১৯ অক্টোবর ২০২১ : ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমানের সাথে ইউএন টেকনোলজি ব্যাংক ফর এলডিসি-এর ব্যবস্থাপনা পরিচালক জশুয়া সেতিপা'র নেতৃত্বে একটি প্রতিনিধিদলের সাক্ষাৎ।

২১ অক্টোবর ২০২১ : ওয়ার্ল্ড বিজনেস এনজেলস ইনভেস্টমেন্ট ফোরাম আয়োজিত 'স্টার্টআপ ইকোসিস্টেম উন্নয়নে এনজেল ইনভেস্টরস্-এর ভূমিকা' শীর্ষক ওয়েবিনারের আলোচক হিসেবে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমানের যোগদান।

২৬ অক্টোবর ২০২১ : বাণিজ্য মন্ত্রণালয় এবং ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'বাংলাদেশ ট্রেড অ্যান্ড ইনভেস্টমেন্ট সামিট ২০২১'-এর উদ্বোধনী অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি অংশগ্রহণ করেন। এছাড়াও মাননীয় পররাষ্ট্র মন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন, এমপি, মাননীয় বাণিজ্য মন্ত্রী টিপু মুনশি, এমপি, মাননীয় প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ বিষয়ক উপদেষ্টা সালমান ফজলুর রহমান, এমপি বিশেষ অতিথি এবং এফবিসিসিআই'র সভাপতি মোঃ জসিম উদ্দিন সম্মানিত অতিথি হিসেবে উদ্বোধনী সেশনে উপস্থিত ছিলেন। বাণিজ্য সচিব তপন কান্তি ঘোষ এবং ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান সম্মেলনের উদ্বোধনী সেশনে বক্তব্য প্রদান করেন।

২৭ অক্টোবর ২০২১ : বাণিজ্য মন্ত্রণালয় এবং ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) যৌথভাবে আয়োজিত 'বাংলাদেশ ট্রেড অ্যান্ড ইনভেস্টমেন্ট সামিট ২০২১' শীর্ষক সপ্তাহব্যাপী আন্তর্জাতিক কার্যক্রমের অংশ হিসেবে অনুষ্ঠিত "বাংলাদেশ ও ইউরোপের মধ্যকার অর্থনৈতিক সহযোগিতা" শীর্ষক ওয়েবিনারে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় বাণিজ্য মন্ত্রী টিপু মুনশি, এমপি প্রধান অতিথি হিসেবে যোগদান করেন। ওয়েবিনারের মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান।

২৮ অক্টোবর ২০২১ : বাণিজ্য মন্ত্রণালয় এবং ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) যৌথভাবে আয়োজিত 'বাংলাদেশ ট্রেড অ্যান্ড ইনভেস্টমেন্ট সামিট ২০২১' শীর্ষক সপ্তাহব্যাপী আন্তর্জাতিক বাণিজ্য সম্মেলনের কার্যক্রমের অংশ হিসেবে অনুষ্ঠিত 'এলডিসি হতে বাংলাদেশের উত্তোরণ ও প্রস্তুতি' শীর্ষক ওয়েবিনারে প্রধানমন্ত্রী কার্যালয়ের মুখ্য সচিব ড. আহমদ কায়কাউস প্রধান অতিথি এবং ইষ্ট-ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাষ্টি বোর্ডের চেয়ারপার্সন ও এ্যাপেক্স গ্রুপের চেয়ারম্যান সৈয়দ মঞ্জুর এলাহী সম্মানিত অতিথি হিসেবে যোগদান করেন।

২৯ অক্টোবর ২০২১ : বাণিজ্য মন্ত্রণালয় এবং ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) যৌথভাবে আয়োজিত 'বাংলাদেশ ট্রেড অ্যান্ড ইনভেস্টমেন্ট সামিট ২০২১' শীর্ষক সপ্তাহব্যাপী আন্তর্জাতিক বাণিজ্য সম্মেলনের কার্যক্রমের অংশ হিসেবে অনুষ্ঠিত 'এশিয়া-প্যাসিফিক এবং বাংলাদেশ: অর্থনৈতিক সম্ভাবনা' শীর্ষক ওয়েবিনারে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব মোঃ তোফাজ্জল হোসেন মিয়া প্রধান অতিথি এবং অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব মিস ফাতিমা ইয়াসমিন বিশেষ অতিথি হিসেবে যোগদান করেন। এছাড়াও বাংলাদেশে নিযুক্ত জাপানের মান্যবর রাষ্ট্রদূত ইতো নায়োকি সম্মানিত অতিথি হিসেবে অংশগ্রহণ করেন।

: তুরস্কের ৯৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বাংলাদেশস্থ তুরস্কের দূতাবাস আয়োজিত নৈশভোজ সভায় ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমানের অংশগ্রহণ।

৩০ অক্টোবর ২০২১ : বাংলাদেশ ইন্টারন্যাশনাল আরবিট্রেশন সেন্টার (বিয়াক)-এর ১০ম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে অনুষ্ঠিত "ভার্চুয়াল ওয়ার্ল্ডে এডিআর-এর ব্যবহার। কোভিড-১৯ এর প্রভাব" শীর্ষক সেমিনারে ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমানের অংশগ্রহণ।

: বাণিজ্য মন্ত্রণালয় এবং ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) যৌথভাবে আয়োজিত 'বাংলাদেশ ট্রেড অ্যান্ড ইনভেস্টমেন্ট সামিট ২০২১' শীর্ষক সপ্তাহব্যাপী আন্তর্জাতিক বাণিজ্য সম্মেলনের কার্যক্রমের অংশ হিসেবে অনুষ্ঠিত 'বাংলাদেশ ও আফ্রিকার মধ্যকার বাণিজ্য এবং বিনিয়োগ সহযোগিতা' শীর্ষক ওয়েবিনারে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পরিকল্পনা মন্ত্রী এম এ মান্নান, এমপি প্রধান অতিথি এবং রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি)-এর ভাইস চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা এ এইচ এম আহসান বিশেষ অতিথি হিসেবে যোগদান করেন।

: আইসিএবি আয়োজিত 'দায়িত্বশীল ব্যবসায়িক কর্মকান্ডের প্রসারের মাধ্যমে প্রতিষ্ঠানের প্রাতিষ্ঠানিক মূল্য বৃদ্ধি' শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত।

৩১ অক্টোবর ২০২১ : বাণিজ্য মন্ত্রণালয় এবং ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) যৌথভাবে আয়োজিত 'বাংলাদেশ ট্রেড অ্যান্ড ইনভেস্টমেন্ট সামিট ২০২১' শীর্ষক সপ্তাহব্যাপী আন্তর্জাতিক বাণিজ্য সম্মেলনের কার্যক্রমের অংশ হিসেবে অনুষ্ঠিত 'দীর্ঘমেয়াদী ঋণ ব্যবস্থাপনার মাধ্যমে বাংলাদেশের অবকাঠামো খাতে অর্থায়ন ঘাটতি পূরণ' শীর্ষক ওয়েবিনারে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ বিষয়ক উপদেষ্টা সালমান ফজলুর রহমান, এমপি প্রধান অতিথি এবং প্রাক্তন মুখ্য সচিব ও ক্যাপিটাল মার্কেট স্টাবিলাইজেশন ফান্ড (সিএমএসএফ)-এর চেয়ারম্যান মোঃ নজিবুর রহমান বিশেষ অতিথি হিসেবে যোগদান করেন।

০১ নভেম্বর ২০২১ : ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান এবং ক্যাপিটাল মার্কেট সাসটেইনএ্যাবল ফান্ড (সিএমএসএফ)'র চেয়ারম্যান মোঃ নজিবুর রহমান ও সিএমএসএফ'র পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দের মধ্যকার মতিবিনিময় সভা অনুষ্ঠিত।

: বাণিজ্য মন্ত্রণালয় এবং ঢাকা চেম্বার যৌথভাবে আয়োজিত 'বাংলাদেশ ট্রেড অ্যান্ড ইনভেস্টমেন্ট সামিট ২০২১'-এর সমাপনী প্রেস ব্রিফিং-এ ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান, সহ-সভাপতি মনোয়ার হোসেন এবং পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ অংশগ্রহণ করেন।

: ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমানের সভাপতিত্বে ডিসিসিআই পরিচালনা পর্ষদের ১০ম সভা অনুষ্ঠিত।

০২ নভেম্বর ২০২১ : বাংলাদেশে নিযুক্ত থাইল্যান্ডের রাষ্ট্রদূত মান্যবর মাকাওয়াদে সুমিতমোর ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান এবং সহ-সভাপতি মনোয়ার হোসেন-এর সাথে সাক্ষাৎ করেন।

০৭ নভেম্বর ২০২১ : আইসিসি বাংলাদেশ-এর নির্বাহী কমিটির ৮৪তম ভার্চুয়াল সভায় ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমানের অংশগ্রহণ।

: ডিসিসিআই পরিচালক হোসেন এ সিকদার-এর সভাপতিত্বে 'রিয়েল এস্টেট ইনক্লুডিং আরবানাইজেশন অ্যান্ড ডিসেন্ট্রালাইজেশন' স্ট্যান্ডিং কমিটির ৩য় সভা অনুষ্ঠিত।

০৮ নভেম্বর ২০২১ : জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)-এর স্টিয়ারিং কমিটির সভায় ডিসিসিআই পরিচালক মোঃ রাশেদুল করিম মুন্না যোগদান করেন।

৯ নভেম্বর ২০২১ : 'বার্ষিক প্রতিবেদন ২০২১ পরীক্ষা-নিরীক্ষা ও এর মুদ্রণ এবং ২০২০-২১ অর্থ বৎসরের খসড়া অডিট রিপোর্ট পরীক্ষা-নিরীক্ষা' সংক্রান্ত ওয়ার্কিং কমিটির ১ম সভায় ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, সহ-সভাপতি মনোয়ার হোসেন, পরিচালক গোলাম জিলানী, হোসেন এ সিকদার, মোঃ সাহিদ হোসেন অংশগ্রহণ করেন।

১৩ নভেম্বর ২০২১ : প্রধানমন্ত্রীর কার্যালয় আয়োজিত 'লজেস্টিক ইনফ্রাস্ট্রাকচার ওয়ার্কিং কমিটি'-এর ২য় সভায় ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমানের যোগদান।

১৪ নভেম্বর ২০২১ : সংযুক্ত আরব আমিরাতের অর্থনীতি ও বাণিজ্য বিষয়ক সহাকরী মন্ত্রী আব্দুল নাসের আল সালি-এর সাথে ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান সাক্ষাৎ করেন।

: ডিসিসিআই 'আইটি, আইসিটি, টেলিকম অ্যান্ড ফোর্থ আইআর টেকনোলোজি' স্ট্যান্ডিং কমিটির ৪র্থ সভায় পরিচালক গোলাম জিলানী অংশগ্রহণ করেন।

১৫ নভেম্বর ২০২১ : ভারতের নয়াদিল্লী ভিত্তিক জেট্রো'র পলিসি ডিরেক্টর এবং জাপান সরকারের অর্থনীতি, বাণিজ্য ও শিল্প মন্ত্রণালয়ের দক্ষিণ এশিয়া অঞ্চলের প্রতিনিধি তাকুমা ওটাকি-এর সাথে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমানের বৈঠক অনুষ্ঠিত। ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফএিস, এফসিএ, সহ-সভাপতি মনোয়ার হোসেন এ সময় উপস্থিত ছিলেন।

: 'বার্ষিক প্রতিবেদন ২০২১ পরীক্ষা-নিরীক্ষা ও এর মুদ্রণ এবং ২০২০-২১ অর্থ বৎসরের খসড়া অডিট রিপোর্ট পরীক্ষা-নিরীক্ষা' সংক্রান্ত ওয়ার্কিং কমিটির ২য় সভায় ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, সহ-সভাপতি মনোয়ার হোসেন, পরিচালক গোলাম জিলানী, মোঃ রাশেদুল করিম মুন্না অংশগ্রহণ করেন।

: ডিসিসিআই নির্বাহী সচিব মোঃ জয়নাল আব্দীন, যুগ্ম নির্বাহী সচিব এএইচএম মানিরুজ্জামান বাংলাদেশস্থ স্পেনের দূতাবাসের কমার্শিয়াল কাউন্সিলরের সাথে সাক্ষাৎ করেন।

১৬ নভেম্বর ২০২১ : ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'ইন্সটিটিউট অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন (আইবিএ)' এবং ডিসিসিআই-এর মধ্যকার সহযোগিতা স্মারক স্বাক্ষর। ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান, ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ, সহ-সভাপতি মনোয়ার হোসেন, পরিচালক গোলাম জিলানী অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

: বিডা কর্তৃক 'ইন্টারন্যাশনাল ইনভেস্টমেন্ট সামিট ২০২১' আয়োজন উপলক্ষে প্রস্তুতিমূলক সভায় ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমানের অংশগ্রহণ।

: ইন্ডিয়ান ওশেন রিম এসোসিয়েশন (আইওআরএ)-এর ২১তম সভা উপলক্ষে অনুষ্ঠিত নৈশভোজ সভায় ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমানের অংশগ্রহণ।

১৮ নভেম্বর ২০২১ : বাংলাদেশ সফররত দক্ষিণ আফ্রিকার আর্ন্তজাতিক সম্পর্ক ও সহযোগিতা বিষয়ক মন্ত্রী ড. গ্রেস নালিডি মানডিসা পানডর-এর সম্মানে পররাষ্ট্র মন্ত্রণালয় আয়োজিত নৈশভোজ সভায় ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান অংশগ্রহণ করেন।

১৯-২৬ নভেম্বর ২০২১: সংযুক্ত আরব আমিরাতের দুবাইতে অনুষ্ঠিত '১২তম ওয়ার্ল্ড চেম্বার্স কংগ্রেস'-এ ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমানের যোগদান।

২০ নভেম্বর ২০২১ : আইসিসি বাংলাদেশ-এর শুলশান কার্যালয় উদ্বোধন অনুষ্ঠানে ঢাকা চেম্বারের ভারপ্রাপ্ত সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ অংশগ্রহণ করেন।

২১ নভেম্বর ২০২১ : 'ডিসিসিআই ফাইন্যান্স এ্যান্ড একাউন্টস-২০২১' বিষয়ক ম্যানেজমেন্ট কমিটির ১১তম সভা ভার্চুয়ালি অনুষ্ঠিত।

: 'ডিসিসিআই এমপ্লয়ীজ প্রভিডেন্ট ফান্ড ট্রাষ্টি বোর্ড'-এর ৩য় সভ ভার্চুয়ালি অনুষ্ঠিত।

: ডিসিসিআই নির্বাহী সচিব মোঃ জয়নাল আব্দীন, যুগ্ম নির্বাহী সচিব এএইচএম মানিরুজ্জামান বাংলাদেশস্থ থাইল্যান্ডে দূতাবাসের মিনিস্টার কাউন্সিলর (কমার্শিয়াল)-এর সাথে সাক্ষাৎ করেন।

: ডিসিসিআই উপ-নির্বাহী সচিব মোসলেম উদ্দিন 'রপ্তানি নীতিমালা ২০১৮-১৯, আমদানি নীতি আদেশ ২০১৫-১৮, শিল্পনীতি ২০১৬, চামড়া ও চামড়াজাত পণ্য উন্নয়ন নীতিমালা ২০১৯' বিষয়ক ওয়ার্কশপে অংশগ্রহণ করেন।

২৩ নভেম্বর ২০২১ : 'কাস্টমস্, ভ্যাট, ট্যাক্সেশন অ্যান্ড এনবিআর রিলেটেড ইস্যুস্' বিষয়ক স্ট্যান্ডিং কমিটির ৫ম সভা ভার্চুয়ালি অনুষ্ঠিত।

২৪ নভেম্বর ২০২১ : ডিসিসিআই মহাসচিব আফসারুল আরিফিন, নির্বাহী সচিব মোঃ জয়নাল আব্দীন, যুগ্ম-নির্বাহী সচিব (প্রজেক্ট) খন্দ. আনোয়ার কামাল ইকো-প্রকল্পের কর্মকর্তাবৃন্দের সাথে বৈঠকে যোগদান করেন।

২৫ নভেম্বর ২০২১ : ডিসিসিআই যুগ্ম-নির্বাহী সচিব (প্রজেক্ট) খন্দ. আনোয়ার কামাল বাণিজ্য মন্ত্রণালয় আয়োজিত 'গ্রান্ট এ্যাডভাইজরি কমিটি'-এর ৯ম সভায় যোগদান করেন।

২৮ নভেম্বর ২০২১ : বিডা আয়োজিত 'ইন্টারন্যাশনাল ইনভেস্টমেন্ট সামিট বাংলাদেশ ২০২১'-এর উদ্বোধনী অনুষ্ঠানে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমানের অংশগ্রহণ।

২৯ নভেম্বর ২০২১ : বাংলাদেশ সফররত তুরস্কের বাণিজ্য প্রতিনিধিদলের সাথে ঢাকা চেম্বারের পরিচালনা পর্ষদের দ্বিপাক্ষিক বাণিজ্য আলোচনা সভা অনুষ্ঠিত।

: ডিসিসিআই পরিচালনা পর্ষদের ১১তম সভা অনুষ্ঠিত।

: বিডা আয়োজিত আন্তর্জাতিক বিনিয়োগ সম্মেলনের 'ইলেক্ট্রিকাল, ইলেকট্রনিক্স ম্যানুফেকচারিং অ্যান্ড প্লাস্টিক' শীর্ষক কারিগরি সেশনে সঞ্চালনা করেন ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান।

৩০ নভেম্বর ২০২১ : ক্লাইমেট ভালনারেভল ফোরাম'র মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ দূত আবুল কালাম আজাদ-এর সাথে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমানের বৈঠক অনুষ্ঠিত।

: ডিসিসিআই নির্বাহী সচিব মোঃ জয়নাল আব্দীন, যুগ্ম নির্বাহী সচিব এএইচএম মানিরুজ্জামান বাংলাদেশস্থ নেপাল দূতাবাসের কর্মকর্তাবৃন্দের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন।

০২ ডিসেম্বর ২০২১ : 'বার্ষিক প্রতিবেদন ২০২১ পরীক্ষা-নিরীক্ষা ও এর মুদ্রণ এবং ২০২০-২১ অর্থ বৎসরের খসড়া অডিট রিপোর্ট পরীক্ষা-নিরীক্ষা' সংক্রান্ত ওয়ার্কিং কমিটির ৩য় সভায় ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, সহ-সভাপতি মনোয়ার হোসেন এবং পরিচালক মোঃ জিয়া উদ্দিন অংশগ্রহণ করেন।

০৭ ডিসেম্বর ২০২১ : ভারতের পররাষ্ট্র মন্ত্রী হর্ষ বর্ধন শ্রিংলা-এর সম্মানে পররাষ্ট্র মন্ত্রণালয় আয়োজিত নৈশভোজ অনুষ্ঠানে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমানের অংশগ্রহণ।

০৮ ডিসেম্বর ২০২১ : ডিসিসিআই-এর 'কন্সটিটিউশন, মেম্বারশীপ, এ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড এইচআর' বিষয়ক বিশেষ কমিটির ৩য় সভা অনুষ্ঠিত।

: প্রধামন্ত্রীর কার্যালয় আয়োজিত 'স্বল্পোন্নত দেশ হতে বাংলাদেশের উত্তোরণ: করণীয় নির্ধারণ' বিষয়ক সভায় ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান যোগদান করেন।

: 'বার্ষিক প্রতিবেদন ২০২১ পরীক্ষা-নিরীক্ষা ও এর মুদ্রণ এবং ২০২০-২১ অর্থ বৎসরের খসড়া অডিট রিপোর্ট পরীক্ষা-নিরীক্ষা' সংক্রান্ত ওয়ার্কিং কমিটির ৪র্থ সভায় ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, সহ-সভাপতি মনোয়ার হোসেন এবং পরিচালক গোলাম জিলানী, হোসেন এ সিকদার এবং মোঃ সাহিদ হোসেন অংশগ্রহণ করেন।

০৯ ডিসেম্বর, ২০২১ : বাংলাদেশ নৌবাহিনীর প্রধান এ্যাডমিরাল এম শাহিন ইকবাল, এনবিপি, এনইউপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি-এর সাথে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমানের সাক্ষাৎ অনুষ্ঠিত। ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ ও সহ-সভাপতি মনোয়ার হোসেন এ সময় উপস্থিত ছিলেন।

: বিল্ড এবং ইআরএফ যৌথভাবে আয়োজিত 'আয়কর আইন ২০২২' শীর্ষক ডায়ালগের আলোচক হিসেবে ঢাকা চেম্বারেরর সভাপতি রিজওয়ান রাহমানের যোগদান।

: বিএফটিআই'র 'মেইড ইন বাংলাদেশ' শীর্ষক প্রচারনামূলক কার্যক্রম উপলক্ষে আয়োজিত নেটওয়ার্কিং সেশনে ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমানের অংশগ্রহণ।

১১ ডিসেম্বর ২০২১ : গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় বাণিজ্য মন্ত্রী টিপু মুনশি, এমপি এবং মাননীয় প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ বিষয়ক উপদেষ্টা সালমান ফজলুর রহমান, এমপি রাজধানীর শুলশানে ঢাকা চেম্বারের নিজস্ব কার্যালয় 'ডিসিসিআই শুলশান সেন্টার' উদ্বোধন করেন। ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান, ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ, সহ-সভাপতি মনোয়ার হোসেন, পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ এবং প্রাক্তন সভাপতিবৃন্দ উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

: বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং শিক্ষা মন্ত্রণালয় যৌথভাবে আয়োজিত 'ইন্ডাস্ট্রি-একাডেমিয়া লিংকেজ : চতুর্থ শিল্প বিপ্লব প্রেক্ষিত' শীর্ষক সেমিনারে আলোচক হিসেবে ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমানের অংশগ্রহণ।

১২ ডিসেম্বর ২০২১ : জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)-এর চেয়ারম্যান আবু হেনা মোঃ রহমাতুল মুনিম কর্তৃক 'ডিসিসিআই ট্যাক্স গাইড ২০২১-২২'-এর মোড়ক উন্মোচন। ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান, ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ ও সহ-সভাপতি মনোয়ার হোসেন এ সময় উপস্থিত ছিলেন।

: বিডা আয়োজিত 'অনলাইন পোর্টাল ওয়ান-স্টপ সার্ভিস (ওএসএস)' কার্যক্রমের উদ্বোধন অনুষ্ঠানে ডিসিসিআই'র ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ অংশগ্রহণ করেন।

১৩ ডিসেম্বর ২০২১ : বাংলাদেশ সফররত কনফেডারেশন অফ নেপালীজ ইন্ডাস্ট্রিজ (সিএনআই)-এর প্রতিনিধিদলের সম্মানে ডিসিসিআই'র নৈশভোজ সভা অনুষ্ঠিত।

১৪ ডিসেম্বর ২০২১ : কনফেডারেশন অফ নেপালীজ ইন্ডাস্ট্রিজ (সিএনআই)-এর প্রতিনিধিদলের সদস্যবৃন্দের সাথে ঢাকা চেম্বারের পরিচালনা পর্ষদের বিটুবি ম্যাচ-মেকিং অনুষ্ঠিত।

১৫-১৮ ডিসেম্বর ২০২১ : সংযুক্ত আরব আমিরাতে 'এক্সপো ২০২০ দুবাই' উপলক্ষে অনুষ্ঠিত 'বাংলাদেশ কান্ট্রি ডে অ্যান্ড কান্ট্রি বিজনেস' শীর্ষক অনুষ্ঠানে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমানের অংশগ্রহণ।

DCCI ACTIVITIES *at a Glance 2021*

1st DCCI Business Conclave-2021

234 Local and Foreign Businesses	132 B2B Sessions	9 Countries	USD 52 mln Investment Potential	Dignitaries 34

Overall 6 Budget Recommendation Implemented

2.50% Corporate Tax Reduced

0.25% from 0.5% Reduced Gross Receipt tax

Bangladesh Trade & Investment Summit-2021

38 Countries	552 Local and Foreign Businesses	369 B2B Sessions	82% B2B Execution Rate

Potential Investment Size: USD 1.16 billion

Joint Venture 20 Interests from 13 countries	Export Potentials 26 products to 14 countries	Import 29 products from 13 countries	01 Contract in Manufacturing

Policy Recommendation through Webinar/Seminar



Studies conducted by DCCI in 2021

- CMSME Financing for post COVID-19 Recovery
- Skill requirements for post COVID-19 recovery of CMSME
- Export Diversification upon LDC Graduation.
- Local Market Development upon LDC Graduation.

Expenditure
Tk. 89,237,609

Income
Tk. 146,840,946

633
New Membership

4,325
Total Membership

Meeting attended by President



Call on meeting by DCCI President & BOD



National Policy Recommendations



Membership



Events



MoU Signed



5
International Trade Policy Advocacy

27
Regional Meetings with International Chambers

50
Economic Diplomacy Meetings with 50 Countries

5
Long Courses with 2 new in DBI

ডিসিসিআই-এর বর্ষব্যাপী কিছু উল্লেখযোগ্য মুহূর্ত

০৫ জানুয়ারি, ২০২১ তারিখে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত বাংলাদেশে প্রথমবারের মত সর্ববৃহৎ অনলাইন ভিত্তিক বিটুবি সম্মেলন 'ডিসিসিআই বিজনেস কনক্লেভ ২০২১'-এর উদ্বোধনী সেশনে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পররাষ্ট্র মন্ত্রী ড. এ. কে. আব্দুল মোমেন, এমপি এবং বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)-এর নির্বাহী চেয়ারম্যান মোঃ সিরাজুল ইসলাম যথাক্রমে প্রধান অতিথি এবং বিশেষ অতিথি হিসেবে যোগদান করেন। ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী সেশনে ঢাকা চেম্বারের প্রাক্তন সভাপতি শামস মাহমুদ, উর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস এফসিএ এবং সহ-সভাপতি মনোয়ার হোসেন এবং বিল্ড-এর চেয়ারপার্সন আবুল কাসেম খান অংশগ্রহণ করেন।

বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)-এর নির্বাহী চেয়ারম্যান মোঃ সিরাজুল ইসলাম (ডান থেকে দ্বিতীয়) কে 'জেনেসিস অফ ডিসিসিআই' গ্রন্থ উপহার দিচ্ছেন ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান (বাম থেকে দ্বিতীয়)। ৪ জানুয়ারি, ২০২১ তারিখের ছবিতে ডিসিসিআই উর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ (ডানে) এবং সহ-সভাপতি মনোয়ার হোসেন (বামে) উপস্থিত রয়েছেন।

বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি, এমপি (ডান থেকে দ্বিতীয়) কে 'জেনেসিস অফ ডিসিসিআই' গ্রন্থ উপহার দিচ্ছেন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)-এর সভাপতি রিজওয়ান রাহমান (বাম থেকে দ্বিতীয়)। ১১ জানুয়ারি, ২০২১ তারিখের ছবিতে ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ (বামে) এবং সহ-সভাপতি মনোয়ার হোসেন (ডানে) কে দেখা যাচ্ছে।

ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান (ডান থেকে তৃতীয়) ২৩ জানুয়ারি, ২০২১ তারিখে আয়োজিত 'সংবাদ সম্মেলন'-এ বক্তব্য রাখছেন। ঢাকা চেম্বারের ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ (বামে) এবং সহ-সভাপতি মনোয়ার হোসেন (ডানে) ছবিতে উপস্থিত রয়েছেন।

ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান (বাম থেকে তৃতীয়)-এর সাথে মতবিনিময় করছেন বাংলাদেশে নিযুক্ত পাকিস্তানের মান্যবর হাইকমিশনার ইমরান আহমেদ সিদ্দীকি (ডান থেকে দ্বিতীয়)। ১৩ জানুয়ারি, ২০২১ তারিখের ছবিতে ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ (বাম থেকে দ্বিতীয়), সহ-সভাপতি মনোয়ার হোসেন (বামে) এবং পাকিস্তান দূতাবাসের কমার্শিয়াল সেক্রেটারি মোহাম্মদ সুলেমান খান (ডানে) কে দেখা যাচ্ছে।

বাংলাদেশে নিযুক্ত মিশরের রাষ্ট্রদূত মান্যবর হিথাম গোবাসি (বাম থেকে দ্বিতীয়) কে 'জেনেসিস অব ডিসিসিআই' গ্রন্থ উপহার দিচ্ছেন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) সভাপতি রিজওয়ান রাহমান (ডান থেকে দ্বিতীয়)। ২৭ জানুয়ারি, ২০২১ তারিখের ছবিতে ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ (ডানে) এবং সহ-সভাপতি মনোয়ার হোসেন (বামে) কে দেখা যাচ্ছে।

প্রবাসী বাংলাদেশীদের নিজ দেশে ব্যবসায়িক কার্যক্রম শুরু ও বিনিয়োগ বিষয়ক ধারণা প্রদানের লক্ষ্যে ডিসিসিআই এবং দক্ষিণ কোরিয়ায় অবস্থিত বাংলাদেশ দূতাবাস যৌথভাবে আয়োজিত ২ দিনব্যাপী অনলাইন ভিত্তিক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠান ১০ জানুয়ারি, ২০২১ তারিখে ভার্চুয়ালি অনুষ্ঠিত হয়, যেখানে বাংলাদেশ সরকারের 'বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড-এর ব্যবস্থাপনা পরিচালক মোঃ সাইফুল হাসান বাদল এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক (কনস্যুলার এবং ওয়েলফেয়ার উইং) এফ এম বোরহান উদ্দিন যথাক্রমে প্রধান অতিথি ও বিশেষ অতিথি হিসেবে যোগদান করেন। ডিসিসিআই'র সভাপতি রিজওয়ান রাহমান অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

৩০ জানুয়ারি, ২০২১ তারিখে অনুষ্ঠিত ঢাকা চেম্বারের সমন্বয়কারী পরিচালক, আহ্বায়ক এবং যুগ্ম-আহ্বায়কবৃন্দের সমন্বয় সভার ছবিতে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান, ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ, সহ-সভাপতি মনোয়ার হোসেন সহ প্রাক্তন সভাপতিবৃন্দ উপস্থিত রয়েছেন।

২৫ জানুয়ারি, ২০২১ তারিখে অনুষ্ঠিত ডিসিসিআই এবং জর্ডানে অবস্থিত বাংলাদেশের দূতাবাসের মধ্যকার ভার্চুয়াল মতবিনিময় সভায় ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান, জর্ডানে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত নাহিদা সোবহান এবং দূতাবাসের ফার্স্ট সেক্রেটারি মোঃ বশির অংশগ্রহণ করেন।

১৯ জানুয়ারি, ২০২১ তারিখে ডিসিসিআই ফাউন্ডেশনের পক্ষ হতে শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করছেন ডিসিসিআই সহ-সভাপতি মনোয়ার হোসেন (ডান থেকে তৃতীয়) এবং প্রাক্তন সহ-সভাপতি এম আবু হোরায়রাহ্ (ডান থেকে দ্বিতীয়)।

২৭ জানুয়ারি, ২০২১ তারিখে অনুষ্ঠিত পাকিস্তানের রাওয়ালপিন্ডি চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি আয়োজিত 'আরসিসিআই ইন্টারন্যাশনাল চেম্বার্স সামিট'-এ গেস্ট স্পিকার হিসাবে ভার্চুয়ালি বক্তব্য রাখছেন ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন, এমপি (ডান থেকে নবম) কে 'জেনেসিস অফ ডিসিসিআই' গ্রন্থ উপহার দিচ্ছেন ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান (ডান থেকে অষ্টম)। ০১ ফেব্রুয়ারি, ২০২১ তারিখের ছবিতে শিল্প সচিব কে এম আলী আজম (বাম থেকে নবম), ডিসিসিআই উর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ (বাম থেকে অষ্টম), সহ-সভাপতি মনোয়ার হেসেন (ডান থেকে সপ্তম) এবং পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দকে দেখা যাচ্ছে।

মাননীয় প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ বিষয়ক উপদেষ্টা সালমান ফজলুর রহমান এমপি (বাম থেকে সপ্তম) কে 'জেনেসিস অফ ডিসিসিআই' গ্রন্থ উপহার দিচ্ছেন ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান (ডান থেকে অষ্টম)। ২৫ ফেব্রুয়ারি, ২০২১ তারিখের ছবিতে ডিসিসিআই উর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ (বাম থেকে ষষ্ঠ) এবং সহ-সভাপতি মনোয়ার হোসেন (বাম থেকে পঞ্চম) সহ পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দকে দেখা যাচ্ছে।

১৬ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে ডিসিসিআই আয়োজিত 'বেসরকারি খাতের দৃষ্টিতে বাংলাদেশের অর্থনীতির বর্তমান ও ভবিষ্যৎ' শীর্ষক ওয়েবিনারে মাননীয় প্রধানমন্ত্রীর অর্থনীতি বিষয়ক উপদেষ্টা ড. মসিউর রহমান প্রধান অতিথি হিসেবে যোগদান করেন। ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর সভাপতিত্বে অনুষ্ঠিত ওয়েবিনারে বাংলাদেশ ব্যাংক-এর সাবেক গভর্ণর ড. আতিউর রহমান, পলিসি রিসার্চ ইন্সটিটিউট (পিআরআই)-এর নির্বাহী পরিচালক ড. আহসান এইচ মনসুর এবং পলিসি এক্সচেঞ্জ-এর চেয়ারম্যান ড. এম মাশরুর রিয়াজ নির্ধারিত আলোচক হিসেবে যোগদান করেন।

২৭ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে ডিসিসিআই আয়োজিত 'শিল্প-শিক্ষাখাতের সমন্বয়: নতুন সম্ভাবনার দিগন্ত' শীর্ষক ওয়েবিনারে মাননীয় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি, এমপি প্রধান অতিথি এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন-এর চেয়ারম্যান প্রফেসর ড. কাজী শহীদুল্লাহ বিশেষ অতিথি হিসেবে যোগদান করেন। ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর সভাপতিত্বে অনুষ্ঠিত ওয়েবিনারে এ্যাপেক্স ফুটওয়্যার লিমিটেড-এর ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ নাসিম মঞ্জুর, বুয়েট-এর 'রিসার্চ অ্যান্ড ইনোভেশন সেন্টার ফর সাইন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং'-এর পরিচালক প্রফেসর ড. মোহাম্মদ আনিসুজ্জামান তালুকদার, মেঘনা গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ-এর পরিচালক তাহমিনা বিনতে মোস্তফা এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'ইন্সটিটিউট অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন'-এর অধ্যাপক ও পরিচালক ড. সৈয়দ ফারহাত আনোয়ার অংশগ্রহণ করেন।

শিল্প সচিব কে এম আলী আজম (ডানে)-এর নিকট প্রস্তাবিত শিল্পনীতি-২০২১ এর উপর ডিসিসিআই'র প্রস্তাবনা হস্তান্তর করছেন ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান (মাঝে)। ১৬ ফেব্রুয়ারি, ২০২১ তারিখের ছবিতে ডিসিসিআই সহ-সভাপতি মনোয়ার হোসেন (বামে) উপস্থিত রয়েছেন।

বাংলাদেশে নিযুক্ত যুক্তরাজ্যের হাইকমিশনার মান্যবর রবার্ট চ্যাটারটন ডিকসন (ডান থেকে দ্বিতীয়)-এর সাথে মতবিনিময় করছেন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) সভাপতি রিজওয়ান রাহমান (বাম থেকে তৃতীয়)। ০৯ ফেব্রুয়ারি, ২০২১ তারিখের সৌজন্য সাক্ষাৎকার অনুষ্ঠানের ছবিতে ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ (বাম থেকে দ্বিতীয়), সহ-সভাপতি মনোয়ার হোসেন (বামে) এবং বৃটিশ দূতাবাসের বেসরকারি খাতের উন্নয়ন বিষয়ক কর্মকর্তা মহেশ মিশ্রা (ডানে) কে দেখা যাচ্ছে।

বাংলাদেশে নিযুক্ত ভারতের হাইকমিশনার মান্যবর বিক্রম কে দোরাইস্বামী (প্রথম সারিতে, ডান থেকে চতুর্থ) কে 'জেনেসিস অফ ডিসিসিআই' গ্রন্থ উপহার দিচ্ছেন ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান (প্রথম সারিতে, বাম থেকে পঞ্চম)। ২৩ ফেব্রুয়ারি, ২০২১ তারিখের ছবিতে ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ (ডান থেকে তৃতীয়) এবং সহ-সভাপতি মনোয়ার হোসেন (বাম থেকে চতুর্থ) সহ পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দকে দেখা যাচ্ছে।

বাংলাদেশে নিযুক্ত তুরস্কের রাষ্ট্রদূত মান্যবর মোস্তাফা ওসমান তুরান (ডান থেকে দ্বিতীয়)-এর সাথে মতবিনিময় করছেন ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান (বাম থেকে তৃতীয়)। ০২ ফেব্রুয়ারি, ২০২১ তারিখের ছবিতে ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ (বাম থেকে দ্বিতীয়), সহ-সভাপতি মনোয়ার হোসেন (বামে) এবং তুরস্ক দূতাবাসের কমার্শিয়াল কাউন্সিলর কেনান কালায়চি (ডানে) উপস্থিত রয়েছেন।

সিঙ্গাপুর এবং বাংলাদেশের মধ্যকার দ্বিপাক্ষিক বাণিজ্য সম্পর্ক উন্নয়নে বাংলাদেশে নিযুক্ত সিঙ্গাপুরের কনস্যুল শিলা পিল্লাই (ডান থেকে দ্বিতীয়) এর সাথে মতবিনিময় করছেন ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান (বাম থেকে দ্বিতীয়)। ১৭ ফেব্রুয়ারি, ২০২১ তারিখের সভায় ডিসিসিআই উর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ (বামে) এবং সহ-সভাপতি মনোয়ার হোসেন (ডানে) এসময় উপস্থিত ছিলেন।

মালদ্বীপের মাননীয় পররাষ্ট্র মন্ত্রী আব্দুল্লাহ শহীদ (বামে)-এর সাথে কুশল বিনিময় করছেন ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান। ০৯ ফেব্রুয়ারি, ২০২১ তারিখের ছবিতে বাংলাদেশ সরকারের মাননীয় পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন, এমপি (মাঝে) কে দেখা যাচ্ছে।

মুজিব শতবর্ষ উদ্‌যাপন বিষয়ক জাতীয় বাস্তবায়ন কমিটির প্রধান সমন্বয়ক ড. কামাল আব্দুল নাসের চৌধুরী (বাম থেকে দ্বিতীয়) কে 'জেনেসিস অব ডিসিসিআই' গ্রন্থ উপহার দিচ্ছেন ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান (ডান থেকে দ্বিতীয়)। ১০ ফেব্রুয়ারি, ২০২১ তারিখের ছবিতে উর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ (বামে) এবং সহ-সভাপতি মনোয়ার হোসেন (ডানে) কে দেখা যাচ্ছে।

০৬ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ আয়োজিত 'স্বল্পোন্নত দেশের তালিকা হতে বাংলাদেশের টেকসই উত্তোরণের লক্ষ্যে বেসরকারি খাতের কার্যকর অংশগ্রহণ' শীর্ষক ওয়েবিনারে প্রধান অতিথি হিসেবে যোগদান করেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল, এমপি। ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান উক্ত আলোচনা অনুষ্ঠানে প্যানেল আলোচক হিসেবে যোগদান করেন।

পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) যৌথভাবে আয়োজিত 'অর্থনৈতিক অঞ্চল সমূহে বৈদেশিক বিনিয়োগ আকর্ষণে পররাষ্ট্র মন্ত্রণালয়ের ভূমিকা' শীর্ষক ওয়েবিনারে প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করেন পররাষ্ট্র মন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন, এমপি। ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান অনুষ্ঠানে গেস্ট স্পিকার হিসেবে যোগদান করেন, যেখানে বেজা'র নির্বাহী চেয়ারম্যান পবন চৌধুরী এবং বিদেশে অবস্থিত বাংলাদেশের দূতাবাস ও মিশন প্রধানগনসহ বেসরকারি খাতের প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন।

ডিসিসিআউ আয়োজিত 'বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে পুরোনো ঢাকার ব্যবসা-বাণিজ্যের সমস্যাসমূহ চিহ্নিতকরণ ও সমাধান' শীর্ষক মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান (মাঝে)। ১৩ ফেব্রুয়ারি, ২০২১ তারিখের সভায় ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ (বাম থেকে নবম) এবং সহ-সভাপতি মনোয়ার হোসেন (ডান থেকে দশম) সহ পুরোনো ঢাকার ব্যবসায়ী নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

ঢাকা চেম্বার আয়োজিত 'আয়কর ও মূসক' এর উপর আলোচনা সভায় বক্তব্য রাখছেন ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান (মাঝে)। ০৪ ফেব্রুয়ারি, ২০২১ তারিখের সভায় ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ, সহ-সভাপতি মনোয়ার হোসেন সহ অংশগ্রহণকারীদের দেখা যাচ্ছে।

শিল্প মন্ত্রণালয় কর্তৃক ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-কে প্রদত্ত 'ইন্সটিটিউশনাল এপ্রিশিয়েশন এ্যাওয়ার্ড ২০১৯'-এর ট্রফি ও সার্টিফিকেট হাতে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান (বামে) এবং ২০১৯ সালের সভাপতি ওসামা তাসীর (ডানে) কে ছবিতে দেখা যাচ্ছে।

১৩ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে অনুষ্ঠিত ডিবিআই গভার্ণিং বডির ভার্চুয়াল সভায় ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান, প্রাক্তন সভাপতি এম এইচ রহমান, প্রাক্তন সহ-সভাপতি খ. আতিক-ই-রাব্বানী, এফসিএ এবং প্রাক্তন পরিচালক দাতা মাগফুর সহ কমিটির অন্যান্য সদস্যবৃন্দ অংশগ্রহণ করেন।

০৬ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে অনুষ্ঠিত কনজুমার রাইট্স অ্যান্ড মার্কেট মনিটরিং স্ট্যান্ডিং কমিটির ১ম সভার ছবিতে সমন্বয়কারী পরিচালক আলহাজ্ব দীন মোহাম্মদ (ডান থেকে চতুর্থ), আহ্বায়ক, যুগ্ম-আহ্বায়ক ও কমিটির সদস্যবৃন্দ ছবিতে দেখা যাচ্ছে।

০৬ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে বাংলাদেশে চেম্বার অব ইন্ডাস্ট্রিজ (বিসিআই)-এর পুনঃনির্বাচিত সভাপতি আনোয়ারুল আলম পারভেজ (ডান থেকে তৃতীয়) কে ফুলেল শুভেচ্ছা প্রদান করছেন ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান (বাম থেকে তৃতীয়)। এ সময় বিসিআই এবং এফবিসিসিআই'র প্রাক্তন সভাপতি এ কে আজাদ (ডান থেকে দ্বিতীয়), ডিসিসিআই পরিচালক মোঃ জিয়া উদ্দিন (ডানে) সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

০৬ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে এক্সপোর্টেবল প্রোডাক্টস অ্যান্ড মার্কেট ডাইভার্সিফিকেশন স্ট্যান্ডিং কমিটির প্রথম সভায় ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান (বাম থেকে তৃতীয়), সহ-সভাপতি মনোয়ার হোসেন (ডান থেকে চতুর্থ) সহ কমিটির অন্যান্য সদস্যবৃন্দকে দেখা যাচ্ছে।

০৬ ফেব্রুয়ারি ২০২১ তারিখে অনুষ্ঠিত 'ইন্ডাস্ট্রি-একাডেমিয়া লিংকেজ অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট' স্ট্যান্ডিং কমিটির ১ম সভার ছবিতে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান (বাম থেকে তৃতীয়), সমন্বয়কারী পরিচালক গোলাম জিলানী (বাম থেকে দ্বিতীয়), আহ্বায়ক মোহাম্মদ সাইফুর রহমান সাইফ (ডান থেকে চতুর্থ) সহ কমিটির অন্যান্য সদস্যবৃন্দকে দেখা যাচ্ছে।

২০ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে অনুষ্ঠিত 'প্রিন্টিং অ্যান্ড পাবলিসিং সেক্টর' স্ট্যান্ডিং কমিটির ১ম সভার ছবিতে সমন্বয়কারী পরিচালক মোঃ সাহিদ হোসেন (মাঝে), আহ্বায়ক মোঃ আব্দুল হামিদ (ডান থেকে দ্বিতীয়), যুগ্ম-আহ্বায়ক মোঃ শামীম ভূইয়্যা (বাম থেকে তৃতীয়) সহ কমিটির অন্যান্য সদস্যবৃন্দকে দেখা যাচ্ছে।

২০১৯-২০ অর্থবছরে ঢাকা কর অঞ্চল-৪ এর সেরা করদাতা হিসেবে কর কমিশনারের নিকট থেকে ১৬ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে ক্রেস্ট গ্রহণ করছেন ঢাকা চেম্বারের পরিচালক মোঃ সাহিদ হোসেন (ডানে)।

জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)-এর চেয়ারম্যান আবু হেনা মোঃ রহমাতুল মুনিম (বাম থেকে দ্বিতীয়) কে 'জেনেসিস অফ ডিসিসিআই' গ্রন্থ উপহার দিচ্ছেন ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান (ডান থেকে দ্বিতীয়)। ০৩ মার্চ, ২০২১ তারিখের ছবিতে ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ (বামে) এবং সহ-সভাপতি মনোয়ার হোসেন (ডানে) কে দেখা যাচ্ছে।

বাংলাদেশে নিযুক্ত নেদারল্যান্ডের রাষ্ট্রদূত মান্যবর হ্যারি ভ্যারওয়েজ (বাম থেকে দ্বিতীয়) কে 'জেনেসিস অফ ডিসিসিআই' গ্রন্থ উপহার দিচ্ছেন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) সভাপতি রিজওয়ান রাহমান (ডান থেকে দ্বিতীয়)। ১৪ মার্চ, ২০২১ তারিখে সৌজন্য সাক্ষাৎ এর ছবিতে ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ (বামে) এবং সহ-সভাপতি মনোয়ার হোসেন (ডানে) কে দেখা যাচ্ছে।

বাংলাদেশে নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত মান্যবর আর্ল আর মিলার (প্রথম সারিতে, বাম থেকে তৃতীয়) কে 'জেনেসিস অফ ডিসিসিআই' গ্রন্থ উপহার দিচ্ছেন ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান (প্রথম সারিতে, ডান থেকে তৃতীয়)। ২১ মার্চ, ২০২১ তারিখের ছবিতে ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ (প্রথম সারিতে, বাম থেকে দ্বিতীয়), সহ-সভাপতি মনোয়ার হোসেন (প্রথম সারিতে, বামে), পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ এবং মার্কিন দূতাবাসের ইকোনোমিক এন্ড ইন্দো-প্যাসিফিক অ্যাফেয়ার্স ইউনিট চিফ জন ডি. ডানহাম (প্রথম সারিতে, ডান থেকে দ্বিতীয়), ইউএসএআইডি-এর ইকোনোমিক গ্রোথ অফিস-এর পরিচালক জন স্মিথ শ্রীন (প্রথম সারিতে, ডানে) উপস্থিত রয়েছেন।

০২ মার্চ, ২০২১ তারিখে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন-এর মেয়র ব্যারিষ্টার শেখ ফজলে নূর তাপস (বাম থেকে দ্বিতীয়) কে 'জেনেসিস অফ ডিসিসিআই' গ্রন্থ উপহার দিচ্ছেন ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান (ডান থেকে দ্বিতীয়)। এ সময় ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ (ডানে) এবং সহ-সভাপতি মনোয়ার হোসেন (বামে) উপস্থিত ছিলেন।

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন-এর মেয়র মোঃ আতিকুল ইসলাম (বাম থেকে দ্বিতীয়) কে 'জেনেসিস অফ ডিসিসিআই' গ্রন্থ উপহার দিচ্ছেন ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান (বামে)। ০৪ মার্চ, ২০২১ তারিখের ছবিতে ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ (ডান থেকে দ্বিতীয়) এবং সহ-সভাপতি মনোয়ার হোসেন (ডানে) কে দেখা যাচ্ছে।

০৭ মার্চ, ২০২১ তারিখে বাংলাদেশ সফররত ভারতের বাণিজ্য সচিব অনুপ ওয়াদহান (মাঝে)-এর সম্মানে বাংলাদেশস্থ ভারতীয় দূতাবাস আয়োজিত নৈশভোজে ভারতের হাইকমিশনার মান্যবর বিক্রম কে দোরাইস্বামী (ডানে) এবং ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান (বামে) কে দেখা যাচ্ছে।

এসএমই ফাউন্ডেশনের চেয়ারম্যান ড. মোঃ মাসুদুর রহমান (ডান থেকে তৃতীয়)-এর সাথে সাক্ষাৎ শেষে 'জেনেসিস অফ ডিসিসিআই' গ্রন্থ উপহার দিচ্ছেন ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান (বাম থেকে তৃতীয়)। ২২ মার্চ ২০২১ তারিখের ছবিতে ঢাকা চেম্বারের উর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ (বাম থেকে দ্বিতীয়), সহ-সভাপতি মনোয়ার হোসেন (বামে), পরিচালক মোঃ রাশেদুল করিম মুন্না (ডানে) এবং এসএমই ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক ড. মোঃ মফিজুর রহমান (ডান থেকে দ্বিতীয়) কে এ সময় দেখা যাচ্ছে।

০৯ মার্চ, ২০২১ তারিখে রাজধানীর সোনারগাঁও হোটেলে মনিটর ম্যাগাজিন আয়োজিত 'ট্রাভেল অ্যান্ড টেকনোলোজি: ইমার্জিং অফ ওটিএস ইন বাংলাদেশ' শীর্ষক সেমিনারে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান।

ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান (ডান থেকে চতুর্থ) কে ফুলেল শুভেচ্ছা জানাচ্ছেন ডিএসই ব্রোকার্স এসোসিয়েশন অফ বাংলাদেশ-এর সভাপতি সাইফ আনোয়ার হোসেন (বাম থেকে পঞ্চম)। ০৮ মার্চ, ২০২১ তারিখের ছবিতে ডিসিসিআই সহ-সভাপতি মনোয়ার হোসেন (ডান থেকে তৃতীয়) সহ ডিএসই ব্রোকার্স এসোসিয়েশন অফ বাংলাদেশ-এর প্রতিনিধিদলের সদস্যবৃন্দকে দেখা যাচ্ছে।

ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড আয়োজিত 'বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী : জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ভিশন এবং বাংলাদেশ পুঁজিবাজারের অর্জন ও সম্ভাবনা' শীর্ষক ওয়েবিনারে বিশেষ আলোচক হিসেবে অংশগ্রহণ করেন ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান। ২৩ মার্চ, ২০২১ তারিখে আয়োজিত ওয়েবিনারে প্রধান অতিথি হিসেবে যোগদান করেন মাননীয় অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল, এম.পি.।

০৬ মার্চ, ২০২১ তারিখে ডিসিসিআই আয়োজিত পর্যটন খাতের উদ্যোক্তা অংশীজনদের সাথে ভার্চুয়াল মতবিনিময় সভায় ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান প্রধান অতিথি হিসেবে যোগদান করেন।

০৭ মার্চ, ২০২১ তারিখে মাননীয় শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ুন, এমপি এর সভাপতিত্বে অনুষ্ঠিত ন্যাশনাল প্রোডাক্টিভিটি কাউন্সিল-এর ১৬তম ভার্চুয়াল সভায় ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান অংশগ্রহণ করেন।

বাংলাদেশস্থ ভারতীয় দূতাবাস এবং ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর সহায়তায় দি প্লাস্টিক এক্সপোর্ট প্রমোশন কাউন্সিল অব ইন্ডিয়া কৃর্তক ৩০ মার্চ, ২০২১ তারিখে অনুষ্ঠিত ভার্চুয়াল বিটুবি সেশনের উদ্বোধনী সেশনে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান যোগদান করেন।

০৭ মার্চ, ২০২১ তারিখে ডিসিসিআই এস্টেট অ্যান্ড মেইনটেন্যান্স স্টান্ডিং কমিটির ২য় সভার ছবিতে ঢাকা চেম্বারের সভাপতি মনোয়ার হোসেন (বাম থেকে ষষ্ঠ), সম্বয়কারী পরিচালক হোসেন এ সিকদার (বাম থেকে পঞ্চম), আহ্বায়ক, যুগ্ম-আহ্বায়ক এবং কমিটির অন্যান্য সদস্যবৃন্দকে দেখা যাচ্ছে।

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), দৈনিক সমকাল এবং চ্যানেল ২৪ যৌথভাবে আয়োজিত 'প্রাক-বাজেট আলোচনা: অর্থবছর ২০২১-২২' শীর্ষক ওয়েবিনারে মাননীয় প্রধানমন্ত্রীর অর্থনৈতিক বিষয়ক উপদেষ্টা ড. মসিউর রহমান এবং ব্র্যাক-এর চেয়ারপার্সন ড. হোসেন জিল্লুর রহমান বিশেষ অতিথি হিসেবে যোগদান করেন। ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমানের সঞ্চালনায় ১০ এপ্রিল, ২০২১ তারিখে অনুষ্ঠিত এ মতবিনিময় সভায় ৪টি বিষয়ভিত্তিক সেশন অনুষ্ঠিত হয়।

০৩ এপ্রিল, ২০২১ তারিখে ডিসিসিআই আয়োজিত 'বাংলাদেশের প্রতিযোগী সক্ষমতা: ব্যবসা পরিচালন সূচকে অন্যতম অনুষঙ্গ' শীর্ষক ওয়েবিনারে মাননীয় প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ বিষয়ক উপদেষ্টা সালমান ফজলুর রহমান, এমপি প্রধান অতিথি এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আইন ও বিচার বিভাগ-এর সচিব মোঃ গোলাম সারওয়ার বিশেষ অতিথি হিসেবে যোগদান করেন। ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান এ ওয়েবিনারে সভাপতিত্ব করেন।

ডিসিসিআই আয়োজিত 'পবিত্র রমজান মাসে দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ' শীর্ষক ওয়েবিনারে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান, এমপি প্রধান অতিথি এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন-এর মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস বিশেষ অতিথি হিসেবে যোগদান করেন। ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান-এর সভাপতিত্বে ১১ এপ্রিল, ২০২১ তারিখে ওয়েবিনারটি অনুষ্ঠিত হয়।

ঢাকা চেম্বার আয়োজিত 'অটোমোবাইল শিল্পের উন্নয়ন: বর্তমান বাস্তবতা ও ভবিষ্যৎ সম্ভাবনা' শীর্ষক ওয়েবিনারে মাননীয় শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহ্‌মুদ হুমায়ুন, এমপি এবং বাংলাদেশে নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত ইতো নায়োকি যথাক্রমে প্রধান অতিথি এবং সম্মানিত অতিথি হিসেবে যোগদান করেন। ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমানের সভাপতিত্বে ১৮ এপ্রিল, ২০২১ তারিখে ওয়েবিনারটি অনুষ্ঠিত হয়।

২৪ এপ্রিল, ২০২১ তারিখে ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত 'শিল্প ও শিক্ষাখাতের সমন্বয়: শিক্ষাখাতের ভূমিকা' শীর্ষক ওয়েবিনারে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)-এর উপাচার্য অধ্যাপক সত্য প্রসাদ মজুমদার, বাংলাদেশ ইউনিভার্সিটি অফ প্রফেশনালস্ (বিইউপি)-এর উপ-উপাচার্য এম আবুল কাসেম মজুমদার, পিএইচডি, আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি-বাংলাদেশ (এআইইউবি)-এর উপাচার্য ড. কারম্যান জেড লামাগনা এবং ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশ (ইউল্যাব)-এর বিশেষ উপদেষ্টা ও ডীন প্রফেসর ইমরান রহমান প্রমুখ আলোচক হিসেবে যোগদান করেন।

২৭ এপ্রিল, ২০২১ তারিখে ঢাকা চেম্বার এবং বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) যৌথভাবে আয়োজিত 'বাংলাদেশে ব্যবসা পরিচালনায় ব্যয় হ্রাস কার্যক্রমে চলমান সংস্কার এবং ভবিষ্যতের প্রস্তুতি' শীর্ষক ভার্চুয়াল আলোচনা সভায় বিডা'র নির্বাহী চেয়ারম্যান মোঃ সিরাজুল ইসলাম প্রধান অতিথি এবং বিডা'র নির্বাহী সদস্য মোঃ বিল্লাল হোসেন বিশেষ অতিথি হিসেবে যোগদান করেন। ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমানের সঞ্চালনায় অনুষ্ঠিত মুক্ত আলোচনায় ডিসিসিআই পরিচালক মোঃ রাশেদুল করিম মুন্না, প্রাক্তন সভাপতি আসিফ ইব্রাহীম, প্রাক্তন পরিচালক দাতা মাগফুর এবং বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন'র সভাপতি কবীর আহমেদ প্রমুখ অংশগ্রহণ করেন।

০৩ এপ্রিল, ২০২১ তারিখে দৈনিক সমকাল আয়োজিত 'নকল পণ্য কিনবো না, নকল পণ্য বেচবো না' শীর্ষক ভার্চুয়াল আলোচনা সভায় ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান নির্ধারিত আলোচক হিসেবে অংশগ্রহণ করেন। জাতীয় সংসদের মাননীয় স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী, এম.পি., মাননীয় শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ুন, এম.পি. সহ সরকারী ও বেসরকারি সংস্থার প্রতিনিধিবৃন্দ উক্ত আলোচনা সভায় যোগদান করেন।

০৮ এপ্রিল, ২০২১ তারিখে অর্থ মন্ত্রণালয় আয়োজিত 'প্রস্তাবিত জাতীয় বাজেট ২০২১-২২' এর উপর ভার্চুয়াল মতবিনিময় সভায় মাননীয় অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল, এম.পি প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করেন। ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান সহ বিভিন্ন বাণিজ্য সংগঠনের প্রতিনিধিবৃন্দ সহ ব্যবসায়ী নেতৃবৃন্দ উক্ত আলোচনা সভায় অংশগ্রহণ করেন।

ইকোনোমিক রিপোর্টার্স ফোরাম (ইআরএফ) আয়োজিত 'বৈদেশিক বিনিয়োগ আকর্ষন এবং স্বল্পোন্নত দেশের তালিকা হতে বাংলাদেশের টেকসই উত্তোরণ' শীর্ষক ভার্চুয়াল ডায়ালগে মাননীয় পরিকল্পনা মন্ত্রী এম এ মান্নান, এম.পি. প্রধান অতিথি এবং বিডা'র নির্বাহী চেয়ারম্যান মোঃ সিরাজুল ইসলাম বিশেষ অতিথি হিসেবে অংশগ্রহণ করেন। ১৭ এপ্রিল, ২০২১ তারিখের ডায়ালগে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান নির্ধারিত আলোচক হিসেবে যোগদান করেন।

৩০ এপ্রিল, ২০২১ তারিখের অনুষ্ঠিত ঢাকা চেম্বারের ভার্চুয়াল মতবিনিময় সভায় ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান, ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ, সহ-সভাপতি মনোয়ার হোসেন, পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দসহ প্রাক্তন সভাপতিবৃন্দ অংশগ্রহণ করেন।

স্ট্যান্ডার্ড চার্টার্ড সাদিক, মালয়েশিয়া কর্তৃক ১২ এপ্রিল, ২০২১ তারিখে আয়োজিত 'হালাল ৩৬০: হালাল ইকোসিস্টেমে ব্যবসায়িক প্রতিষ্ঠানের সম্পৃক্ততা' বিষয়ক ওয়েবিনারে আলোচক হিসেবে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান যোগদান করেন।

মে ২০২১

২৯ মে ২০২১ তারিখে ঢাকা চেম্বার আয়োজিত 'স্বল্পোন্নত দেশ থেকে বাংলাদেশের উত্তোরণ: অর্থনৈতিক প্রবৃদ্ধির অগ্রযাত্রা' শীর্ষক ওয়েবিনারে মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্যসচিব ড. আহমদ কায়কাউস প্রধান অতিথি এবং অর্থ মন্ত্রণালয়ের অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব ফাতিমা ইয়াসমিন এবং এফবিসিসিআই'র সভাপতি মো. জসিম উদ্দিন বিশেষ অতিথি হিসেবে অংশগ্রহণ করেন। ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত ওয়েবিনারে নির্ধারিত আলোচনায় এমসিসিআই সভাপতি ব্যারিস্টার নিহাদ কবীর, ডব্লিউটিও-এর এলডিসি ইউনিট অফ দি ডেভেলপমেন্ট ডিভিশন-এর প্রধান তৌফিকুর রহমান এবং বাংলাদেশ অর্থনৈতিক সমিতি'র সাবেক সভাপতি ড. মইনুল ইসলাম অংশগ্রহণ করেন।

০৫ মে, ২০২১ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয় আয়োজিত 'এলডিসি উত্তোরণ: পরিকল্পনা, বাস্তবায়ন এবং পর্যবেক্ষণ' বিষয়ক কমিটির ১ম সভায় মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ড. আহমদ কায়কাউস, ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমানসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিবগণ ও বেসরকারি খাতের প্রতিনিধিবৃন্দ এ সময় অংশগ্রহণ করেন।

৪ মে ২০২১ তারিখে ইকোনোমিক রিপোর্টার্স ফোরাম (ইআরএফ) আয়োজিত 'সামষ্টিক অর্থনীতি: জাতীয় বাজেটে প্রত্যাশা' শীর্ষক ওয়েবিনারে প্রধানমন্ত্রীর অর্থনৈতিক বিষয়ক উপদেষ্টা ড. মসিউর রহমান প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করেন। ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান, প্রাক্তন সভাপতি আফতাব-উল ইসলাম, এফসিএ, বিল্ড চেয়ারপার্সন আবুল কাসেম খান, এমসিসিআই সভাপতি ব্যারিষ্টার নিহাদ কবীর সহ বেসরকারী গবেষণা সংস্থা ও বাণিজ্য সংগঠনের নেতৃবৃন্দ আলোচক হিসেবে যোগদান করেন।

১৯ মে, ২০২১ তারিখে দৈনিক সমকাল আয়োজিত 'দুর্যোগ ব্যবস্থাপনা ২০২১-২৫-এর জন্য জাতীয় পরিকল্পনা: বেসরকারি খাতের অংশগ্রহণ' শীর্ষক ভার্চুয়াল আলোচনা সভায় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ড. মোঃ এনামুর রহমান, এমপি প্রধান অতিথি এবং ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান নির্ধারিত আলোচক হিসেবে যোগদান করেন।

০৮ মে, ২০২১ তারিখে অনুষ্ঠিত 'বাংলাদেশে এডিআর কার্যক্রমের সম্প্রসারণ: সম্ভাবনা ও চ্যালেঞ্জ' শীর্ষক ওয়েবিনারে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান যোগদান করেন।

১০ মে, ২০২১ তারিখে এফবিসিসিআই'র নবনির্বাচিত সভাপতি মোঃ জসিম উদ্দিন (বামে) কে ফুলেল শুভেচ্ছা জানাচ্ছেন ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান (ডানে)।

৩১ মে, ২০২১ তারিখে বাংলাদেশ ফরেন ট্রেড ইন্সটিটিউট (বিএফটিআই) আয়োজিত 'কমপ্রিহেনসিভ ইকোনোমিক পার্টনারশীপ এগ্রিমেন্ট' বিষয়ক ভার্চুয়াল সভায় বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. মোঃ জাফর উদ্দীন সহ ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান প্রমুখ অংশগ্রহণ করেন।

২৪ মে ২০২১ তারিখে জেনারেশন আনলিমিটেড বাংলাদেশ চাপ্টার-এর সভাপতি মোঃ আবুল কালাম আজাদ-এর সঞ্চালনায় অনুষ্ঠিত 'জেনারেশন আনলিমিটেড'-এর টাস্কফোর্সের ভার্চুয়াল সভায় অন্যান্যাদের মাঝে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান যোগদান করেন।

দি ডেইলি স্টার এবং এ্যাকশন এইড যৌথভাবে ৩১ মে ২০২১ তারিখে আয়োজিত '২০২১-২২ অর্থবছরের বাজেটের সাথে অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনার সমন্বয়; তরুণদের প্রত্যাশা' শীর্ষক ভার্চুয়াল সভায় ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান, বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্ণর ড. আতিউর রহমান, সিপিডি'র সম্মানীয় ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য, বিশিষ্ট অর্থনীতিবিদ এম এম আকাশ প্রমুখ অংশগ্রহণ করেন।

বিল্ডের চেয়ারপার্সন আবুল কাসেম খান-এর সভাপতিত্বে ২৩ মে, ২০২১ তারিখে অনুষ্ঠিত সিএমএসএমইদের প্রদত্ত প্রণোদনা পুনঃমূল্যায়ন বিষয়ক বিল্ডের ওয়েবিনারে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান অংশগ্রহণ করেন।

০৫ মে, ২০২১ তারিখে সিপিডি আয়োজিত 'আয় ও কর্মসংস্থান' বিষয়ক ওয়েবিনারে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান, সিপিডি'র চেয়ারম্যান প্রফেসর রেহমান সোবহান, সম্মানীয় ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য, স্কয়ার ফার্মাসিউটিক্যাল-এর ব্যবস্থাপনা পরিচালক তপন চৌধুরী, বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন-এর সভাপতি কামরান টি রহমান প্রমুখ অংশগ্রহণ করেন।

১৮ মে, ২০২১ তারিখে দি বিজনেস স্ট্যান্ডার্ড আয়োজিত প্রাক-বাজেট ভার্চুয়াল আলোচনা সভার ছবিতে ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান, এনবিআরের প্রাক্তন চেয়ারম্যান আব্দুল মজিদ, বিশ্বব্যাংক-এর প্রাক্তন লিড অর্থনীতিবিদ ড. জাহিদ হোসেন এবং পিআরআই-এর নির্বাহী পরিচালক ড. আহসান এইচ মানসুর প্রমুখ অংশগ্রহণ করেন।

প্রাইভেট এমপ্লয়ীজ এসোসিয়েশন কর্তৃক ২২ মে, ২০২১ তারিখে আয়োজিত 'কোভিড-১৯ বাস্তবতায় বেসরকারি খাতের কর্মসংস্থান সৃষ্টি : জাতীয় বাজেট ২০২১-২২-এ প্রত্যাশা' বিষয়ক ভার্চুয়াল আলোচনা সভায় ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান অংশগ্রহণ করেন।

সানেম পরিচালিত 'বাংলাদেশের জাতীয় অর্থনীতিতে কোভিড-১৯ মহামারীর প্রভাব' বিষয়ক সার্ভে রিপোর্ট-এর উপর ভার্চুয়াল আলোচনা সভায় ঢাকা চেম্বারের সভাপতি নির্ধারিত আলোচক হিসেবে যোগদান করেন।

ডিসিসিআই ফাউন্ডেশনের পক্ষ থেকে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান (ডান থেকে তৃতীয়), মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ড. আহমদ কায়কাউস (ডান থেকে চতুর্থ)-এর নিকট 'মাননীয় প্রধানমন্ত্রীর করোনা সহায়তা তহবিল'-এ আর্থিক অনুদানের চেক হস্তান্তর করছেন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা, এমপি (বামে) ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে চেক গ্রহণ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। ১০ জুন, ২০২১ তারিখের ছবিতে ডিসিসিআই উর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ (ডান থেকে দ্বিতীয়) এবং সহ-সভাপতি মনোয়ার হোসেন (ডানে) কে ছবিতে দেখা যাচ্ছে।

সংবাদ মাধ্যমের প্রতিনিধিবৃন্দের উপস্থিতিতে প্রস্তাবিত জাতীয় বাজেট ২০২১-২২ এর উপর ডিসিসিআই'র তাৎক্ষণিক প্রতিক্রিয়া জানাচ্ছেন ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান (মাঝে)। ০৩ জুন, ২০২১ তারিখের ছবিতে ডিসিসিআই উর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ (বামে) এবং সহ-সভাপতি মনোয়ার হোসেন (ডানে) কে দেখা যাচ্ছে।

১৯ জুন, ২০২১ তারিখে ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত 'বাংলাদেশের শিল্পখাতের জ্বালানি উৎসের ভবিষ্যৎ : এলপিজি এবং এলএনজি' শীর্ষক ওয়েবিনারে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিনিয়র সচিব মোঃ আনিছুর রহমান এবং বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন-এর সদস্য (গ্যাস) মোঃ মকবুল-ই-ইলাহী চৌধুরী যথাক্রমে প্রধান অতিথি ও বিশেষ অতিথি হিসেবে যোগদান করেন।

০৭ জুন, ২০২১ তারিখে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)-এর মধ্যকার সমঝোতা স্মারক স্বাক্ষর ভার্চুয়ালি অনুষ্ঠিত হয়। ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান এবং বুয়েটের উপাচার্য অধ্যাপক সত্য প্রসাদ মজুমদার নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং বাংলাদেশস্থ ভিয়েতনাম দূতাবাসের মধ্যকার সহযোগিতা স্মারক স্বাক্ষরের পর তা হস্তান্তর করছেন ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান (ডানে) এবং ভিয়েতনামের রাষ্ট্রদূত ফাম ভিয়েত চিয়েন (বাম থেকে দ্বিতীয়)। ২০ জুন, ২০২১ তারিখের ছবিতে ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে মবিন, এফসিএস, এফসিএ (ডান থেকে দ্বিতীয়) এবং সহ-সভাপতি মনোয়ার হোসেন (ডান থেকে তৃতীয়) কে দেখা যাচ্ছে।

মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ড. আহমদ কায়কাউস (বাম থেকে দ্বিতীয়), ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান (ডান থেকে দ্বিতীয়), ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ (বামে) এবং সহ-সভাপতি মনোয়ার হোসেন (ডানে) কে ২৮ জুন, ২০২১ তারিখে অনুষ্ঠিত সৌজন্য স্বাক্ষাৎ পরবর্তী গ্রুপ ছবিতে দেখা যাচ্ছে।

বাণিজ্য মন্ত্রণালয়ের নবনিযুক্ত সচিব তপন কান্তি ঘোষ (ডান থেকে দ্বিতীয়) কে ' জেনেসিস অব ডিসিসিআই' গ্রন্থ উপহার দিচ্ছেন ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান (ডানে)। ০৮ জুন, ২০২১ তারিখের ছবিতে ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ (বাম থেকে দ্বিতীয়) এবং সহ-সভাপতি মনোয়ার হোসেন (বামে) কে এ সময় দেখা যাচ্ছে।

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক)-এর চেয়ারম্যান এ বি এম আমিন উল্ল্যাহ নূরী (ডান থেকে দ্বিতীয়) কে 'জেনেসিস অব ডিসিসিআই' গ্রন্থ উপহার দিচ্ছেন ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান (বাম থেকে দ্বিতীয়)। ১৬ জুন, ২০২১ তারিখের ছবিতে ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ (ডানে) এবং সহ-সভাপতি মনোয়ার হোসেন (বামে) কে এ সময় দেখা যাচ্ছে।

১৩ জুন, ২০২১ তারিখে এফবিসিসিআই সভাপতি মোঃ জসিম উদ্দিন (বাম থেকে অষ্টম)-এর সাথে সাক্ষাৎকার পরবর্তী গ্রুপ ছবিতে ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান (ডান থেকে ষষ্ঠ), ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে এ মবিন, এফসিএস, এফসিএ (ডান থেকে পঞ্চম), সহ-সভাপতি মনোয়ার হোসেন (ডান থেকে চতুর্থ) এবং ডিসিসিআই পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দকে দেখা যাচ্ছে।

